পবিত্র মক্কা-মদিনার বিরুদ্ধে কুফফারদের
ষড়যন্ত্রের হৃদয়বিদারক আখ্যান
হারামাইনের
আর্তনাদ
মুফতি আবু লুবাবা শাহ মানসুর
এনামুল হক মাসউদ
অনূদিত

হারামাইনের আর্তনাদ

মূল
মুফতি আবু লুবাবা শাহ মানসুর

ভাষান্তর
এনামুল হক মাসউদ

সম্পাদনা
মুফতি আবু মাহমুদ
কাজী আবুল কালাম সিদ্দীক
আলী হাসান উসামা

আর-রিহাব পাবলিকেশন্স
[বিশুদ্ধ প্রকাশনার নতুন আঙিনা]

হারামাইনের আর্তনাদ

মূল : মুফতি আবু লুবাবা শাহ মানসুর

ভাষান্তর : এনামুল হক মাসউদ

প্রকাশক : মোহাম্মাদ হাবিবুর রহমান

প্রকাশনায় : আর-রিহাব পাবলিকেশন্স
কওমী মার্কেট (২য় তলা) ৬৫-৬৬/১ প্যারীদাস রোড
বাংলাবাজার, ঢাকা-১১০০
দূরালাপন : ০১৯৭৩-৫৬৩১১৬

প্রচ্ছদ : আবুল ফাতাহ মুন্না

প্রথম প্রকশ : নভেম্বর ২০১৯ ঈসায়ী

অনলাইন পরিবেশক
pothikshop.com
AdDeen Shop
rokomari.com
ruhamashop.com
sijdah.com
wafilife.com

মুদ্রিত মূল্য : চার কালার : ৫০০/= পাঁচশত টাকা মাত্র।
এক কালার : ৪৪০/= চারশত চল্লিশ টাকা মাত্র।

"হারামাইনের পবিত্র ভূমি থেকে
কাফের সৈন্যদের বিতাড়িত করা
গোটা মুসলিম উম্মাহর উপর ফরজ।"
[বিজ্ঞ উলামা-মাশায়েখদের ঐকমত্য ফতোয়া]

অর্পণ

হারামাইন শরিফাইনের নামে

যার সম্মান ও পবিত্রতা রক্ষায়

খলিফাতুর রাসূল ওমর ইবনুল খাত্তাব
রাদিআল্লাহু আনহু

থেকে

ওমরে সালেস বীর মুজাহিদ মোল্লা
মুহাম্মাদ ওমর রাহিমাহুল্লাহ পর্যন্ত

এবং

ইসলামের বীর সেনানী সুলতান সালাহ
উদ্দীন আইউবী রাহিমাহুল্লাহ

থেকে

মহান মর্দে মুজাহিদ শায়েখ উসামা
বিন লাদিন রাহিমাহুল্লাহ পর্যন্ত

যাদের

একাগ্রতা ও দৃঢ়তা, সাহসিকতা ও
বীরত্ব,

ত্যাগ ও আত্মোৎসর্গের জীবন্ত ধারা
আজও চলমান।

—লেখক

সম্পাদকের কথা

হারামাইন—মুসলমানের জীবনের স্পন্দন। হৃদয়ের অনুরণন। অস্তিত্বের শিকড়। সেই হারামাইন আজ ইসলাম ও মুসলিম উম্মাহর শত্রুদের দখলে। আমাদের প্রথম কেবলা এবং বর্তমান কেবলা কোনোটাই তাদের হিংস্র থাবা থেকে মুক্ত নয়। প্রতি মুহূর্তে অন্তরে আশঙ্কা বিরাজ করতে থাকে, কখন না আবার কী হয়ে যায়! আমাদের অবস্থা দেখলে মনে হয়, আমরাও আবদুল মুত্তালিবের মতো আল্লাহর ঘর রক্ষার দায়িত্ব আল্লাহকে সঁপে দিয়ে নিজেরা ব্যস্ত হয়েছি নিজেদের দুনিয়া নিয়ে।

বনি ইসরাইলের মতো বলে চলেছি, 'তুমি এবং তোমার প্রতিপালক গিয়ে লড়াই করতে থাকো। আমরা এখানে বসে থাকব।' অধিকাংশ মুমিন তো এসব বিষয় পুরোপুরি উপেক্ষা করে। দেহের ক্ষত এবং ব্যথার প্রচণ্ডতা সম্পূর্ণ এড়িয়ে চলে। তারা সব জেনেও না জেনে থাকার ভান করে। দুনিয়ার নেশায় বুঁদ হয়ে থেকে সব দুঃখ-বেদনা ঘুচিয়ে ফেলতে চায়। কিন্তু তারা জানে না, তাদের জন্য আগামী দিনগুলোতে কী ভয়াবহ পরিস্থিতি অপেক্ষা করছে। এ তো নিজেদের অস্তিত্বের প্রশ্ন। গোটা উম্মাহ এখনই যদি সজাগ না হয়, তাহলে ধ্বংসের হিংস্র ছোবল থেকে কেউই নিরাপদ থাকতে পারবে না।

মুসলিম উম্মাহর দরদী মনীষী, জাগরণের সারথি মুফতি আবু লুবাবা শাহ মানসুর (হাফিজাহুল্লাহ) বক্ষ্যমাণ গ্রন্থে দরদী ভাষায় তুলে ধরেছেন হারামাইনের আর্তনাদ। শাইখ হুজাইফির হারামাইন-সম্পর্কিত দুটো ঐতিহাসিক ভাষণের মাধ্যমে গ্রন্থের সূচনা করেছেন। এরপর ধারাবাহিকভাবে শাইখ উসামার একটি ঐতিহাসিক বার্তা, উলামা-মাশায়িখের প্রতি শাইখ উসামার হৃদয়-নিংড়ানো কিছু কথা ও উদাত্ত আহ্বান, শাইখের জীবনের কিছু অপ্রকাশিত তথ্য, আরব উপদ্বীপ সম্পর্কে *যরবে মুমিন* পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ-নিবন্ধ এবং সর্বশেষ উপসাগরীয় সমস্যা সম্পর্কে লব্ধপ্রতিষ্ঠ, গ্রহণযোগ্য ও প্রথিতযশা মুফতিগণের ফাতওয়া সংকলন করেছেন।

বক্ষ্যমাণ গ্রন্থের লেখককে নতুন করে পরিচয় করিয়ে দেওয়ার কিছু নেই। *আকসার কান্না/ আকসার অশ্রু* এবং *স্পেন টু আমেরিকা* বইয়ের মাধ্যমে ইতোমধ্যেই তিনি সত্যানুসন্ধিৎসু পাঠকদের অন্তরে স্থান করে নিয়েছেন। উম্মাহর এই ক্রান্তিকালীন পরিস্থিতিতে তিনি নির্ভয়ে উম্মাহকে দেখিয়ে চলছেন সরল পথের দিশা। তার লেখার অন্যতম বিশেষত্ব হলো,

তত্ত্ব, তথ্য ও দরদের মিশেলে শ্রোতাচিত্তের গভীরতম স্থানটি তিনি খুব সহজেই জয় করে নিতে পারেন। আরও সহজ করে বললে, বর্তমান সময়ে তার দৃষ্টান্ত শুধুই তিনি। তবে একটা বিষয়ে নিজেদের অবস্থান পরিষ্কার রাখা সমীচীন মনে করছি, যারা সহিহ আকিদা ও সঠিক মানহাজ লালন করেন, পাশাপাশি বিগত অর্ধশতাব্দীর রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে খবর রাখেন, তাদের অনেকেই হয়তো লেখকের পাকিস্তান-সম্পর্কিত দৃষ্টিভঙ্গির সঙ্গে সহমত পোষণ করবেন না। আর মিল্লাতে ইবরাহিম ও আল-ওয়াল ওয়াল-বারা'র দৃষ্টিকোণ থেকে এক্ষেত্রে তার দৃষ্টিভঙ্গি সমর্থন করা সংগতও মনে হয়নি। তবে একমাত্র কুরআনুল কারীম ব্যতীত আর কোনো গ্রন্থই যেহেতু সংশয়-সন্দেহের উর্ধ্বে নয়, তাই এই একটা বিষয়কে সচেতনভাবে এড়িয়ে গ্রন্থের অন্যসব বিষয় থেকে যেকোনো সচেতন তাওহিদবাদী পাঠক খুব ভালোভাবেই উপকৃত হতে পারবেন।

আল্লাহ তা'আলা এ গ্রন্থের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে উত্তম প্রতিদান দান করুন। আমাদের নেতিয়ে পড়া চেতনা পুনর্জাগ্রত করার এবং হারিয়ে যাওয়া গৌরব পুনরুদ্ধার করার তাওফিক দান করুন। আমিন।

আলী হাসান উসামা
২৩/০৭/২০১৯

অনুবাদকের জবানবন্দি

সকল প্রশংসা সেই মহান প্রতিপালকের জন্য যিনি আমাদের খালিক ও মালিক। সর্ব প্রকার শুকরিয়া ও কৃতজ্ঞতা সেই পবিত্র সত্তার জন্য যিনি আমাদেরকে ঈমান ও ইসলামের মতো মহান নিয়ামত দিয়ে ধন্য করেছেন। লক্ষ-কোটি দুরুদ ও সালাম সেই নাবীউস সাইফ এবং নাবীউল মালাহিম, রাহমাতুল লিল আলামিনের প্রতি যিনি মৃত্যুসজ্জায় তাঁর উম্মাতকে **"তোমরা ইহুদি-খ্রিষ্টানদের আরব উপদ্বীপ থেকে বের করে দাও"** বলে অসিয়াত করে কিয়ামত পর্যন্ত আগত সকল শত্রু ও তাদের সব ধরনের ষড়যন্ত্র সম্পর্কে শুধুমাত্র অবহিত করেই ক্ষান্ত হননি বরং তাদের সাথে উম্মাহর আচরণ ও তাদের সেই ষড়যন্ত্রসমূহের মূলোৎপাটনের কার্যকরী পথ ও পন্থাও নিজ জীবনে আমল করে দেখিয়ে দিয়ে গেছেন।

সম্মানিত পাঠক! আজ থেকে পাঁচ বছর আগের কথা। মুহতারাম বন্ধুবর মাওলানা আবু লুবাবা মুহাম্মাদ সালমান ভাইয়ের বাসার ড্রয়িং রুমে সাজানো কিতাবের শোকেসের মনোরম দৃশ্য অবলোকন করছিলাম। হঠাৎ করেই শোকেসের এক কোণে পুরাতন একটি কিতাবের নামের ওপর দৃষ্টি আটকে যায়। ***"হারামাইন কি পুকার"***। লেখক মুফতি আবু লুবাবা শাহ মানসুর। পাকিস্তানের প্রখ্যাত সাপ্তাহিক পত্রিকা, সাপ্তাহিক ***যরবে মুমিনের*** সাহসী সম্পাদক। এক সময়ের ***যরবে মুমিনের*** নিয়মিত পাঠক হিসেবে লেখক ও তার গবেষণাধর্মী সাহসী লেখার সাথে পূর্ব পরিচয়ের কারণে সালমান ভাইয়ের অনুমতিক্রমে কিতাবটি শোকেস থেকে বের করে শুধুমাত্র সূচিপত্র দেখেই তা বাংলা অনুবাদের আগ্রহ প্রকাশ করলে সালমান ভাইও অনুবাদের কথা শুনে এবং কিতাবটির মূল বার্তাটি বর্তমান প্রজন্মের বাংলাভাষী পাঠকদের নিকট পৌছানোর গুরুত্ব অনুধাবন করে সাথে সাথেই কিতাবটি স্বানন্দ চিত্তে আমাকে দিয়ে দেন। আমিও কিতাবটি অনুবাদের অভিপ্রায়ে গভীর অধ্যয়নে ডুবে যাই। এরই মধ্যে বিভিন্ন পরিস্থিতির শিকার হয়ে বেশ কয়েকবার কর্মস্থল পরিবর্তনের কারণে কাঙ্ক্ষিত কিতাবটি আমার সংগৃহিত কিতাবের ভিড়ে হারিয়ে যায়। যা অনেক তালাশ করেও আর কোনভাবেই খুঁজে পাচ্ছিলাম না। এরই মধ্যে কেটে গেছে বেশ কয়েক বছর এবং জীবনেও এসেছে অনেক চড়াই-উৎরাই। এরই মধ্যে বিভিন্ন ব্যাস্ততায় কিতাবটির কথা একরকম ভুলেই গিয়েছিলাম । অবশেষে ২০১৮ সালের এক রৌদ্রোজ্জ্বল দুপুরে কর্মস্থল থেকে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বাড়িতে নিয়ে

আসা কিতাবের বস্তা খুলে রোদে শুকিয়ে শোকেসে সাজানোর প্রাক্কালে স্নেহাস্পদ মারুফ বিল্লাহ তাকীর হাতে ধরা পড়ে কাঙ্ক্ষিত কিতাবটি। বিশ্বাস করুন, প্রিয় পাঠক! তখনকার আনন্দঘন মুহূর্তটির কথা আপনাকে ভাষায় বুঝাতে আমার কলম অক্ষম। অতঃপর আর কোন কালক্ষেপণ নয়। পরের দিনই বসে যাই অনুবাদের টেবিলে। হাঁটি হাঁটি পা পা করে ধীর গতিতে এগিয়ে চলে আমার কাঁচা হাতের আনাড়ি অনুবাদ। অনুবাদ যখন প্রায় শেষের দিকে এবং সম্ভাব্য প্রকাশনা ও দৃষ্টি নন্দন প্রচ্ছদটিও যখন প্রস্তুত। এক কথায় অনুবাদক যখন তার হৃদয়াকাঙ্খিত সৃজনশীল কর্মটি সম্পাদনের সুন্দর একটি সুখ-স্বপ্নে বিভোর তখনই ঘটল জীবনের আরেকটি ছন্দপতন। আরেকটি দুর্ঘটনা। এই ক্ষুদ্র জীবনের সবচেয়ে বড় ঈমানী পরীক্ষা। আর তা হলো ২০১৮ সালের ২২ মে সোমবার তথা চতুর্থ রমজানের মধ্য রজনীতে একেবারে অযাচিত ও অকল্পনীয়ভাবে অনুবাদের টেবিল থেকেই হয়ে গেলাম নবী ইউসুফ আলাইহিস সালামের পাঠশালার এক নগণ্য ছাত্র। অর্থাৎ তাগূতের কারাগারের অন্দকার প্রকোষ্ঠের মজলুম ও অসহায় বাসিন্দা।

সুপ্রিয় পাঠক! বিশ্বাস করুন! কারাগারের নির্মম পরিবেশের অসহনীয় যাতনার মাঝেও যে বিষয়টি আমার হৃদয়কে সবচেয়ে অধিক কষ্ট ও যাতনার তীরবিদ্ধ করেছে এবং বেদনার নোনা অশ্রু ঝরিয়েছে, এমনকি যা ছিল আমার নিজের মুক্তির আকাঙ্ক্ষা থেকেও অধিক কাম্য, তা হল কোনভাবে এই কিতাবটির অবশিষ্ট অনুবাদ সমাপ্ত হয়ে আপনাদের মতো বিজ্ঞ পাঠকদের হাতে পৌঁছা। আলহামদুলিল্লাহ, ছুম্মা আলহামদুলিল্লাহ, পরিবারের-পরিজনদের অক্লান্ত চেষ্টা এবং কিছু দোস্ত-আহবাবদের ইখলাসপূর্ণ নেক দু'আ ও হুব্বুনফিল্লাহর অনুপম দৃষ্টান্তের যৌথ প্রচেষ্টার ফলে মহান আল্লাহ তা'আলা মাত্র দুই মাস তিন দিনের মাথায় দুনিয়ার ক্ষুদ্র কারাগার থেকে জামিন দিয়ে মুক্ত পৃথিবীর বৃহৎ কারাগারে আগমনের সুযোগ দিয়েছেন। কিন্তু তারপরও বিভিন্ন শারীরিক অসুস্থতা ও দাওয়াতী সফরের ব্যস্ততা সর্বপোরি নিজে কম্পিউটার কম্পোজ না জানার ফলে অন্যকে দিয়ে টাইপ করানোর কারণে কম্পোজ বিভ্রাটজনিত প্রুফ সংশোধনের দীর্ঘ বিড়ম্বনার অবসান হয়ে লেখকের ভাষ্যমতে **"কলমের কালি দিয়ে নয় হৃদয়ের তপ্ত খুন দিয়ে লেখা"** হাজারো ঘুমন্ত পাঠকের হৃদয় জাগানিয়া ঈমানদীপ্ত কিতাবটির বাংলা অনুবাদ এখন আপনাদের হাতে।

আলহামদুলিল্লাহিল্লাযি বিনি'মাতিহি তাতিম্মুস-সালিহাত।

কিতাবটি পাঠকালে বিজ্ঞ পাঠককে একটি কথা অবশ্যই স্মরণ রাখতে হবে– কিতাবটি আজ থেকে প্রায় দুই যুগ আগে রচিত। সেই তুলনায় বর্তমান পরিস্থিতি কিন্তু আরও অনেক বেশী ভয়াবহ।

কিতাবটি প্রকাশনার এই শুভ মুহূর্তে যে কয়জন মানুষের কথা না বললেই নয়; তাদের প্রথমজন হলেন আমার প্রিয় হোম-মিনিস্টার ও শরিকে হায়াত, এবং আমার প্রায় প্রতিটি দীনী কাজের অনুপ্রেরণা, মুহতারামা উম্মে খাওলা। যার অফুরন্ত সহযোগীতা ও সীমাহীন কুরবানির ফলেই আল্লাহ তা'আলা আমাকে নির্বিঘ্নে মহান এ কাজটি সম্পাদন করার তাওফিক দিয়েছেন। তারপরেই যাকে স্মরণ না করলেই নয়; তিনি হলেন আমাদের আল-জামিআতুল ইসলামিয়া দারুল উলূম বরুড়া মাদরাসার সম্মানিত উস্তাদ, বিশ্ব মানচিত্র সম্পর্কে বিশেষজ্ঞ ব্যক্তিত্ব, বন্ধুবর মুহতারাম মুফতি জহির বিন তুরাব। যিনি অনুবাদের ক্ষেত্রে আমার আটকে যাওয়া জটিল ও কঠিন স্থানগুলোসহ কিতাবের শেষ অধ্যায়টি অর্থাৎ **"আরব উপদ্বীপ সম্পর্কে বিজ্ঞ উলামায়ে কেরামের ফতোয়া"** অংশটির অনুবাদ করে দিয়েছেন। অপরজন হলেন উম্মাহর জন্য আদর্শ মা গড়ার সুনিপুণ কারিগর, আয়েশা সিদ্দিকা রাদি. মহিলা মাদরাসার সম্মানিত মুহাদ্দিস, আমার দেখা অত্যন্ত নির্মল চরিত্রের চমৎকার একজন মানুষ, বন্ধুবর মাওলানা আবু লাবীব মুহাম্মাদ ইউনুস ভাই। যিনি কিতাবটির কম্পোজের দায়িত্বসহ এ ব্যাপারে আমার মতো একজন অনবিজ্ঞ মানুষের নানা রকম জ্বালাতন অম্লান বদনে সহ্য করেছেন এবং কিতাবটি অনুবাদের ক্ষেত্রে আমাকে বিভিন্নভাবে অনুপ্রাণিত করেছেন। চতুর্থজন হলেন- আমার অনুবাদ কর্মের শ্রদ্ধাভাজন উসতায, বাংলা সাহিত্যকে যিনি দীনের খিদমত মনে করে নীরবে কাজ করে যাচ্ছেন। আমার এই ক্ষুদ্র জীবনে দেখা ফিরিশতা চরিত্রের লোকদের অন্যতম ও অখ্যাত একজন নুরানী মানুষ। যিনি বহু রজনীর আরামের সুখনিদ্রাকে হারাম করে তার নিয়মিত রুটিনেরও বাহিরে অক্লান্ত পরিশ্রম করে আমার মতো আনাড়ি অনুবাদকের কাঁচা অনুবাদকে পাঠকের পাঠোপযোগী করে তুলেছেন; তিনি হলেন বন্ধুবর মুহতারাম মুফতি আবু মাহমুদ হাফি.। এই তালিকার আরও দুজন পরম সুহৃদ হলেন বর্তমান সময়ে লেখালেখির জগতের অত্যন্ত সুপরিচিত নাম আমার হুব্বুনফিল্লাহর একান্ত সহযাত্রী মুহতারাম কাজী আবুল কালাম সিদ্দীক ভাই ও মুহতারাম আলী হাসান উসামা। যারা শত ব্যস্ততা সত্বেও শুধুমাত্র দীনের নিসবতেই খুবই অল্প সময়ে পুরো গ্রন্থটিকে সম্পাদনা নিরীক্ষণ করে দিয়ে পাঠোপযোগিতার পূর্ণতা দান করেছেন। বিশেষ করে

মুহতারাম আলী হাসান উসামা। যিনি তার মূল্যবান সম্পাদকের কথা লিখে দিয়ে আমাকে কৃতজ্ঞতার বাহুডোরে আবদ্ধ করেছেন। আল্লাহ তা'আলা তাদের সকলের গোটা জীবনে বারাকাহ দান করুন এবং তাদের প্রত্যেককেসহ আরও যারা এই গ্রন্থের অনুবাদ ও প্রকাশনার ক্ষেত্রে বিভিন্নভাবে অনুপ্রেরণা দিয়েছেন ও সহযোগিতা করেছেন সকলকে মহান রব তার শান অনুযায়ী প্রতিদান দিয়ে ভূষিত করুন।

অবশেষে এ বই পাঠ করে একজন পাঠকও যদি উম্মাহর এই চরম দুর্দিনে নিজের যথাযথ করণীয় সম্পর্কে অবহিত হয়ে স্বীয় কর্মপন্থা নির্ধারণে সক্ষম হন; তাহলে আমরা আমাদের শ্রম সার্থক জ্ঞান করব। সম্মানিত পাঠকের খিদমতে নিবেদন, পৃথিবীতে একমাত্র আল্লাহ তা'আলার অবতীর্ণ মহা গ্রন্থ আল-কুরআন ব্যতীত আর কোন গ্রন্থই নির্ভুল নয়। তাই এ গ্রন্থটিকেও আমরা নির্ভুল দাবি করতে পারছি না। তবে আমাদের সাধ্যমতো চেষ্টা করেছি ভুল কমানোর। তথাপিও মানুষ মাত্রই ভুলত্রুটি থেকে যাওয়া অস্বাভাবিক নয়। সুতরাং সচেতন পাঠকের সন্ধানী দৃষ্টি কোথাও হোঁচট খেলে সে দোষ মূল লেখকের নয়, বরং আমার নিজের এবং উক্ত ভুল সম্পর্কে অবহিত করলে পরবর্তীতে তা সংশোধনের প্রতিশ্রুতি রইল। আল্লাহ তা'আলা লেখকের ন্যায় অনুবাদক সম্পাদক প্রকাশক ও পাঠকসহ সকলকে কবুল করুন। আমিন। ইয়া রাব্বাশ শুহাদায়ি ওয়াল মুজাহিদীন।

মুহাম্মাদ এনামুল হক মাসউদ
১০ ই অক্টোবর ২০১৯ ঈসায়ী

পূর্ব কথা

ইসলামের ইতিহাসে এমন বহু ঘটনা সংঘটিত হয়েছে, যা ছিল মুসলমানদের জন্য চরম দুশ্চিন্তা উদ্রেককারী এবং হৃদয়ের রক্তক্ষরণকারী। কিন্তু বর্তমান শতাব্দীতে এমন এক ঘটনার অবতারণা হয়েছে, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওফাত-শোকের পর যা সবচে বেশি বেদনার, সর্বাধিক দুশ্চিন্তার। বাগদাদ ধ্বংসের ঘটনাও যার সামনে তুচ্ছ। উসমানী খেলাফতের পতনও যার সামনে অত্যন্ত নগণ্য। তা হলো জাজিরাতুল আরব—আরব উপদ্বীপের পবিত্র জমিনে যুদ্ধ সরঞ্জাম ও সৈন্যসামন্ত নিয়ে অপবিত্র ইহুদি-খ্রিষ্টানদের অনুপ্রবেশ। এই জঘন্য ঘটনার সূচনাটা হয়েছে এই শতাব্দীর মাঝামাঝি সময়ে; আরব উপদ্বীপের দক্ষিণাংশে ইহুদিদের স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার মধ্য দিয়ে। প্রথম কিবলার পতন থেকে সূচনা হয়ে বর্তমানে সশস্ত্র কাফের সৈন্যদের স্থায়ী সেনা ছাউনি পৌঁছে গেছে পবিত্র হারামাইন তথা মক্কা-মদিনার অভ্যন্তরে। মুসলিম বিশ্ব যদি এমনভাবে নির্জীব হয়ে জিহাদ-কিতালের কার্যকর ও পবিত্র ব্যবস্থাপনার সাথে এমনই সম্পর্কহীন থাকে, তাহলে অদূর ভবিষ্যতে না জানি কী দুর্দিন দিন দেখতে হয়!

এ সম্পর্কে উপসাগরীয় শাসকদের উদাসীনতা আর নীরবতার রহস্য তো সহজেই বোধগম্য হওয়ার মতো। কারণ, তাদেরকে দুনিয়ার ভোগ-বিলাষের পেছনে তাড়িত করা এবং জিহাদ ফি সাবিলিল্লাহ থেকে দূরে রাখার জন্য অনেক আগ থেকেই চলছে দীর্ঘমেয়াদী কর্ম-পরিকল্পনা ও গভীর ষড়যন্ত্র। অন্যথায় উক্ত ভূমিতে বসবাসকারী চার মিলিয়নেরও অধিক মুসলমান এতটা নীরব কীভাবে থাকে—এ বিষয়টি ভাবলে যে-কেউ বিস্মিত ও উদ্বিগ্ন হতে বাধ্য। বার বার সতর্ক করার পরও পুরো একটি জাতির কাছ থেকে এমন জঘন্য উপেক্ষা কেমন করে প্রকাশ পায়! বিষয়টি নিতান্তই আক্ষেপের ও আফসোসের, চরম দুঃখের ও হতাশার।

মনে হচ্ছে, তারা যেন কোনো অলৌকিক ঘটনা ঘটার আঁচ করতে পেরেছে। কিংবা অজানা কোনো মহাশক্তির নিশ্চিত অপেক্ষায় রয়েছে—যা তাদেরকে সমূহ এ মহাবিপদ থেকে রক্ষা করবে। তাইতো তারা প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ থেকে উদাসীন আর নিশ্চিন্ত হয়ে নিজেদের নিয়ে ভীষণ ব্যস্ত। আরাম-আয়েশের উপকরণ সংগ্রহে এতটা ব্যাকুল। তাদের মধ্যে দুদিন পর

নিঃশেষ হয়ে যাওয়া আয়েশী জীবন সাজাবার এত বেশি উন্মাদ-প্রতিযোগিতা।

অথচ তারা ভাবে না, মুসলমানেরা দীন-শরিয়তের কাজকে নিজেদের প্রয়োজনের ওপর প্রাধান্য না দিলে কখনোই দুনিয়ায় সফলতা লাভ করতে পারে না। তারা বুঝে না, তাদের আশপাশে যত নিরাপত্তা, আরাম-আয়েশ আর দুনিয়ার রূপ-লাবণ্য তারা দেখছে, তা কোনোভাবেই স্থায়ী শান্তি ও নিরাপত্তার গ্যারান্টি হতে পারে না। আসল স্থায়িত্ব তো হলো মহান রবের রাহে ও সাত আসমানের ওপর থেকে অবতীর্ণ পবিত্র দীনের হেফাজত ও পাহারাদারির পথে এসব কিছু উৎসর্গ করার মধ্যে। তবে এটা নিশ্চিত সত্য, মহান কুদরতের মালিক আল্লাহ তা'আলা তাঁর দীনের হেফাজতের জন্য কখনো কখনো প্রকৃতির ব্যতিক্রম কোনো উপায়ও বাস্তবে নিয়ে আসেন। কিন্তু এটা কখনোই বান্দার সেই ফরজ থেকে দায়মুক্তির কারণ নয়, যা তার ওপর অতি আবশ্যক করা হয়েছে। রবের পক্ষ থেকে এমন ঘটনার প্রকাশ, কোনোভাবেই দুনিয়াতে কারও জন্য নিশ্চিন্ত-উদাসীনতা আর অলসতার বৈধতা হতে পারে না। আর তা তাকে রোজ-কিয়ামতে আল্লাহর প্রশ্নের সম্মুখীন হওয়া থেকে বাঁচাতেও পারবে না। সে তখন এসব প্রশ্নের মুখোমুখি হবে, যখন তার মাঝে ও তার খালিক ও মালিক আল্লাহর মাঝে কোনো আড়াল থাকবে না।

মারাত্মক ভয় হয়, যদি এমন গুরুত্বপূর্ণ আর ভয়াবহ বিষয়ে মুসলিম বিশ্ব এভাবে নিঃশ্চুপ থাকে, না জানি আগামী প্রজন্ম তাদের পূর্বপুরুষদের বীরত্ব-সাহসিকতা আর ত্যাগের ইতিহাস ভুলে যায়। আর বলতে শুরু করে, তাদের বাপ-দাদারা না কোনো উন্নতির ধারক ছিল আর না তাদের কোনো সম্মান-মর্যাদা বা গৌরবের কোন বিষয় ছিল। বরং তাদের সবকিছু ছিনিয়ে নেওয়া হয়েছে আর তারা চেয়ে চেয়ে দেখেছে আর শুধু আফসোস করেছে। আর এখন জীবন চলার জন্য বাজি খেলার চেষ্টা করা বর্তমানে তাদের উত্তরসূরিদের একান্ত কর্তব্যে পরিণত হয়েছে। কারণ, এ ছাড়া ভিন্ন কোনো পথ আর তাদের বাকি নেই। আরও উৎকণ্ঠার বিষয়—মুসলমান যেভাবে আন্দালুসকে ভুলতে বসেছে, হারাতে বসেছে তাদের ইতিহাস-ঐতিহ্যকে, কদিন পর তারা নিজেদের অন্যের গোলাম আর সেবাদাস হিসেবেই কল্পনা করবে। মনে করবে, তারা ভূখণ্ডহীন, উদ্বাস্তু এক জাতি। কারণ, এখন তো বাইতুল মুকাদ্দাসের ওপর আফসোসকারী অনেক পাওয়া যায়, কিন্তু ইসরাইলের দখলকৃত মুসলিম অঞ্চলগুলো পুনরুদ্ধারের এতটুকুও ফিকির

নেই। কাশ্মীরের শোক তো তাদের আছে, কিন্তু হিন্দুদের দখলকৃত ওইসব বিশাল অঞ্চল যা মোগল শাসনের অন্তর্ভুক্ত ছিল, তা হারিয়ে যাওয়ার গ্লানি, ক্ষোভ আর পরাজয়ের লজ্জা একদমই নেই। মনে হয়, এগুলো আদৌ তাদের ছিল না কিংবা তাদের রাখবার যোগ্যতা চিরতরে ম্লান হয়ে গেছে।

ভীষণ আশঙ্কার বিষয়—না জানি আগামীতে তারা যখন জাজিরাতুল আরব তথা আরব উপদ্বীপের অন্যান্য পবিত্র ভূমিগুলোতে ইহুদি-খ্রিষ্টানদের অবৈধ অনুপ্রবেশের জোয়ার দেখতে পাবে, তারা তা প্রতিরোধ না করে, নিজেদের সার্বভৌমত্ব রক্ষা করা ব্যতিরেকে উল্টো এটাকে সাধারণ ঘটনা কিংবা দুর্যোগের অংশ মনে করা শুরু করে দেয়। শেষ পর্যন্ত চির গোলামি আর লাঞ্ছনার বেড়ি সাদরে বরণ করতে আরম্ভ করে। আল্লাহ রক্ষা করুন।

এই অন্যায় নীরবতা আর ধ্বংসাত্মক স্থবিরতাকে ছিন্ন করে, মুসলিম উম্মাহকে গুরুত্বপূর্ণ এই ফরিজা আদায়ে উৎসাহ যোগাতেই এই গ্রন্থের সংকলন। এতে নিম্নে বর্ণিত চারটি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১. বিষয়বস্তুর সাথে সম্পৃক্ত উদ্ধৃতি ও টীকা।

২. রেফারেন্সের সাথে পরীক্ষিত ও প্রমাণিত সুস্পষ্ট বিশ্লেষণ।

৩.গ্রন্থটির শেষে সংযুক্ত করে দেওয়া হয়েছে বিষয়সংশ্লিষ্ট মানচিত্র ও ছবি।

৪.রয়েছে পবিত্র হারামের ইমাম মুহতারাম আলী আবদুর রহমান আল-হুজাইফীর স্মরণীয় সেই ঐতিহাসিক খুতবা এবং মুসলিম বিশ্বের উদ্দেশ্যে মুজাহিদে ইসলাম, শাইখ উসামা বিন লাদেন রহ.-এর ঐতিহাসিক দু'টি চিঠি ও তার জীবনের বিরল কিছু গুরুত্বপূর্ণ তথ্য।

আরও রয়েছে উপসাগরীয় সমস্যা সম্পর্কে ***সাপ্তাহিক যরবে মুমিন***-এ প্রকাশিত মুফতি আবু লুবাবা শাহ-মানসুর হাফিজাহুল্লাহ-এর ধারাবাহিক প্রবন্ধসমূহ। আছে জাজিরাতুল আরব তথা আরব উপদ্বীপে কাফের সৈন্যদের উপস্থিতি সম্পর্কে বিজ্ঞ উলামায়ে কেরামের ফতোয়াসমূহ। এই গ্রন্থে পাঠক অবলোকন করবেন নিজেদের সরলতা ও অনুভূতিহীনতার অভিযোগ। অন্যদের ধূর্ততা ও প্রতারণার চিত্র। আছে আমাদের বিস্তারিত রোগের বর্ণনা। সাথে রয়েছে সমাধানের কার্যকরী প্রেসক্রিপশন। এসবগুলোর বিস্তারিত বর্ণনার প্রয়োজন অনুভব করছি। কারণ, বর্তমানে মুসলমানদের মধ্যে দুই প্রকার চিন্তার লোক পাওয়া যায়।

এক. নিরাপদে হজ ও উমরার সফর করতে পারায় যাদের বিশ্বাসই হয় না, ইহুদি-খ্রিষ্টানদের পক্ষ থেকে এত বড় আক্রমণ ও অবৈধ অনুপ্রবেশ ঘটে গেছে। বক্ষ্যমাণ গ্রন্থে বর্ণিত বাস্তবতা তাদের চোখ খুলে যাওয়া এবং মাথার ওপর এসে পৌঁছা তুফানের মূলোৎপাটনে কোমরে গামছা বেঁধে প্রস্তুত হবার নিমিত্তে যথেষ্ট হওয়া উচিত।

দুই. যারা উপরিউক্ত ঘটনাকে তো স্বীকার করে, কিন্তু এ সম্পর্কে তাদের নিজেদের ওপর অর্পিত দায়িত্বের ব্যাপারে কার্যকর কোনো পদক্ষেপ নেই। এ ব্যাপারে যথাযথ করণীয় নির্ধারণে গ্রন্থটি তাদেরকে পথ দেখাবে।

মুসলিম উম্মাহর প্রত্যেক ব্যক্তি তাদের নিজ নিজ শক্তি ও সামর্থ্যানুযায়ী হক-বাতিলের মধ্যে সংগঠিত এই যুদ্ধে অংশগ্রহণ করে, অনেক কিছুই করতে পারে। উলামায়ে কেরাম ও ওয়ায়েজিনে কেরাম তাদের ওয়াজ ও বক্তৃতায় উৎসাহের মাধ্যমে, ব্যবসায়ী ও বিত্তশালীরা আল্লাহর রাস্তায় লড়াইরত মুজাহিদদের প্রয়োজনে অর্থ-সম্পদ খরচ করে, যুবক ও তরুণরা তাদের পবিত্র যৌবন ও তারুণ্যকে আল্লাহর রাহে উৎসর্গ করে কিংবা নিজে কিছু করতে না পারলেও অন্তত অন্যদেরকে প্রস্তুত করার পাশাপাশি মুজাহিদদের জন্য বিজয় ও সাহায্যের দু'আ করে, মা-বোনেরা তাদের বাপ-ভাই ও স্বামী-সন্তানদেরকে কিতাল ফি সাবিলিল্লাহর জন্য প্রস্তুত করে ও মুজাহিদদের জন্য দু'আ করে এবং সাধারণ মানুষ, কাফির-মুশরিকদের সকল পণ্য-সামগ্রী বর্জনের মাধ্যমে—এই মহান ও পবিত্র প্রচেষ্টায় অংশগ্রহণ করতে পারে।

অবশেষে এই আবেদন করে লেখা সমাপ্ত করছি, হারামাইনের বিষয়টি এ উম্মাহর এমন একটি বিষয়—যার ওপর গোটা মুসলিম উম্মাহর ঐক্য হতে পারে। এজন্য ঐক্য ও সংহতির আহ্বায়ক সম্মানীত উলামায়ে কেরামকে এ ব্যাপারে বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। *যরবে মুমিন* এই বিষয়ে যা কিছু লিখেছে, তা এই বিষয়ে নিছক শুধুমাত্র শোক আর কান্না নয়, না এমন আর্তনাদ আর আত্মচিৎকার, যা অলসতা থেকে জাগ্রত করে হীনম্মন্যতায় নিক্ষেপ করবে; বরং তা একজন মুমিনের শিরা-উপশিরায় বিদ্যুৎ সঞ্চালনকারী, তনু-মনে উষ্ণতা সৃষ্টিকারী এমন জীবন্ত লেখা, যা মুসলিম উম্মাহর মাঝে জিহাদি প্রেরণার প্রাণ সঞ্চার করবে। দীনের বিজয়ের জন্য জীবন উৎসর্গে নিজেকে প্রস্তুত করতে এবং এ'লায়ে কালিমাতুল্লাহ তথা আল্লাহর কালিমা উঁচু করতে নিজের সবকিছু উৎসর্গ করার প্রেরণা সৃষ্টি করতেই ছাপা হয়েছে।

বিষয়টি শুধু উপসাগরের বিষয়ই নয়। কিংবা শুধু পবিত্র হারামাইনের বিষয় নয়, বাইতুল মুকাদ্দাস এবং হারামে ইবরাহিমীরও বিষয়। কুরতুবার জামে মসজিদ ও ফয়জাবাদের বাবরী মসজিদেরও বিষয়। প্রতিটি ওই পবিত্র ভূমিরও বিষয়, যেখানে সুদূর কিংবা নিকট অতীতে কখনও তাকবির ও তাহলিলের সুর-মূর্ছনা গুঞ্জরিত হয়েছিল। অথচ আজ সে স্থানগুলো বিরাণভূমি ও নিস্তব্ধতার শহরে পরিণত হয়ে আছে। প্রত্যেক সেই পবিত্র অঞ্চলের, যা কোন তাওহিদবাদীদের সেজদা দ্বারা আবাদ হিয়েছল, আজ মুশরিক এবং অভিশপ্ত ইহুদি-খ্রিষ্টানদের জবর দখলে নিরবে বিলাপরত।

এমন কি ততক্ষণ পর্যন্ত তাদের দখলে থাকবে, যতক্ষণ পর্যন্ত মুসলমান ইবাদতের পাশাপাশি নিজেদের সংরক্ষণকেও ফরজ মনে না করবে। সিজদার আদবের প্রতি লক্ষ্য রাখার পাশাপাশি সিজদার জায়গারও হেফাজত করবে। যেদিন থেকে তারা এই আদবসমূহের প্রতি লক্ষ রাখা শুরু করবে, সেদিন থেকে নিঃসন্দেহে তাদের পুনরায় উত্থানের সফর শুরু হয়ে যাবে। কেননা বিশ্বের ইতিহাস সাক্ষী, যে যুগেই মুসলমানদের মাঝে এই গুণ তৈরি হয়েছে, কোনো শক্তি-মহাশক্তি তাদেরকে পেরেশান করতে পারেনি। সর্বদা সফলতা তাদের পদচুম্বন করেছে। পুলক ও আনন্দ তাদের গলার মালা হয়েছে। বিজয় হয়েছে তাদের বুকের ব্যাজ। আল্লাহ তা'আলা এই মালা দিয়ে পুনরায় তাদের গলাকে অলঙ্কৃত করুন। আর সেই ব্যাজ দিয়ে তাদের সিনাকে সজ্জিত করুন। আমিন, ইয়া রব্বাল হারামাইন। আমিন, ইয়া রব্বাশ্ শুহাদা-ই ওয়াল মুজাহিদিন।

—সংকলক

সূচিপত্র

বিশ্বব্যাপী চাঞ্চল্য সৃষ্টিকারী মসজিদে নববীর প্রখ্যাত খতিব আবদুর রহমান আল-হুজাইফীর ঐতিহাসিক খুতবা

খুতবার পটভূমি

শাইখ আব্দুর রহমান আল-হুজাইফী। মসজিদে নববীর সম্মানিত খতিব। আকস্মিকভাবে ১৯৯৮ সালে ঈদুল আজহার আগের জুমআয় জাজিরাতুল আরবে অবস্থানকারী বৃটিশ-মার্কিন-ফরাসী সৈন্যদের বিরুদ্ধে সৌদি হুকুমতের প্রথাবিরোধী আগুনঝরা বক্তৃতা প্রদান করেন। বিশেষ করে শিয়াদের বিরুদ্ধে তাঁর অনড় অবস্থান, তাদের দৌরাত্ম্য স্পষ্ট হয়ে উঠেছিল তাঁর সেই খুতবায়। রাগে-ক্রোধে ফেটে পড়ছিলেন প্রতিটি শব্দের উচ্চারণে। ভাষণের প্রতিটি শব্দই ছিল বুক ঝাঁঝরা করা বারুদ। প্রশ্ন হলো, ইরানের সাবেক প্রেসিডেন্টের সরকারি সফর চলাকালীন সময়ে কেন তিনি হঠাৎ এমন কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করলেন শিয়াদের ব্যাপারে? শিয়াদের অভিহিত করলেন ইহুদি-খ্রিষ্টানদের চেয়েও আরও জঘন্য বলে?

অথচ সৌদি সরকারের রাজকীয় মেহমান হিসেবে স্বয়ং ইরানী প্রেসিডেন্ট রাফসানজানী মেহরাবের সামনেই উপস্থিত ছিলেন সে দিনের জুমআতে। নির্ভরযোগ্য সূত্রানুযায়ী এ ব্যাপারে মূল বিষয়টি খুবই তাৎপর্যপূর্ণ ও বেদনাদায়ক।

তাঁর দেওয়া ঐতিহাসিক খুতবার পরপরই সৌদি সরকার তাঁকে অন্তরীণ করে রাখে। বিশ্বব্যাপী এ খবর ছড়িয়ে পড়লে চিন্তাশীল মুসলমানদের মধ্যে অনুসন্ধিৎসা জন্ম নেয়। কেন তাঁকে বন্দি করা হলো? তাঁকে বন্দি করায় সৌদি জনমনেও মারাত্মক ক্ষোভের সৃষ্টি হয়। অবিশ্বাস্য হলেও সত্য, তিনিই একমাত্র খতিব, যাকে অন্তরীণ করার পর সৌদি হুকুমতের প্রথাবিরোধী হওয়া সত্ত্বেও মুক্তি দেওয়া হয়। মুক্তির পর তিনি 'আবহা' গমন করেন। সেখানে একটি বিশেষ বৈঠকে ব্যতিক্রমী এ খুতবার পটভূমি সম্পর্কে জানান।

তিনি বলেন, রাফসানজানি সৌদি আরব সফরে এলে তাঁকে মসজিদে নববী প্রদর্শন করাতে সরকারিভাবে আমাকে দায়িত্ব দেওয়া হয়। আমি জনাব রাফসানজানিকে নিয়ে রওজা মোবারকে হাজির হলাম। তিনি রাসুলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর দুরুদ পাঠ করে থেমে

গেলেন। আমি তাঁকে আরজ করলাম, সামনে হজরত আবু বকর ও হজরত উমর রাদিআল্লাহু আনহুম শায়িত।

রাফসানজানি বলল, 'এরা দুজনেই আল্লাহর অভিশপ্ত'। নাউজুবিল্লাহ! তাঁর এ মন্তব্যে আমি হতবাক হয়ে পড়লাম। মারাত্মক মর্মাহত হলাম তার এমন ধৃষ্টতাপূর্ণ বাক্যে। পরদিনই ছিল জুমআর দিন। আমি খুতবায় সত্যের বাণী উচ্চারণ করাকে স্বীয় ঈমানী দায়িত্ব মনে করলাম।'

সৌদি আরবে তাঁর এ খুতবার ব্যাপারে লোকমুখে একটি ঘটনা প্রসিদ্ধ রয়েছে। খুতবার আগের রাতে হুজাইফী রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে স্বপ্নে দেখেন। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শাইখ হুজাইফীকে অনুযোগ করে বলেন,

আমার রওজার সামনে দাঁড়িয়ে আমার সাথীদের অভিশাপ দেওয়া হচ্ছে, আমার রওজা ঘিরে ইহুদি-খ্রিষ্টান সৈন্যদের সদম্ভ পদচারণা। তোমাদের মুখ আর কতদিন এভাবে তালাবদ্ধ থাকবে?

রাফসানজানির ঘটনাটি সুনিশ্চিত। তার এমন দৌরাত্ম্যের ব্যাপারে সবাই ক্ষুব্ধ। শাইখ হুজাইফীর ভাষণের আগের স্বপ্নটির ব্যাপারে যদিও নির্ভরযোগ্য কোনো প্রমাণ নেই, তবে বিষয়টি গোটা সৌদি আরবের লোকমুখে খুবই প্রসিদ্ধ। সর্বোপরি এ কথা বলা যায়, হুজাইফীর আকস্মিক ব্যতিক্রমী খুতবার অন্তরালে অবশ্যই কোনো মহান কারণ আছে। শাইখ হুজাইফী একজন ব্যক্তিত্বসম্পন্ন মুত্তাকি আলেম। সারা বিশ্বে তাঁর প্রজ্ঞা, ব্যক্তিত্ব ও পরহেজগারি অনুসরণীয় দৃষ্টান্ত। যদি এমন বিস্ময়কর কিছু না-ও ঘটে থাকে, তবুও পবিত্র মক্কা-মদীনাকে ঘিরে ইহুদি-খ্রিষ্টান সৈন্য সমাবেশ, তাদের সৈন্যদের দ্বারা মক্কা-মদীনার পবিত্রতা বিনষ্ট হওয়ার পাশাপাশি জাজিরাতুল আরবের চতুর্দিকে অমুসলিমদের সমর-আয়োজন নিছক কোনো তুচ্ছ ঘটনা নয়। অতএব শাইখ হুজাইফীর সাহসী ও সময়োপযোগী এ খুতবা সময়ের দাবি ছিল। সময়ের সাহসী উচ্চারণ ও বিষয়বস্তুর গুরুত্ব অনুধাবনে শাইখ আব্দুর রহমান আল হুজাইফীর সেই ঐতিহাসিক খুতবাটি দিয়েই এই গ্রন্থ শুরু করা হলো।

১ম খুতবা

সমস্ত প্রশংসা মহান আল্লাহ তা'আলার , যিনি জগৎসমূহের প্রতিপালক, রাজাধিরাজ। যিনি সঠিক পথের দিশা ও সুনিশ্চিত বিশ্বাসের দ্বারা মুমিনদের

আত্মাকে করেছেন আলোকিত। আর শক্তিশালী করেছেন ওহীর বাণী দিয়ে তাদের অন্তর্চক্ষুকে। নিজ রহমতে যাকে ইচ্ছা তিনি হেদায়েত দান করেন। আর নিজ হিকমতে যাকে ইচ্ছা গোমরাহ-পথভ্রষ্ট করেন। কাফির ও মুনাফিকদের অন্তরাত্মা চির অন্ধ, তাতে হকের আলো একদম নেই। সকল সৃষ্টিতে তার প্রমাণ বিদ্যমান।

আমি আমার রবের প্রশংসা করছি। তাঁরই শোকর আদায় করছি। তিনি সত্তায়, ক্ষমতায় যেমন পরাক্রমশালী, অসীম ও অদ্বিতীয়—শোকর-প্রশংসা করছি তেমন শান-অনুযায়ী। সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই। তিনি একক, লা-শারিক। বিচার দিনের তিনিই মালিক। আরও সাক্ষ্য দিচ্ছি, আমাদের নবী, আমাদের সায়্যিদ হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা। তাঁর রাসুল। তিনি পূর্বাপর সমগ্র বিশ্বের নেতা, যিনি প্রেরিত হয়েছেন আসমানি গ্রন্থ আল-কুরআন নিয়ে। সমস্ত মুসলমানের জন্য যা হেদায়েত ও সুসংবাদ বহনকারী। হে আল্লাহ! তোমার প্রিয় বান্দা, তোমার মাহবুব রাসুল হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবারবর্গ এবং তাঁর প্রিয় সাথি ও অনুসারীদের প্রতি অসংখ্য সালাত ও সালাম প্রেরণ করছি।[১]

---

১. খুতবার প্রারম্ভে ইমামুল হারাম শাইখ হোজাইফী আয়াত ও হাদিসের আলোকে দীন ও ইসলাম সত্য হওয়ার এবং তা গ্রহণ ব্যতীত মুক্তির কোনো উপায় না থাকার বিষয়টি বর্ণনা করেছেন। মুসলমানদের দীন ও ইসলামের ওপর অটল ও অবিচলতায় উদ্বুদ্ধ করেছেন। শাইখ এসবের মাধ্যমে 'ইত্তেহাদে মাজহাব' (সকল ধর্ম এককরণের হীন চক্রান্তের মাধ্যমে মুসলিমদেরকে অমুসলিমে পরিণত করা) নামে চলমান ষড়যন্ত্রের মূলে আঘাত করেছেন। ষড়যন্ত্রটি ইহুদি-খ্রিষ্টান-রাফেজীদের পক্ষ হতে একযোগে চালানো হচ্ছে, মুসলিমদের অন্তর থেকে তাদেরপ্রতি ঘৃণা মুছে দেওয়ার লক্ষ্যে। ইহুদি-খ্রিষ্টানদের হারামের আঙিনায় নির্বিঘ্ন যাতায়াত ও রাফেজীদের কৃত বেয়াদবির ব্যাপারে ঘুম পাড়িয়ে রাখার উদ্দেশ্যে। জাজিরাতুল আরবে কাফের সৈন্যবাহিনীর অবস্থান থেকে প্রতীয়মান ইহুদি-খ্রিষ্টান-রাফেজীদের চক্রান্ত এই খুতবার মূল প্রতিপাদ্য। শাইখ খুতবার প্রারম্ভে পঠিত হামদ ও সানায় পুরো বিষয়টির প্রতি যে তীক্ষ্ণ ইঙ্গিত করেছেন, যে পারঙ্গমতার সাথে মূল বিষয়ের অবতারণা করেছেন, ইহুদিবাদ-খ্রিষ্টবাদ-শিয়ামতবাদের যে নিপুণ জ্ঞানগর্ভ ব্যবচ্ছেদ করেছেন, বিশ্বমুসলিমের প্রতি যে আন্তরিক-উষ্ণ-উদাত্ত উপদেশমূলক আহ্বান জানিয়েছেন, ইসলামী বিশ্বকে চলমান সমস্যার ব্যাপারে যে দূরদর্শী নির্দেশনা প্রদান করেছেন এবং কোরআন ও হাদিসের নির্যাস থেকে সবগুলোর সমাধান উল্লেখ করেছেন, সর্বোপরি যে শৃঙ্খলে তিনি আবদ্ধ, যে পরিমাণ বিপদের ঘনঘটা সদা তাঁর ওপর ঘূর্ণায়মান এতদ্‌সত্ত্বেও একজন প্রকৃত আলেমে রব্বানীর (আল্লাহর ভালোবাসায় দুনিয়ার সব কিছুকে তুচ্ছ জ্ঞানকারী আলেম) মতো নির্ভয়ে বিশ্ববাসীর সম্মুখে সত্য প্রকাশ করে দিয়েছেন এটা মুহতারামের দৃঢ় মনোবল, ইলমী প্রজ্ঞা, জ্ঞানের গভীরতা, অন্তর্দৃষ্টির প্রখরতা ও [illegible] অভিজ্ঞতার এক অনুপম দৃষ্টান্ত।

হে মুসলিমরা, আল্লাহকে ভয় করো। আল্লাহকে ভয় করো, যেমন ভয় করা উচিত। ইসলামের রজ্জুকে শক্ত হাতে ধারণ করো। আল্লাহর বান্দারা, মানুষকে আল্লাহ তা'আলা অসংখ্য-অগণিত নিয়ামত দান করেছেন, সত্য ধর্ম ইসলাম হচ্ছে তন্মধ্যে সবচে বড় ও শ্রেষ্ঠতম নিয়ামত। যা দিয়ে আল্লাহ তা'আলা মানুষকে মৃত্যুসম কুফরি থেকে জীবন দান করেন। আর গোমরাহীর আঁধার থেকে হিদায়েতের আলোতে নিয়ে আসেন।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন : "যে ব্যক্তি মৃত, আর আমি তাকে (ঈমানের মাধ্যমে) জীবন দান করলাম এবং দান করলাম এমন একটি আলোকবর্তিকা, যা নিয়ে সে মানুষের মাঝে চলাফেরা করে, সে কি ওই ব্যক্তির মতো হতে পারে, যার অবস্থা এই যে, সে অন্ধকার দ্বারা পরিবেষ্টিত, যা থেকে সে কখনো বের হতে পারবে না।"[২]

আরও ইরশাদ করেন : "যে ব্যক্তি নিশ্চিত বিশ্বাস রাখে যে, তোমার প্রতিপালকের নিকট থেকে তোমার কাছে যা নাজিল হয়েছে তা সত্য। সে কি ওই ব্যক্তির মতো হতে পারে, যে অন্ধ? বস্তুত উপদেশ কেবল তারাই গ্রহণ করে, যারা বোধ-বুদ্ধির অধিকারী।"[৩]

গ্রহণযোগ্য ও মনোনীত ধর্ম একমাত্র ইসলাম

পৃথিবীর সকল মানুষের জন্য একমাত্র ইসলামই আল্লাহ তা'আলার মনোনীত ধর্ম। শরিয়তের বিধান প্রত্যেক নবীর জন্য ভিন্ন ভিন্ন। প্রত্যেক নবীকে সেই বিধানই দেওয়া হয়েছে, যা তাঁর উম্মতের জন্য উপযোগী। আল্লাহ তা'আলা তাঁর হেকমত ও ইলমে যে বিধানকে মুনাসিব মনে করেছেন, তা রহিত করেছেন। আর যা ইচ্ছা, বহাল রেখেছেন।

আল্লাহ তা'আলা মানবতার সর্বশেষ মুক্তির দূত হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পাঠিয়ে তাঁর আগের সকল শরিয়তকে রহিত করে দিয়েছেন। জিন-ইনসান সবাইকে একমাত্র তাঁর প্রতি বিশ্বাস স্থাপন করে তাঁর অনুসরণের জন্য আদেশ করেছেন। আল্লাহ তা'আলা বলেন : "বলুন, হে মানুষসকল, নিশ্চয় আমি তোমাদের সকলের প্রতি ওই মহান আল্লাহর তরফ থেকে প্রেরিত, যার হাতে রয়েছে আসমান-জমিনের রাজত্ব। তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই। জীবন-মরণ একমাত্র তিনিই দান

২. আনআম : ১২২
৩. রাআদ : ১৯

করেন। সুতরাং তোমরা আল্লাহর প্রতি এবং ওই মহান উম্মী নবীর প্রতি বিশ্বাস স্থাপন করো; যিনি আল্লাহর প্রতি এবং তাঁর যাবতীয় বাণীসমূহের প্রতি বিশ্বাসী। এতে তোমরা হেদায়েতপ্রাপ্ত হবে।"[৪]

ইহুদি-খ্রিষ্টানদেরও ইসলাম ছাড়া মুক্তি নেই

হাদিস শরিফে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, "ওই মহান সত্তার কসম, যার হাতে আমার জীবন, পৃথিবীর কোন ইহুদি কিংবা খ্রিষ্টান যে আমার নবুয়ত সম্পর্কে শুনল অথচ আমার প্রতি ঈমান আনল না, সে নিশ্চিত জাহান্নামে প্রবেশ করবে। সুতরাং যারা আল্লাহর নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি ঈমান আনবে না, তারা নিঃসন্দেহে জাহান্নামী।"[৫] ইসলাম ছাড়া অন্য যত ধর্ম, আল্লাহ তা'আলার কাছে তা ধর্মই নয়। পবিত্র কুরআনে আল্লাহ তা'আলা ইরশাদ করেন : "ইসলামই হলো আল্লাহর নিকট একমাত্র মনোনীত ধর্ম।"[৬]

আরও ইরশাদ করেন : "আর যে লোক ইসলাম ছাড়া অন্য কোনো ধর্ম তালাশ করে, কখনোই তা গ্রহণ করা হবে না। আর আখেরাতে সে হবে ক্ষতিগ্রস্ত।"[৭]

মহান প্রতিপালক রাসুলে কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পরিপূর্ণ ও সার্বজনীন ধর্ম দিয়ে দুনিয়াতে পাঠিয়েছেন। এ ধর্মে আল্লাহ তা'আলার তাওহীদের কথা যেমন সুস্পষ্ট, তেমনি পূর্ববর্তী সকল নবী ও তাদের ধর্মগ্রন্থের বিশ্বাসের কথাও বিদ্যমান।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন : "আল্লাহ তোমাদের জন্য দীনের সেই পন্থাই স্থির করেছেন, যার হুকুম দিয়েছিলেন তিনি নুহকে এবং (হে রাসুল) যা আমি ওহীর মাধ্যমে তোমার কাছে পাঠিয়েছি এবং যার হুকুম দিয়েছিলাম ইবরাহিম, মুসা ও ঈসাকে যে, তোমরা দীন কায়েম করো এবং তাতে বিভেদ সৃষ্টি করো না। (তা সত্ত্বেও) তুমি মুশরিকদেরকে যে দিকে ডাকছ, তা তাদের

৪. আ'রাফ : ১০৮
৫. সহিহ মুসলিম, হাদীস নং ১৫৩
৬. আলে ইমরান : ১৯
৭. আলে ইমরান : ৮৫

কাছে অত্যন্ত কঠিন মনে হয়। আল্লাহ যাকে চান, হেদায়েতের জন্য নির্বাচন করেন। আর যে-কেউ তার অভিমুখী হয়, তাকে নৈকট্য দান করেন।"[৮]

ইহুদি-খ্রিষ্টানদের ভ্রষ্টতার কারণ

ইহুদি পণ্ডিত ও খ্রিষ্টান পাদ্রীরা খুব ভালোভাবেই জানত, হজরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ধর্মই একমাত্র সত্য ধর্ম। তিনিই সর্বশেষ নবী। কিন্তু তাঁর অনুসরণে, তাকে সর্বশেষ নবী মানতে প্রতিবন্ধক তাদের হিংসা, অহমিকা, পার্থিব জগতের কুৎসিত মোহ আর মনের কু-প্রবৃত্তি। অথচ তারাও জানে, তাঁকে না-মানা, তাঁর প্রতি এরূপ বিদ্বেষ পোষণ করা তাদের কোনোপ্রকার উপকারে আসবে না। তাদের দৌরাত্ম্য অনেক আগে সীমা ছাড়িয়ে গেছে। নবী কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আবির্ভাবের আগেই তাদের প্রতি অবতীর্ণ আসমানি গ্রন্থসমূহ রদবদলের মতো জঘন্য কাজটি তারা করেছে। ধর্মের মারাত্মক বিকৃতি ঘটিয়েছে। তারা নিশ্চিতভাবে কুফরি ও পথভ্রষ্টতায় অবিচল থেকেছে।

মুসলিম উম্মাহর বিরুদ্ধে ভয়ঙ্কর এক ষড়যন্ত্র

হক ও বাতিলের এ সংক্ষিপ্ত স্বরূপ উন্মোচনের পর বলতে হয়, বর্তমান যুগের কিছু নামধারী ইসলামি চিন্তাবিদ, যারা ইসলামি আকিদার প্রাথমিক ও মৌলিক বিবরাদি সম্পর্কেও অবগত নন, তারা একটি নতুন দাওয়াত উত্থাপনের অপচেষ্টায় মেতে উঠেছেন। আমার কাছে এ নামধারী বুদ্ধিজীবীদের পক্ষ থেকে পরিচালিত দাওয়াতও ভীষণ ভয়ঙ্কর ও গর্হিত মনে হয়। এ বিষয়টি অত্যন্ত দুঃখজনক। বরং এমন চিন্তা-চেতনা এ যুগে অত্যন্ত ভয়ঙ্কর। তা হলো, একদিকে কীভাবে ইসলাম এবং ইহুদি-খ্রিষ্টবাদকে পরস্পর নিকটবর্তী করা যায়। আর অন্যদিকে কীভাবে আহলে সুন্নাহর আকিদা ও শিয়া মতবাদকে পরস্পর নিকটবর্তী করা যায়।

বিশেষ করে, আজ যখন বিশ্বব্যাপী মুসলিম-অমুসলিমদের মধ্যকার সকল লড়াই ধর্মীয় বিশ্বাসের ভিত্তিতেই সংঘটিত হচ্ছে। ধর্মীয় স্বার্থেই আজ যতসব বিবাদ। তবে হক-বাতিলের এমন প্রকাশ্য দ্বন্দ্বে, বিপরীতধর্মী দুটি ধারার একত্রিকরণ কি আদৌ সম্ভব? নিঃসন্দেহে ইসলাম ইহুদি-

---

[৮]. সুরা শুরা : ১৩

খ্রিষ্টানদেরকে বাতিলের রাস্তা পরিহার করে জান্নাতের অধিকারী হওয়ার প্রকাশ্য দাওয়াত দিচ্ছে।

যেমন আল্লাহ তা'আলা বলেন : "হে আহলে কিতাবরা, এসো এমন বাণীর দিকে, যা আমাদের ও তোমাদের মাঝে সমানভাবে স্বীকৃত, আর তা হলো, আমরা আল্লাহ ছাড়া কারও দাসত্ব করব না, আল্লাহর সঙ্গে কাউকেই শরিক সাব্যস্ত করব না, আল্লাহকে বাদ দিয়ে পরস্পর পরস্পরকে রব হিসেবে গ্রহণ করে নেব না। অতএব তারা যদি (এ দাওয়াত গ্রহণ থেকে বিমুখ হয়, তাহলে হে মুমিনরা) তোমরা তাদেরকে পরিষ্কার বলে দাও, তোমরা সাক্ষী থেকো—'নিশ্চয় আমরা মুসলমান'।"[৯]

এমনিভাবে ইসলাম ইহুদি-খ্রিষ্টানদের এ বিষয়ে অনুমতি প্রদান করে যে, তারা নিজ ধর্ম পালন করবে। তবে শর্ত হলো ইসলামের অধীন থেকে তাদের নিজ ধর্ম মতে চলার স্বীকৃতি দান করে; যদি তারা মুসলমানদের জিজিয়া প্রদান করে এবং শান্তি ও নিরাপত্তা বজায় রাখে। (এ বিধান আরব উপদ্বীপের বাইরের ইহুদি-খ্রিষ্টানদের জন্য। কেননা হারামাইন শরিফাইনের পবিত্রতা রক্ষার্থে ইহুদি-খ্রিষ্টানদের আরব উপদ্বীপে বসবাসের কোনো প্রকার অনুমতি নেই।) ইসলাম তাদেরকে কখনোই ইসলাম ধর্ম গ্রহণে বাধ্য করে না।

যেমনটি আল্লাহ তা'আলার ইরশাদ, "দীন গ্রহণের ব্যাপারে কোনো জবরদস্তি নেই। নিশ্চয়ই হিদায়াত স্পষ্ট হয়েছে ভ্রষ্টতা থেকে।"[১০]

যেহেতু ইসলাম মানবতার সর্বোচ্চ কল্যাণকামী, এ জন্য ইসলামের সুস্পষ্ট ঘোষণা—ইহুদি-খ্রিষ্টধর্ম অবশ্যই বাতিল, অগ্রাহ্য। তাদের সাথে ঐক্য হতেই পারে না। ইসলাম এ জন্য বিশ্ব-মানবতাকে বলে দেওয়া প্রয়োজন মনে করে, যেন সকলের ওপর আল্লাহ তা'আলার প্রমাণ প্রতিষ্ঠিত হয়ে যায়। যে ঈমান গ্রহণ করতে চায়, গ্রহণ করবে। যে কুফুরিতে অবিচল থাকতে চায়, থাকবে। ইহুদি-খ্রিষ্টানদের ধর্ম যেহেতু বাতিল, এ জন্য তারা তাদের ধর্মে থেকে কখনোই মুসলমানের ভাই হতে পারে না। তবে হ্যাঁ, যদি ইহুদি-খ্রিষ্টান ও মুশরিকরা ইসলামে প্রবেশ করে, ইসলাম তাদের আপন ভাইয়ের মতো করে বুকে টেনে নেয়। ফলে তারাও মুসলমানদের সত্যিকারের ভাই-ই হয়ে

---

[৯]. আলে ইমরান : ৬৪
[১০]. বাকারা : ২৫৬

যায়। কারণ, ইসলামের দৃষ্টিতে জাত-পাত, বর্ণ-গোত্র ইত্যাদির কোনো ভেদাভেদ নেই। ইসলামের সোনালি ইতিহাস যার জ্বলন্ত সাক্ষী।

মহান আল্লাহ বলেন : "হে মানবসকল, আমি তোমাদের সবাইকে এক পুরুষ ও নারী (আদম-হাওয়া) থেকে সৃষ্টি করেছি। আর তোমাদেরকে বিভিন্ন জাতি ও গোত্রে বিভক্ত করেছি, যাতে তোমরা একে অপরকে চিনতে পারো। প্রকৃতপক্ষে তোমাদের মধ্যে সর্বাপেক্ষা বেশি মর্যাদাবান সে-ই, যে তোমাদের মধ্যে আল্লাহকে অধিকতর ভয় করে চলে।"[১১]

বাকি রইল ইহুদি-খ্রিষ্টবাদের সাথে ইসলামের একত্রিকরণ। বর্তমানে বিশ্ব-কুফুরি শক্তি এটা নিয়েই আন্দোলনরত; যা আদৌ সম্ভব নয়।

আল্লাহ তা'আলা বলেন : "সমান হতে পারে না অন্ধ ও চক্ষুষ্মান। আর না অন্ধকার ও আলো, ছায়া ও রোদ সমান হতে পারে। সমান হতে পারে না জীবিত ও মৃত। নিশ্চয় আল্লাহ যাকে ইচ্ছা হেদায়েতের বাণী শ্রবণ করার তাওফিক দান করেন। আর যারা কবরে আছেন, তুমি তাদের কখনোই হেদায়তের বাণী শোনাতে পারবে না।"[১২]

আরেকটি ভয়ঙ্কর দৃষ্টিভঙ্গি

একজন মুসলিম ইহুদি-খ্রিষ্টানদের কাছাকাছি হওয়ার মাপকাঠি যদি এই হয়, মুসলিম তাদের মনোবাঞ্ছা পূরণ করবে। তাদের সাথে বন্ধুত্বের খাতিরে দীনের কিছু আহকাম ছেড়ে দেবে। কিংবা দীনের পূর্ণ বা কিছু অংশ বাস্তবায়নে শিথিলতা অবলম্বন করবে। এমনটা একজন সত্যিকার মুসলিমের পক্ষে কখনোই সম্ভব নয়। কোনো মুসলমান এমন করতেই পারে না। ইহুদি-খ্রিষ্টানরা বন্ধুত্বের খাতিরে কখনোই মুসলমানের আপন হতে পারে না।[১৩]

---

[১১]. হুজুরাত : ১৩

[১২]. ফাতির : ১৯-২২

[১৩]. উপরের আলোচনায় শাইখ মুসলমানদের ধ্বংসাত্মক সেকুলারিজম থেকে সাবধান করেছেন। যা ইসলামের শত্রুরা মুসলমানদের মাঝে ছড়িয়ে দিচ্ছে। যার উদ্দেশ্য, ইসলামের প্রকৃত শিক্ষানুযায়ী আমল করা এবং তা মজবুতভাবে আঁকড়ে ধরার পরিবর্তে স্বাধীনচেতা হয়ে যাওয়া। শরিয়তের এসকল নীতিমালায় শিথিলতা প্রদর্শন করে আর কাফেরদের সাথে একাত্মতা পোষণ করে। যাতে কাফেরদের জীবনের আশঙ্কা রয়েছে। যেমন : জিহাদ ও কিতাল, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি পরিপূর্ণ সুন্নাহ।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন : "এমন লোক, যারা আল্লাহ ও পরকালে বিশ্বাসী, তুমি তাদের ওই সকল ব্যক্তির সাথে বন্ধুত্ব স্থাপনকারী পাবে না, যারা আল্লাহ ও রাসুলের বিরুদ্ধে সংগ্রামে লিপ্ত; যদিও তারা তাদের পিতা-মাতা, সন্তান কিংবা ভাই ও সমগোত্রের লোকই হয় না কেন।"[১৪]

হকের সহযোগিতা, বাতিলের বিরোধিতা ফরজ

চূড়ান্ত কথা হলো, মুসলমান-কাফেরের মাঝে কোনো সম্পর্ক নেই। তা সত্ত্বেও ইসলাম কোনো মুসলমানকেই এ অনুমতি দেয় না, সে কাফেরদের ওপর জুলুম করবে। কারণ, ইসলাম মুসলমানদেরকে কাফেরদের সাথেও ইনসাফের দীক্ষাই দেয়। তবে হ্যাঁ, মুসলমানকে এ নির্দেশ দেওয়া হয়েছে, সে হকের প্রতিষ্ঠা, দীনের সাহায্য আর বাতিলের সাথে শুধু শত্রুতাই নয়, বরং তাদের আধিপত্যকেও মিটিয়ে দেবে।

ইসলাম আর কুফরের মধ্যে যখন এ পার্থক্য হয়েই গেল, মুসলমান ইসলামের মৌলিক আকিদা-বিশ্বাসকে পুরোপুরি আঁকড়ে ধরবে। ঈমানের ওপর অবিচল থেকে ইসলামের বিধান পালনে কঠোর হয়েই মুসলমান পৃথিবীতে সফলভাবে নিজেদের মর্যাদা আর অধিকার সংরক্ষণ করতে সক্ষম হবে। একমাত্র দীনী অবিচলতাই হককে হক আর বাতিলকে বাতিল সাব্যস্ত করতে পারে।

এ আন্দোলনের ফলাফল

তার উল্টো **'ইত্তেহাদে মাজহাব'** তথা সকল ধর্ম একত্রিকরণ শিরোনামে যে আন্দোলন চলছে, তা শুধু ইসলাম-বিরোধিতাই নয়; বরং মুসলমানদেরকে মারাত্মক এক ফেতনায় জড়িয়ে দিয়েছে। যার ফলাফল ইসলামি আকিদা-বিশ্বাসের মারাত্মক ক্ষতি, ঈমানের দুর্বলতা এবং আল্লাহর শত্রুদের সাথে বন্ধুত্বের মতো ধ্বংসাত্মক কাজে লিপ্ত করবে।

অথচ আল্লাহ মুমিনদের পরস্পর বন্ধুত্ব স্থাপনের নির্দেশ দান করে বলেছেন : "মুমিন নর-নারীরা পরস্পর বন্ধু।"[১৫]

---

[১৪]. মুজাদালা : ২২

[১৫]. তাওবা : ৭১

আল্লাহ তা'আলা পরিষ্কারভাবে বলে দিয়েছেন, কাফির-মুশরিকরা পরস্পর যতই মতপার্থক্য থাকুক না কেন, তারা পরস্পর বন্ধু। মহান আল্লাহ তা'আলা ইরশাদ করেন : "আর যারা অবিশ্বাসী কাফির, তারা পরস্পর বন্ধু। তোমরা মুসলমানরা যদি এমন না করো, (অর্থাৎ মুশরিক পৌত্তলিকদের থেকে দূরত্ব বজায় রেখে মুমিনদের সঙ্গে বন্ধুত্ব স্থাপন না করো) তাহলে পৃথিবীতে মহা ফেতনা-ফাসাদ বিস্তার লাভ করবে।"[১৬]

প্রখ্যাত মুফাসসির ইমাম ইবনে কাসির রহ. এ আয়াতের ব্যাখ্যায় বলেছেন, তোমরা মুসলমানরা যদি কাফির-মুশরিকদের থেকে দূরত্ব বজায় না রাখো এবং মুমিনদের সাথে বন্ধুত্ব স্থাপন না করো, তাহলে মানুষের মধ্যে ইসলাম ধর্মের ব্যাপারে মহা ফিতনা সৃষ্টি হবে। ফলে ইসলাম ও অন্যান্য ধর্ম মিশ্রিত হয়ে যাবে। মুসলমান-কাফের একাকার হয়ে ইসলাম ও মুসলমান সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন হয়ে যাবে এবং মানুষ মারাত্মক ফেতনার শিকার হয়ে পড়বে। আল্লাহ তা'আলা ইরশাদ করেন : "হে মুমিনগণ, ইহুদি-খ্রিষ্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু।"[১৭] ইসলাম ও ইহুদিবাদকে, কীভাবে পরস্পর নিকটবর্তী করা সম্ভব?

অথচ ইসলাম একটি পরিষ্কার দর্শন। ইসলাম হলো আলো-জ্যোতি-আলোকবর্তিতা, ইনসাফ-মহত্ত্ব-ব্যাপকতা এবং উন্নত চরিত্র-সংবলিত জিন-ইনসান সকলের জন্য একটি সুন্দর ও মহৎ ধর্মের নাম। আর ইহুদিবাদ হচ্ছে সম্প্রদায়-বিশেষের মধ্যে সীমাবদ্ধতা, সংকীর্ণতা, মানবতার প্রতি হিংসা-বিদ্বেষ, চরিত্রহীনতা, অন্ধকার ও লোভ লালসায় পরিপূর্ণ ও কলুষিত একটি ভ্রান্ত পথের নাম। তাহলে ইসলাম ও ইহুদিবাদের মধ্যে কী করে সমন্বয় হয়? একজন মুসলমানের পক্ষে কী করে সম্ভব হজরত মারিয়াম আ.-এর মতো পুন্যাত্মা মহিলাকে ব্যাভিচারিণী আখ্যা দেওয়া? অথচ ইহুদি-অভিশপ্তরা তাঁকে অবলীলায় ব্যাভিচারিণী আখ্যায়িত করছে! একজন মুসলমানের পক্ষে কী করে সম্ভব, ঈসা ইবনে মারিয়াম আ.-কে ব্যাভিচারের ফসল বলে আখ্যা দেওয়া? নাউজুবিল্লাহ! কী করে সম্ভব আল্লাহপ্রদত্ত মহাগ্রন্থ আল-কুরআন ও ইহুদি শয়তানদের বিকৃত রচনা 'তালমুদের' মধ্যে সমন্বয় সাধন করা?

---

১৬. আনফাল : ৭৩
১৭. মায়েদা : ৫১

ইসলাম ও খ্রিষ্টবাদের মধ্যে কোনো সমন্বয় নয়

এমনিভাবে ইহুদিবাদ ও খ্রিষ্টবাদের সাথে ইসলামের কোনো সম্পর্ক নেই। ইসলাম হচ্ছে পরিচ্ছন্ন একত্ববাদী ধর্ম। রহমত ও ইনসাফ প্রতিষ্ঠার এক মহা আদর্শের নাম। পক্ষান্তরে খ্রিষ্টবাদ হচ্ছে ভ্রষ্টতার সমষ্টি। ভ্রষ্ট খ্রিষ্টবাদের বিশ্বাস—যীশু হয় আল্লাহর পুত্র অথবা স্বয়ং আল্লাহ কিংবা তিনি আল্লাহর একটি অংশবিশেষ আল্লাহস্বরূপ। আল্লাহ মাতৃগর্ভে স্থান ধারণ করেন—এ কথা কি কোনো জ্ঞানী ব্যক্তির যুক্তিতে আসতে পারে? কোনো যুক্তি কি এ কথা গ্রহণ করতে পারে? যিনি আল্লাহ, তিনি পানাহার করেন, তিনি গাধার পিঠে সওয়ার হন, তিনি ঘুমান, তিনি মলমূত্রে অভ্যস্ত হন? যে খ্রিষ্টবাদের এহেন জঘন্য ভ্রান্ত বিশ্বাস, সে খ্রিষ্টবাদের সঙ্গে মহান ইসলামের কিসের তুলনা? যে ইসলাম হজরত ঈসা (যীশু) সম্পর্কে এহেন নোংরা বিশ্বাসের স্থলে তাকে মহাসম্মানে অধিষ্ঠিত করে বলে যে, তিনি আল্লাহর মহান বান্দা এবং বনি ইসরাইলের প্রতি প্রেরিত রাসুলদের একজন মহান রাসূল।

শিয়াধর্ম ও ইসলামের মধ্যে কোনো সম্পর্ক নেই

অনুরূপভাবে আহলে সুন্নাহ ও শিয়াবাদকে পরস্পর সমন্বয় করাটাও কীভাবে সম্ভব? আহলে সুন্নাহ হচ্ছে, যারা কুরআন-হাদিস অবিকৃত অবস্থায় সংরক্ষণ করেছেন। আল্লাহ তাদের মাধ্যমে তাঁর মহান দীনকে হেফাজত করেছেন। ইসলামের মহান মিনারাকে সুউচ্চ রাখতে সর্বাত্মক জিহাদ করে নিজেদের উজ্জ্বল ইতিহাস রচনা করেছেন। পক্ষান্তরে রাফেজি ও শিয়া হচ্ছে তারা, যারা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনেক প্রিয় সাহাবিকে (আবু বকর, উমর, উসমান রাদিআল্লাহু আনহু-সহ) লানত দিয়ে থাকে। ইসলামকে তার ভিত্তিমূলে আঘাত হেনে ধ্বংস করার অপচেষ্টায় লিপ্ত থাকে। অথচ সাহাবিরাই আল্লাহর মহান দীনকে অবিকৃতভাবে আমাদের নিকট পৌঁছিয়েছেন। সুতরাং যখনই কেউ তাঁদের ব্যাপারে কুৎসা রটায়, সে যেন ইসলামের মূল ভিত্তিতে আঘাত হানল।

শিয়াদের ইসলাম থেকে দূরত্বের প্রথম কারণ

ঠিক তেমনিভাবে শিয়াদের বিশেষ সম্প্রদায় রাফেজিদের সঙ্গেও আহলে সুন্নাত ওয়াল জামায়াতের কোনো তুলনা হয় না। পক্ষান্তরে এ রাফেজিরা তিন খলিফা অর্থাৎ হজরত আবু বকর রাদিআল্লাহু আনহু, হজরত উমর

রাদিআল্লাহু আনহু ও হজরত উসমান রাদিআল্লাহু আনহু-কে গালি দেয়। বিবেকবান হলে তারা বুঝত, এ গালি তিন সাহাবিকে নয়; বরং রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কেই দেওয়া হচ্ছে। কারণ, হজরত আবু বকর রাদিআল্লাহু আনহু ও হজরত উমর রাদিআল্লাহু আনহু ছিলেন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্মানিত শ্বশুর। তাঁর জীবদ্দশায় তাঁর উজির এবং তাঁর ইন্তিকালের পর তাঁর পাশেই সমাহিত রয়েছেন। তাঁদের সে মর্যাদায় আর কে পৌঁছুতে পারে?

শিয়ারা ভ্রান্ত হওয়ার সুস্পষ্ট প্রমাণ

অধিকন্তু তাঁরা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে সমস্ত যুদ্ধে শরিক থেকে জিহাদ করেছেন। রাফেজি শিয়াদের ভ্রান্ত ধারণা খণ্ডনের জন্য এটুকু প্রমাণই যথেষ্ট। আর তৃতীয় খলিফা হজরত উসমান রাদিআল্লাহু আনহু ছিলেন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পরপর দুই প্রিয় কন্যার স্বামী। আল্লাহ তাঁর প্রিয় রাসুলের জন্য সর্বোত্তম ব্যক্তিবর্গ ছাড়া অন্য কাউকে সাথি ও শ্বশুর-জামাই হিসেবে মনোনয়ন করবেন না—এটাই স্বাভাবিক। তাই এ প্রশ্ন জাগা কি স্বাভাবিক নয় যে, তাঁরা যদি রাফেজি শিয়াদের ভ্রান্ত আকিদামতে ইসলামের এত বড় শত্রু হতেন, তাহলে কেন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তা স্পষ্ট করে উম্মতকে বলে যাননি? বরং আলি রাদিআল্লাহু আনহু -এর মুহাব্বতের নামে ওই তিনজনকে গালি দেওয়ার অর্থ হচ্ছে হজরত আলি রাদিআল্লাহু আনহু-কেই গালি দেওয়া। কারণ, তিনি স্বেচ্ছায় হজরত আবু বকর রাদিআল্লাহু আনহু -এর হাতে খিলাফতের বাইয়াত গ্রহণ করে তাঁকে সানন্দ্যে খলিফা মেনে নিয়েছেন। হজরত উমর রাদিআল্লাহু আনহু -এর অতি আগ্রহের কারণে তিনি তাঁর প্রিয় কন্যা উম্মে কুলসুমকে হজরত উমরের নিকট বিবাহ দিয়েছেন। নিজ পছন্দমতেই তিনি হজরত উসমান রাদিআল্লাহু আনহু -এর হাতে বাইয়াত গ্রহণ করেছেন। তিনি পূর্ববর্তী তিন খলিফার অত্যন্ত বিশ্বস্ত উজির ও তাঁদের সকলের পরম হিতাকাঙ্ক্ষী ছিলেন। এটা কি সম্ভব যে, তিনি কোনো কাফিরকে জামাতা বানাবেন বা কোনো কাফিরের হাতে বাইয়াত গ্রহণ করবেন? যেমন শিয়া ও রাফেজি সম্প্রদায় বিশ্বাস করে থাকে। সুবহানাল্লাহ! এ কত বড় জঘন্য অপবাদ?

অনুরূপভাবে হজরত হাসান রাদিআল্লাহু আনহু -এর মুহাব্বতের নামে শিয়া সম্প্রদায় হজরত মুয়াবিয়াকে যে তিরস্কার করে, তা প্রকারান্তরে হজরত

হাসান রাদিআল্লাহু আনহু -কেই তিরস্কার করার শামিল। কারণ, হজরত হাসান রাদিআল্লাহু আনহু স্বেচ্ছায় আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে হজরত মুয়াবিয়া রাদিআল্লাহু আনহু-এর পক্ষে খিলাফতের দাবি প্রত্যাহার করে নিয়েছিলেন।

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ভবিষ্যদ্‌বাণীতে এর জন্য হজরত হাসানের প্রশংসাও করে গেছেন। প্রিয় নবীর আদরের নাতি কি এক কাফির ব্যক্তির (হজরত মুআবিয়া রাদিআল্লাহু আনহু) জন্য খেলাফতের দাবি প্রত্যাহার করে নেবেন, যিনি লোকদের ওপর হুকুমত চালাবেন—এ-ও কি সম্ভব? সুবহানাল্লাহ। বরং এটাতো হজরত হাসান রাদিআল্লাহু আনহু-এর ওপর জঘন্য মিথ্যাচার। তারা যদি প্রতিউত্তরে বলে যে, হজরত আলি ও হজরত হাসান রাদিআল্লাহু আনহু প্রচণ্ড চাপের মুখেই তা করেছেন, তাহলে বলতে হয় যে, শিয়া ও রাফেজি সম্প্রদায়ের নিকট জ্ঞানের লেশমাত্র নেই। কারণ, হজরত আলি ও হজরত হাসানের মতো মহান ব্যক্তিদ্বয় চাপের মুখে অন্যায়ের সামনে নত করবেন—এমন বিশ্বাস পোষণ করার অর্থই হলো, তাদের কল্পনাতীত মর্যাদাহানি করা।

শিয়াদের ইসলাম থেকে দূরত্বের দ্বিতীয় কারণ

শুনতেও অবাক লাগে যে, মূর্খ শিয়া সম্প্রদায় কীভাবে হজরত আয়েশা রাদিআল্লাহু আনহা-কে ভর্ৎসনা করতে পারে? অথচ আল্লাহ তা'আলা তাঁর মহাগ্রন্থ কোরআনে স্পষ্টভাবে বলেছেন, তিনি উম্মুল মুমিনিন—মুমিনদের মা। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন, "প্রিয় নবী মুমিনদের নিকট তাদের প্রাণ থেকেও অধিকতর আপন, আর তাঁর মহান স্ত্রীরা হচ্ছেন তাদের মা।"[১৮]

এই কথায় কোনো সন্দেহ নেই, তারাই উম্মুল মুমিনিনদের ভর্ৎসনা করতে পারে, যারা তাদেরকে মা বলে মানে না। কেননা, যারা মা হিসেবে মানবে, তারা ভর্ৎসনা না করে তাদের ভালোই বাসবে।

শিয়াদের ইসলাম থেকে দূরত্বের তৃতীয় কারণ

আহলে সুন্নাহ ও রাফেজিরা একে অপরের নিকবর্তী কী করে হতে পারে? অথচ তারা গোমরাহির নেতা খোমেনিকে নিষ্পাপ-মাসুম মনে করে। তারা

১৮. সুরা আহযাব : ৬

তাদের বিশ্বাসমতে খোমেনিকে মাসুমের গুহায় লুকায়িত মাহদির প্রতিনিধি হক মনে করে। প্রতিনিধি আসল ব্যক্তির মতো হয়। সুতরাং মাহদি যখন মাসুম, মাহদির নায়েব খোমেনিও মাসুম-নিষ্পাপ; যেহেতু সে মাহদির স্থলাভিষিক্ত। রাফেজিরা এখানেই থেমে থাকেনি; বরং তারা তাদের প্রত্যেক ইমামকে শুদ্ধ এবং নিষ্পাপ মনে করে। তাদের এ আকিদাগুলো কতটা পরস্পরবিরোধী! বস্তুত যেকোনো বাতিলের এটিই বিশেষ লক্ষণ যে, তা স্ব-বিরোধিতায় পরিপূর্ণ থাকে এবং একটি কথার বিপক্ষে অন্যত্র আর একটি কথা পাওয়া যায়।

শিয়ারা ইহুদি-খ্রিষ্টানদের চেয়েও অধিক ভয়ঙ্কর

রাফেজি শিয়াদের আকিদা ও মাজহাব বাতিল হওয়ার পক্ষে এত অসংখ্য শরিয়তসম্মত ও যৌক্তিক প্রমাণাদি রয়েছে, তা একত্রে উল্লেখ করা কষ্টসাধ্য ব্যাপার। সুতরাং এসব ভ্রান্ত আকিদা পরিহার করে ইসলামধর্মে প্রবেশ করাই তাদের জন্য বাঞ্ছনীয়।

আর আমরা আহলে সুন্নাত ওয়াল জামায়াত কখনো এক চুল পরিমাণ বরং তার চেয়েও কম পরিমাণ তাদের নিকটবর্তী হব না। তারা ইহুদি-খ্রিষ্টানদের চেয়েও ইসলামের জন্য অধিকতর মারাত্মক। কখনো তাদের প্রতি ভরসা করা যায় না। সব সময় তাদের ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখা মুসলমানদের একান্ত কর্তব্য। আল্লাহ তা'আলা বলেন, "তারা হচ্ছে শত্রু। তাদেরকে ভয় করে চলো। আল্লাহ তাদেরকে ধ্বংস করুন। তারা কীভাবে বিপথগামী হতে চলেছে![19]

ইহুদি আবদুল্লাহ ইবনে সাবা এবং অগ্নিপূজক আবু লু'লুর হাতেই শিয়াবাদের গোড়াপত্তন হয়।

হে মুসলিম উম্মাহ, কুফরের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হও

সুতরাং সমস্ত মুসলমানের উচিত—আকিদার ব্যাপারে যেন সম্পূর্ণভাবে স্বকীয় বৈশিষ্ট্য বজায় রেখে চলে। আল্লাহ যা পছন্দ করেছেন, তা পছন্দ করবে। আল্লাহ যা অপছন্দ করেছেন, তা মন্দ ও ক্ষতিকর মনে করবে। মুসলমানেরা পরস্পর সাহায্যকারী হয়ে এক দেহে পরিণত হওয়া দরকার।

---

১৯. সুরা মুনাফিকুন : ০৪
২০. সুরা বাকারা : ১২০

কারণ, মুসলমানদের সকল শত্রু তাদের ভ্রান্ত ধর্ম এবং কুফরি বিশ্বাস নিয়ে ইসলামের শত্রুতায় ঐক্যবদ্ধ হয়েছে। তা আজ থেকে নয়; বরং সর্বদাই ইসলামের শত্রুরা মুসলমানদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ ছিল। কাফেররা মুসলমানদের ওপর খুশি হবে—এর কোনো সম্ভাবনা নেই।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন, "তোমার প্রতি ইহুদি এবং খ্রিষ্টানরা কিছুতেই সন্তুষ্ট হবে না; যতক্ষণ না তুমি তাদের মতাদর্শের অনুসারী হবে।"[20]

আল্লাহ তা'আলা আরও বলেন, "তারা তোমাদের বিরুদ্ধে সাধ্যমত লড়তেই থাকবে, যতক্ষণ না তোমরা তোমাদের দীন থেকে ফিরে আসো।"[21]

ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার উদ্দেশ্য

মুসলিম রাষ্ট্র ফিলিস্তিনের পবিত্র ভূখণ্ড ইসরাইলি ইহুদি রাষ্ট্র সৃষ্টি করে তারা ইসলামের বিরুদ্ধে অবিরাম লড়াই অব্যাহত রাখছে এবং মধ্যপ্রাচ্যের উপসাগরীয় অঞ্চলকে সদা অস্থির করে রাখছে। যখনই তারা কোনো ইসলামি রাষ্ট্রকে গ্রাস করেছে তখনই তারা বর্ণ-গোত্র ও সামাজিক বিভিন্ন কোন্দলসহ নানাবিধ জটিলতা সৃষ্টি করেছে। তার মধ্যে উল্লেখযোগ্য কারসাজি হচ্ছে সেখানকার ইসলামি আদালত ব্যবস্থাকে নস্যাৎ করে তার স্থলে মানবরচিত আইন-আদালতের অবকাঠামো দাঁড় করানো; যাতে মুসলিম সমাজ উত্তরোত্তর নানাবিধ সমাধান-বিহীন সমস্যায় জর্জরিত থাকে। বৃটিশ-শাসিত এককালের মুসলিম রাজ্য ভারতবর্ষের দিকে তাকালে এ মহা সত্যটি উদ্ভাসিত হয়ে ওঠে। কীভাবে ইসলামি বিচারব্যবস্থা ধ্বংস করে বৃটিশের কুফরি আইন দ্বারা সমাজকে ধ্বংস করেছে!

কিন্তু আল্লাহর শোকর, একমাত্র এই সৌদি আরবেই ইসলামি আদালত বহাল রয়েছে, যাতে শরিয়তসম্মত বিচার ব্যবস্থা চালু রয়েছে। দণ্ডযোগ্য অপরাধে শরিয়তসম্মত বিচারের ব্যবস্থা করে আন্তর্জাতিক পর্যায়ে তাওহিদের ঝাণ্ডাকে বুলন্দ রাখতে সক্ষম হয়েছে।

এখন শেষ মুহূর্তে ইহুদি-খ্রিষ্টানরা মধ্যপ্রাচ্যে নিজেরাই বিভিন্নমুখী সমস্যা সৃষ্টি করে সেখানে সৈন্য সমাবেশ করার উপায় খুঁজে নিয়েছে। আর এভাবেই

---

২১. সুরা বাকারা : ২১৭

আরবের বিভিন্ন দেশে বাথ পার্টির দর্শন, আরব জাতীয়তাবাদ ও কমিউনিজমের মতো কুফরি মতবাদে বিশ্বাসী বিভিন্ন দল ও মাজহাব তৈরি করা হয়েছে। অথচ এই সব দর্শন ও আদর্শের সাথে ইসলামের এক চুল পরিমাণও সামঞ্জস্য নেই। তারপর এসব ভ্রান্ত দল ও মাজহাবগুলো সাদ্দাম হোসাইন গংদের মতো ব্যক্তি তৈরি করে দীন, ইসলাম এবং ইসলামি উত্থানের বিরুদ্ধে যেন যুদ্ধ ঘোষণা করেছে এবং দেহ তল্লাশির এক বিরাট ব্যবস্থা গ্রহণপূর্বক হয়রানির জাল বিস্তার করেছে। হকের আওয়াজ স্তব্ধ করে দেওয়া হয়েছে। উজ্জ্বল সম্ভাবনাময় বহুমুখী মেধাগুলো স্বদেশ ছেড়ে পশ্চিমা দেশগুলোতে আশ্রয় নিতে বাধ্য হয়েছে।

এভাবে বিভিন্ন বিপ্লবে আক্রান্ত দেশগুলো দুর্বল থেকে দুর্বলতর হয়েছে এবং সেসব দেশের শাসক গোষ্ঠীর মধ্যে এমন ভয়ঙ্কর পরিবেশ সৃষ্টি হয়েছে, পরবর্তী শাসক পূর্ববর্তী শাসকদেরকে লা'নত আর ভর্ৎসনা দিয়ে চলেছে। 'নাউজুবিল্লাহ'।

এভাবে সামরিক বিপ্লবে আক্রান্ত দেশগুলো শুধু দুর্বলই হয়েছে। এমনকি সে দেশসমূহের কোনো কোনো আরব দেশে তো দীনী পরিবেশ এতই বিনষ্ট হয়েছে যে, সেখানে জামাতে নামাজ পড়া পর্যন্ত শাস্তিযোগ্য অপরাধে গণ্য হয়। 'লা হাওলা ওয়া লা কুওয়াতা ইল্লা বিল্লাহ'।

এ-ই যদি হয় মুসলিম ও আরব দেশগুলোর দীনী পরিবেশ, তাহলে বলুন, কীভাবে সেসব দেশের প্রতি আল্লাহর তরফ থেকে সাহায্য আসতে পারে? মানুষের দৃষ্টিতে কীভাবে তারা সম্মান ও ইজ্জতের অধিকারী হতে পারে?

তথাকথিত পরাশক্তি রাষ্ট্রগুলো ইসলামি দেশগুলোর দীনী পরিবেশকে নস্যাৎ করার সমুদয় ব্যবস্থা সম্পন্ন করার পর তারা সেখানে সামরিক শক্তি নিয়ে উপস্থিতির জন্য ফিলিস্তিনে বিভিন্ন ঘটনার সূত্রপাত ঘটায়। এর আগে অর্থনৈতিক অনুপ্রবেশের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করে রাখে। বর্তমানে উপসাগরীয় অঞ্চলের আরব দেশসমূহের স্থিতিশীলতাকে ধ্বংস করে সেসব দেশগুলোকে আরও ছোট ছোট রাষ্ট্র-উপরাষ্ট্রে বিভক্ত করে পরস্পর যুদ্ধ-বিগ্রহের দামামা বাজিয়ে দেওয়াই যে পরাশক্তি রাষ্টগুলোর একমাত্র নিয়ত, তা এখন সুস্পষ্ট হয়ে গেছে। এ সবকিছুর মূলে একমাত্র কারণ হচ্ছে ধর্মীয় শত্রুতা। সুতরাং ক্ষমতাধর বৃহৎ রাষ্ট্রগুলোর শত্রুতা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে

সব মুসলিম রাষ্ট্রের প্রতি। বরং এর চেয়েও জঘন্যতম শত্রুতা তারা পোষণ করে পবিত্র হারামাইন শরিফাইনের দেশের প্রতি।

কারণ, মক্কা-মদীনার এই রাষ্ট্র ইসলাম ও মুসলমানদের দুর্গ। সুতরাং আমেরিকা ও ব্রিটেন এবং তাদের অনুসারী অন্যান্য খ্রিষ্ট ও ইহুদি রাষ্ট্রগুলোর দূরভিসন্ধি এখন সুস্পষ্ট। ইসলামি রাষ্ট্রগুলোর ক্ষতিসাধন করাই তাদের একমাত্র লক্ষ্য। বরং এ কথাই স্পষ্ট করে বলতে হয়, সমস্ত কাফির রাষ্ট্র ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে এমন ভয়ঙ্কর শত্রু—তাদের কারও প্রতি কোনো প্রকার আস্থা রাখা সম্ভব নয়। অন্যান্য মুসলিম রাষ্ট্রগুলোর তুলনায় মক্কা-মদীনার ক্ষতিসাধন এবং গুরুতর মন্দাবস্থায় নিক্ষিপ্ত করাই যে তাদের একমাত্র লক্ষ্য, তাতে সন্দেহের কোনো অবকাশ নেই। তাই তারা এই পবিত্র রাষ্ট্রের প্রতিটি রাষ্ট্রীয় ধারার রন্ধ্রে রন্ধ্রে নিজেদের ভয়ঙ্কর অনুপ্রবেশ ঘটিয়ে রাষ্ট্রীয় অখণ্ডতাকে ছিন্নভিন্ন করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

আমেরিকার প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে শাইখ হুজাইফী বলেন, হে আমেরিকা, তুমি কান পেতে শুনে নাও, প্রাচ্য থেকে পাশ্চাত্য পর্যন্ত পুরো পৃথিবীর মুসলমানরা দুই পবিত্র হারাম মক্কা ও মদীনা শরিফের রাষ্ট্রীয় অস্তিত্বের নিশ্চয়তা বিধানে জীবনবাজি রাখতে সংকল্পবদ্ধ। হে আল্লাহ, আপনি এ রাষ্ট্রের সম্মান আরও বৃদ্ধি করুন। কারণ, এই রাষ্ট্রটি হচ্ছে ইসলামের সর্বশেষ আশ্রয়স্থল।

তথাকথিত পরাশক্তি বৃহৎ রাষ্ট্রগুলোর অন্তর্নিহিত দূরভিসন্ধির ছয়টি মূল লক্ষ্য

১. ইসলামের চরম শত্রু ইহুদি রাষ্ট্র ইসরাইলের স্থায়িত্ব নিশ্চিতকরণ।

২. পবিত্র মসজিদুল আকসা বাইতুল মুকাদ্দাসকে ধ্বংস করে তদস্থলে হজরত সুলাইমান আলাইহিস সালাম-এর কল্পিত ভাস্কর্য তৈরি করা।

৩. উপসাগরীয় সকল মুসলিম রাষ্ট্রের ওপর ইহুদি রাষ্ট্র ইসরাইলের সামরিক প্রাধান্য বজায় রাখার ব্যবস্থা পাকাপোক্ত করা।

৪. উপসাগরীয় রাষ্ট্রগুলোর তেল ও গ্যাসসহ যাবতীয় খনিজ সম্পদের ওপর লুটতরাজের হীন উদ্দেশ্যে প্রাধান্য লাভ করা; যাতে উপসাগরীয়দের জন্য তাদের রেখে যাওয়া উচ্ছিষ্ট ছাড়া অবশিষ্ট আর কিছুই না থাকে।

৪. দাওয়াতি তৎপরতাসমূহের ওপর চূড়ান্ত আঘাত হানা।

৫. মুসলিম সমাজের পরিচ্ছন্ন পরিবেশ থেকে ইসলামের সুন্দর চরিত্র ধ্বংস করার লক্ষ্যে ইসলামি কালচারবিরোধী ভিন্ন কালচারের দিকে আহ্বানের যাবতীয় ব্যবস্থা সম্পন্ন করা। এভাবে উপসাগরীয় অঞ্চলের রাষ্ট্রগুলোকে চরিত্রহীন করে সর্বদা পরস্পর যুদ্ধ-বিগ্রহে লিপ্ত রাখা যায়।

শাইখ হুজাইফী মুসলিম শাসকদেরকে উদ্দেশ্য করে বলেন, সম্মানিত মুসলিম শাসকগণ, তুরস্ক থেকে আপনাদের শিক্ষা নেওয়া উচিত। ইহুদি-খ্রিষ্টান রাষ্ট্রগুলোর সাথে বন্ধুত্ব স্থাপন করতে গিয়ে তারা কী পেয়েছে! মোস্তফা কামাল আতাতুর্কের মতো ধিকৃত মালাউন রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত হলো। ক্ষমতায় এসেই তাদের হুকুমে ধর্মনিরপেক্ষ রাষ্ট্রব্যবস্থা চালু করল। জবরদস্তিমূলক জনসাধারণের ওপর কুফুরি শাসনব্যবস্থা চাপিয়ে দিয়ে তুরস্কের শাসকবর্গ দিব্যি ইসলামের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করল। শেষ পর্যন্ত সমগ্র মুসলিম উম্মাহর মহাশত্রু ইহুদি রাষ্ট্র ইসরাইলের সাথে সামরিক চুক্তিও সম্পাদন করল। অথচ ইতিহাস সাক্ষী, ইহুদি-খ্রিষ্টান রাষ্ট্রগুলো তুরস্ককে একটি অনুগত চাকরের চেয়ে কখনোই বেশি দাম দেয়নি। বরং আন্তঃরাষ্ট্রীয়-আন্তর্জাতিক কোনো স্তরে তাদেরকে প্রবেশের সুযোগটি পর্যন্ত দেয়নি। তাহলে তাদের অপরাধটা কী ছিল? অপরাধ একটাই, তুরস্ক একদিন ইসলামি খেলাফতের কেন্দ্রীয় শাসনের পতাকাবাহী রাষ্ট্র ছিল; যেখানে ইসলামি আইনে রাষ্ট্র চালিত হতো।

হে মুসলিম শাসকগণ!

নিশ্চিত জেনে রাখবেন, তাদের সন্তুষ্টির জন্য ইসলামের মহান আদর্শবলির ব্যাপারে যতই ছাড় দিতে থাকবেন, তাদের আনুগত্যে নিজেদেরকে যতটাই অপদস্থ করবেন, তারা কখনো আপনাদের প্রতি সন্তুষ্ট হবে না। আপনাদের আস্থাবানও মনে করবে না।

তাই হে মুসলিম শাসকগণ!

ইসলাম ও কুফরের মধ্যকার ধর্মীয় শত্রুতার সীমানা-প্রাচীরটা মেনে নিন। এখনই নিজেদের জাতীয় ও ধর্মীয় অধিকার রক্ষায় প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণে ঝাঁপিয়ে পড়ুন। ইরাকের নিরপরাধ শিশু, মহিলা আর নিরপরাধ জনসাধারণের কী এমন অপরাধ! যাদেরকে আজ দীর্ঘ ছয়টি বছরেরও অধিক সময় জলে-স্থলে-অন্তরীক্ষে অবরুদ্ধ হয়ে মানবেতর জীবন-যাপন করতে হচ্ছে। সেখানকার দুর্বল অসহায় লোকদেরই বা অপরাধটা কী? সত্যি কথা হলো, তাদের অপরাধ একটাই—তারা মুসলমান। ফিলিস্তি কায়দায় তাদেরই

কূটচালে সংঘটিত বিনাশী ইরাক-কুয়েত যুদ্ধ। এর দ্বারা ব্যক্তি সাদ্দাম আর তার দলের লোকদের কী এমন ক্ষতি হয়েছে? বলতে গেলে তেমন ক্ষতি সাধন হয়নি, যেমন ক্ষতি হয়েছে ইরাকবাসীর। সাদ্দামকে শাস্তি দানের অজুহাত দেখিয়ে ইরাকবাসীর ওপর চাপিয়ে দেওয়া হয়েছে কেয়ামতসম ভয়াবহতা। চালানো হয়েছে বর্ণনাতীত নির্যাতন। আর ইরাকের অপরাধ চিহ্নিত করা হয়েছে এই বলে যে, ইরাক জাতিসংঘের প্রস্তাব রক্ষা করেনি। আচ্ছা তাওতো একটি মাত্র প্রস্তাব! অথচ মানবতার শত্রু ইসরাইল, জাতিসংঘের এক-দুটি নয়, বরং এ পর্যন্ত ৬০টিরও অধিক প্রস্তাব অমান্য করেছে।

আমেরিকা বিশ্বকে আণবিক অস্ত্রমুক্ত করার শ্লোগানের ধোঁয়া তুলছে। ইসরাইল আজ পর্যন্ত তাদের কথার প্রতি কোন প্রকার কর্ণপাত না করে আণবিক অস্ত্র-মুক্তির সনদে সাক্ষর পর্যন্ত করেনি। অথচ ইসরাইলি হুমকির মুখে গোটা উপসাগরীয় অঞ্চল বিবিধ সমস্যায় জর্জরিত হয়ে একটি ভয়াবহ বিস্ফোরণোন্মুখ আগ্নেয়গিরিতে পরিণত হয়েছে। এ ভয়ঙ্কর পরিস্থিতিতে এই অঞ্চলে এ ধরনের আণবিক মারণাস্ত্র অত্যন্ত ভয়ঙ্কর ও বিপজ্জনক। কারণ, সাদ্দাম ও তার দলীয় ব্যক্তিবর্গ শত্রুদের হাতের পুতুল হয়ে ইসলামের শত্রুরা যা চায়, তা-ই জ্ঞাত-অজ্ঞাতভাবে কার্যকর করে।

আমেরিকা!

তোমার প্রতি আমার উপদেশ, তুমি উপসাগরীয় অঞ্চলের রাষ্ট্রীয় বিষয়ে কোনো প্রকার দখলদারিত্ব করো না। এসকল দেশের শান্তি ও নিরাপত্তার জন্য সৌদি আরব যথেষ্ট সচেতন এবং সক্ষম। এতে তোমার নাক গলানোর কোনো প্রয়োজন নেই।

আমেরিকা!

তোমাকে কঠোরভাবে হুঁশিয়ার করে বলছি। তুমি সমর শক্তির অহংকার করো না। দাম্ভিকতা প্রদর্শন করা থেকে একদম বিরত থাকো। নইলে চিরতরে ধ্বংস হয়ে যাবে। তোমাকে বলছি! দেখবে, তোমার চিহ্নটিও পৃথিবীর বুকে থাকবে না। কারণ, মহান আল্লাহর চিরাচরিত নিয়ম হলো, কোনো মজলুম জাতি যখন জালিম আর নিপীড়নকারী কোনো শক্তির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে অক্ষম হয়ে পড়ে, তখন আল্লাহ তাদের সাহায্য করেন। প্রতিপক্ষের দাম্ভিকতাপূর্ণ শক্তিকে এমনভাবে মোমের মতো গলিয়ে দেন, এমনতর নিঃশেষ করে দেন যে, দাম্ভিক শক্তির সত্তাটাও ধ্বংস হয়ে

যায়। বিচূর্ণ হয়ে যায় সকল জৌলুস আর অপশক্তির দাপট। আর এ সবকিছু একমাত্র আল্লাহ রাব্বুল আলামিনের কুদরতের পক্ষ থেকেই সম্পাদিত হয়ে থাকে।

আমেরিকা ও অন্যান্য ক্ষমতাধর সকল রাষ্ট্রের উচিত, আফগান মুজাহিদদের ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করা। যখন রাশিয়া ও সোভিয়েত ইউনিয়নের শ্বেত ভল্লুকেরা আফগানিস্তানে অনুপ্রবেশ করেছিল। আর তখন সহায়-সম্বলহীন আফগান বীর জাতি কেবল লাঠিসোঁটা নিয়ে তাদের পবিত্র ইসলামি জিহাদ শুরু করেছিল। তারা সেই ক্ষমতাধর পরাশক্তি কুফরি রাষ্ট্র সোভিয়েত ইউনিয়নকে চরমভাবে পর্যুদস্ত করে দিয়েছিল। তোমাদের পরিণামের হিসাব করার এখনো সময় আছে।

অপশক্তির অহমে অন্ধ আমেরিকা!

জেনে রেখো! টেকনোলজি ও সামরিক প্রযুক্তিই সব কিছু নয়। নিশ্চয়ই চূড়ান্ত সিদ্ধান্তের একমাত্র মাপকাঠি হচ্ছে ঈমান। ঈমানী শক্তির সামনে যেকোনো ক্ষমতাধর কুফরি পরাশক্তি মাথা নত করে পরাজিত হতে বাধ্য।

উপসাগরীয় অঞ্চলের আরব রাষ্ট্রসমূহের নিরাপত্তার প্রশ্নে বলতে হয়, সেটা তাদের রাষ্ট্রীয় অধিকার। কিন্তু সেখানে সমূহ সমস্যা ও অস্থিরতা কারা সৃষ্টি করে? একমাত্র নামধারী ক্ষমতাধর বৃহৎ রাষ্ট্রগুলোই। এতে কোনো সন্দেহ নেই। তারা নিজেরাই সমস্যা সৃষ্টি করে, আবার তারাই বলে, আমরা সমস্যার সমাধান করব। আমরাই সংকট নিরসন করে সুন্দর ব্যবস্থাপনা-শঙ্কামুক্ত নিরাপদ পরিবেশ তৈরি করে দেবো। অথচ এটাই হচ্ছে সবচেয়ে বড় সংকট। কারণ, বাঘ কি কোনোদিন ছাগলের রক্ষক হতে পারে? না, হতেই পারে না।

হে আল্লাহর বান্দারা!

মুসলিম-অমুসলিমের মাঝে ধর্মীয় শত্রুতাই মূল বিষয়। যা ভুলে গেলে আমাদের চরম মূল্য দিতে হবে। আমেরিকা আকারে হাতির মতো বড় হলেও তার নিজস্ব কোনো ক্ষমতা নেই। একমাত্র ইহুদি মাহুতরাই তাকে যেদিকে ইচ্ছা, অনুগত হাতির মতো সেদিকে টেনে নিয়ে যায়। স্পষ্ট ভাষায় বলছি—মুসলিম উম্মাহ কখনো কোনো মুসলিম রাষ্ট্রে, বিশেষত উপসাগরীয় আরব রাষ্ট্রগুলোতে, আমেরিকা কিংবা অন্য কোনো কুফরি রাষ্ট্রের সৈন্য সমাবেশ কোনো অবস্থাতেই মেনে নেবে না। কারণ, নবী কারিম সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, "আরব উপদ্বীপে দুই ধর্ম ইসলাম ও কুফরের সহাবস্থান হতে পারে না"।[২২]

মৃত্যুশয্যায় নবী কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শেষ অসিয়ত ছিল এটাই যে, "তোমরা ইহুদি-খ্রিস্টানদের জাজিরাতুল আরব থেকে বের করে দাও"।[২৩]

সুতরাং মুসলিম উম্মাহর জন্য রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এ অসিয়ত পালন করা ফরজ।

হে মুসলিম উম্মাহ!

সর্বপ্রকার ভীতির মেঘ আজ তোমাদের মাথার ওপর তাঁবুর মতো ছেয়ে গেছে। সুতরাং এ মুহূর্তে তোমাদের সবার জন্য মুসিবত থেকে নাজাত পেতে আল্লাহর কাছে তওবা করা অতি আবশ্যক। কারণ, একমাত্র পাপের কারণেই বালা-মুসিবত নাজিল হয়। আবার তাওবা ছাড়া বালা-মুসিবত কখনোই দূর হয় না।

হে আল্লাহর অবাধ্য মদ্যপায়ী ব্যক্তি, আল্লাহর কাছে তাওবা করো। তোমার তাওবা তোমার সমাজ শুদ্ধির কাজে একটি বড় সহায়ক। হে ব্যভিচারী, আল্লাহর নাফরমান, হে সমকামী, আল্লাহর নাফরমান, আল্লাহর কাছে তাওবা করো। আল্লাহর মাগফেরাত-রহমত সন্ধানে ব্রত হও। হে বেনামাজি, আল্লাহর নাফরান, আল্লাহর তা'আলার দিকে ফিরে এসো। হে জালিম, মুসলমানের অর্থসম্পদ ও মান-সম্মান লুণ্ঠনকারী, রবের রহমত পানে প্রত্যাবর্তন করো। হে মুসলিম জাতি, নিজেদের অর্থসম্পদকে সুদের নাপাকি থেকে পবিত্র করো। কারণ, একমাত্র সুদি লেনদেনই যুদ্ধ-বিগ্রহ ও ফ্যাসাদসহ আল্লাহর যাবতীয় ক্রোধের কারণ। তোমাদের পারস্পরিক লেনদেন ও যাবতীয় মুয়ামালা-মুয়াশারাকে ইসলাম ও শরিয়তের বিধানের সাথে সংঘাতপূর্ণ আচরণ থেকে পবিত্র করো; যাতে ব্যাংকিংসহ অন্যান্য লেনদেন শরয়ী বিধানের অনুগত হয়ে চলতে পারে।

আল্লাহর প্রতি, আল্লাহর বিধানসমূহের প্রতি দাওয়াত দিতে থাকো। যাবতীয় ইসলামি দাওয়াতি তৎপরতার শক্তি যোগাতে থাকো।

---

[২২]. মুআত্তা মালেক, হাদীস নং ২৬০৭

[২৩]. সহিহ বুখারী, হাদীস নং ৩১৬৮; সহিহ মুসলিম, হাদীস নং ১৬৩৭

মুসলমানদেরকে ইসলামি আহকামের তা'লিম দিতে থাকো। মুসলিম বিশ্বের প্রতিটি রাষ্ট্রেই ইসলামি শিক্ষাব্যবস্থা চালু করার গুরুত্ব অনুধাবন করো। মহান আল্লাহর দিকে অমুসলিমদেরকেও দাওয়াত দিতে থাকা প্রত্যেক মুসলমানের ঈমানী কর্তব্য। এসব বিষয়ে ওই সকল উলামায়ে কেরামেরই মনোনিবেশ করা ও পৃষ্ঠপোষকতা করা ফরজ; যাদের আকিদা, ইলম ও শরিয়তের প্রতি দৃঢ়তার ব্যাপারে পূর্ণ আস্থা রাখা যায়। বিশেষভাবে তা ওইসব মুফতিদেরই কর্তব্য, মুসলিম সমাজ স্বীয় সমস্যাবলির কুরআন-সুন্নাহর আলোকে সমাধান লাভের উদ্দেশ্যে যাদের শরণাপন্ন হয়ে থাকে।

হে মুসলমানগণ!

বিশেষভাবে ওই দলীয় দ্বন্দ্ব থেকে—যেগুলো মুসলিম সমাজকে পরস্পর দ্বিধা-বিভক্ত করে দেয়—এবং স্বীয় মর্যাদা প্রতিষ্ঠার লোভ পরিহার করো, যা মুসলিম সমাজে ফাটল সৃষ্টি করে।

হে মুসলিম সমাজ!

আল্লাহর শাস্তিকে ভয় করো। আল্লাহর আজাবের ব্যাপারে সচেতন হও। আল্লাহ তা'আলা ইরশাদ করেন, "হে ঈমানদারগণ, তোমরা মুমিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না। তারা তোমাদের অমঙ্গল সাধনে কোন ত্রুটি করবে না। তোমরা কষ্টে থাকো, তাতেই তাদের আনন্দ। কখনো শত্রুতাপ্রসূত বিদ্বেষ তাদের মুখ ফুটে বেরোয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে, তা আরও অনেক গুণ বেশি জঘন্য। তোমাদের জন্য নির্দেশনা বিশদভাবে বর্ণনা করে দেওয়া হলো; যদি তোমরা তা অনুধাবন করতে সমর্থ হও। দেখো! তোমরাই তাদের ভালোবাসো। কিন্তু তারা তোমাদের সাথে মোটেও সদ্ভাব পোষণ করে না। আর তোমরা সমস্ত কিতাবেই বিশ্বাস করো। অথচ তারা যখন তোমাদের সাথে এসে মিশে, তখন বলে, 'আমরা ঈমান এনেছি'। পক্ষান্তরে তারা যখন পৃথক হয়ে যায়, তখন তোমাদের ওপর ক্ষোভবশত আঙুল কামড়াতে থাকে। আপনি বলুন, তোমরা আক্রোশে মরতে থাকো। আল্লাহ মনের কথা ভালোই জানেন। তোমাদের যদি মঙ্গল হয়, তাহলে তাদের খারাপ লাগে। আর যদি তোমরা ধৈর্য ধারণ করো এবং তাকওয়া অবলম্বন করো, তবে তাদের প্রতারণায় তোমাদের

কোনোই ক্ষতি হবে না। নিশ্চয়ই তারা যা কিছু করে, তা সব আল্লাহর আয়ত্তে রয়েছে।"[২৪]

মহান আল্লাহ তাঁর মহান আসমানি গ্রন্থ আল-কুরআন দিয়ে আমাকে ও আপনাদেরকে বরকতময় করুন এবং কুরআনে কারিমের সুস্পষ্ট নির্দেশনা ও হেকমতপূর্ণ নসিহত দিয়ে আমাকে ও আপনাদেরকে উপকৃত করুন। সাইয়িদুল মুরসালিন মুহাম্মাদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পবিত্র জীবনাদর্শ ও তাঁর মহান বাণী দিয়ে আমাদের সবাইকে উপকৃত করুন, আমিন।

এ বলে আমার বক্তব্য শেষ করলাম। মহান আল্লাহর নিকট আমার জন্য এবং আপনাদের জন্য ও সমগ্র মুসলিম উম্মাহর জন্য সর্বপ্রকার পাপ থেকে মাগফেরাত কামনা করছি। আপনারাও তাঁর নিকট মাগফেরাত কামনা করুন। নিশ্চয়ই একমাত্র আল্লাহই সমস্ত পাপের মার্জনাকারী ও অত্যন্ত দয়াশীল।

দ্বিতীয় খুতবা

সকল প্রশংসা সেই আল্লাহ তা'আলার, যিনি নেককারদের বন্ধু। আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ তা'আলা ছাড়া ইবাদতের উপযুক্ত কেউ নেই। তিনি একক, তার কোনো শরিক নেই। যিনি মুসলিমদের সম্মানিত করেছেন আর কাফিরদের লাঞ্ছিত করেছেন। আমি আরও সাক্ষ্য দিচ্ছি, আমাদের নবী ও সরদার মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহ তা'আলার বান্দা ও তাঁর রাসুল। যিনি অঙ্গিকার রক্ষাকারী ও আমানতদার। হে আল্লাহ, আপনার বান্দা ও রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর পরিবার ও সকল সাহাবির ওপর রহমত, বরকত ও শান্তি বর্ষণ করুন।

মুসলমানদের কর্মপদ্ধতি

হে মুসলিমরা, আল্লাহ তা'আলা কে ভয় করো। আল্লাহ তা'আলা বলেন, "হে মুমিনরা! তোমরা আল্লাহ ও রাসুলের ডাকে সাড়া দাও, যখন সে তোমাদেরকে আহ্বান করে সেই জিনিসের প্রতি, যা তোমাদেরকে জীবন দান করবে। জেনে রেখো, আল্লাহ তা'আলা মানুষ ও তার হৃদয়ের মাঝে অন্তরায়

২৪. আলে ইমরান : ১১৮-১২০

হন। আর নিশ্চয় তার নিকট তোমাদেরকে সমবেত করা হবে। আর তোমরা ভয় করো ফিতনাকে, যা তোমাদের মধ্য থেকে শুধু জালিমদের ওপরই আপতিত হবে না; [বরং এই ফিতনায় ওইসব নেক লোকও আপতিত হবে, যারা গোনাহগারদেরকে গোনাহ থেকে বিরত রাখার চেষ্টা করে না] আর জেনে রেখো, আল্লাহ আজাব প্রদানে বড় কঠোর।"[২৫]

হে মুসলিমরা, আল্লাহ তা'আলার কিতাব ও রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহর ওপর একত্রিত হয়ে যাও। কিতাবুল্লাহ ও রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহর ওপর আমল করো। প্রতিটি মুসলিমকে আল্লাহ তা'আলার দিকে প্রত্যাবর্তন করা উচিত। সকল মুসলিম দেশের উচিত, তারা পরস্পর সম্প্রীতি লালনকারী ও একে অপরের সহযোগী হওয়া। বিশেষ করে বর্তমান বিশ্ব মুসলিমের এই ভয়াবহ আশঙ্কার সময়ে, যা মুসলিম দেশগুলোর ওপর ধেয়ে আসছে। কাফেরদের লক্ষ্য হলো, তারা তাদের বিষয়গুলোতে দখলদারিত্ব ও ষড়যন্ত্র করে মুসলিমদেরকে নিরাশ করে দিতে চায় এবং একেকে অপর থেকে দূরে ঠেলে দিয়ে ধ্বংস করে দিতে চায়।

মুসলিম দেশগুলোর দায়িত্ব

এই অবস্থায় মুসলিম দেশগুলোর, বিশেষ করে উপসাগরীয় দেশসমূহের ওপর কর্তব্য হলো, তারা একে অপরের প্রতি সৌহার্দ্য ও সহযোগিতার পথ অবলম্বন করা। উপসাগরীয় দেশসমূহের ওপর কর্তব্য হলো, তারা সম্মিলিত কাজসমূহে কোনো একক মতামত ও বিরোধপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ না করা। উপসাগরীয় দেশসমূহের কোনো দেশই সৌদি আরবের পরামর্শ ব্যতীত কোনো চুক্তি স্বাক্ষর না করা। কেননা, এ দেশ এসকল দেশ টিকে থাকার মাধ্যম। এসকল দেশ আল্লাহ তা'আলা থেকে শক্তি অর্জনের পর এই দেশ থেকে শক্তি অর্জন করে থাকে। এই দেশ এসকল উপসাগরীয় দেশসমূহের জন্য সুদৃঢ় দুর্গস্বরূপ।

এই দেশসমূহের ওপর এটাও কর্তব্য, ইরাকের ওপর আক্রমণের জন্য আল্লাহর দুশমনদেরকে কোনো সেনাছাউনি ব্যবহার করতে না দেওয়া। কেননা, আল্লাহ তা'আলা সকল মুমিনকে এক দেহের মতো বানিয়েছেন আর ইসলামের শত্রুদের ছাউনি প্রদানের দ্বারা ইরাকি মুসলিমদেরই ক্ষতি হবে।

[২৫]. আনফাল : ২৪-২৫

যদিও এই কঠিন সমস্যা দৃশ্যত সমাধান হওয়ার মতোই, কিন্তু এতে নিশ্চিন্ত হওয়া যাবে না যে, বৃহৎ শক্তিগুলো তাদের উদ্দেশ্য ও স্বার্থ উদ্ধারের জন্য আরও কঠিন কোনো পরিস্থিতির সৃষ্টি করবে না।

সুতরাং জরুরি হলো, কাফেররা যেন এসকল দেশে তাদের এমন কোনো বিশ্বস্ত মিত্র তালাশ করতে না পারে, যে তাদের গোপন উদ্দেশ্য বাস্তবায়নে সহযোগিতা করবে। তাদের ওপর এটাও কর্তব্য যে, আমেরিকা কিংবা যেকোনো কাফের রাষ্ট্রকে কোনো মুসলিম দেশে আক্রমণের জন্য, সামরিক নৌযান নোঙ্গরের জন্য নিজেদের বন্দরে জায়গা দেওয়ার মতো ঘৃণ্য উদারতা না দেখানো আর না নিজেদের অঞ্চলে তাদের সামরিক স্থাপনা নির্মাণের অনুমতি দেওয়া।

হে মুসলিমরা, আল্লাহ তা'আলাকেই ভয় করো। মুসলিম দেশসমূহ ও আরব দেশগুলোর ওপর কর্তব্য হলো, এই যুদ্ধ জাহাজ ও ইহুদি-খ্রিষ্টান সৈন্যদের এখান থেকে বহিষ্কার করতে সৌদি আরবের পরিপূর্ণ সঙ্গ দেওয়া। কেননা, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, **"আরব উপদ্বীপে দুটি দীন প্রতিষ্ঠিত থাকতে পারে না।"**[২৬]

এই অঞ্চলের শাসকরা তাদের দায়িত্ব ও নিরাপত্তা প্রতিষ্ঠার পথ ও পন্থা সম্পর্কে পূর্ণ অবগত। যদি এই ভূমি বৃহৎ শক্তির অনুপ্রবেশ থেকে মুক্ত ও নিরাপদ হয়ে যায় তাহলে তার নিরাপত্তার জন্য কোনো আশঙ্কা নেই।

মুসলিমদের সাথে কাফেরদের শত্রুতা ও হিংসা

হে মুসলিমরা! আল্লাহ তা'আলাকে ভয় করো। একে অপরের বন্ধু ও সাহায্যকারী হয়ে যাও। এ কথা বুঝে নাও, এই কাফেররা তোমাদেরকে হিংসা করে। এমনকি এই অঞ্চলের মনোরম পরিবেশের প্রতিও হিংসা রাখে। কেননা, তাদের শহর কল-কারখানার ধোঁয়া এবং তাদের উপাসনালয়গুলো তাদের পাপ ও আল্লাহ তা'আলার অপছন্দনীয় কর্মের পঙ্কিলতা ও নাপাকিতে ভরপুর। এ জন্য ওরা তোমাদের সবকিছুতে হিংসা করে। আর সবচেয়ে মহান বস্তু যাকে তারা হিংসা করে তা হলো দীন, ইসলাম ও আখলাক।

হে আল্লাহর বান্দারা, আল্লাহকে ভয় করো এবং রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সতর্কবাণী শোনো—

[২৬]. মুআত্তা মালেক, হাদীস নং ২৬০৭

"অচিরেই তোমাদের ওপর এমন একটা সময় আসবে, যখন বিশ্ব কুফরি শক্তিগুলো একে অপরকে আহ্বান করে তোমাদের ওপর এমনভাবে ঝাঁপিয়ে পড়বে যেমনটা খাবারের পাত্রে একে অপরকে আহ্বান করে করে থাকে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসুল, তখন কি আমাদের সংখ্যা খুব কম হবে? রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, না। বরং তোমাদের সংখ্যা তখন অনেক বেশি হবে। তবে তোমরা হবে সাগরের ফেনার মতো। তোমাদের অন্তরে 'ওয়াহান' ঢেলে দেওয়া হবে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, ওয়াহান কী? নবীজী সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, দুনিয়ার ভালোবাসা এবং মৃত্যুর ব্যাপারে অনিহা। অপর এক বর্ণনায় আছে, দুনিয়ার ভালোবাসা ও কিতালের ব্যাপারে অনিহা।"[২৭]

দু'আ

হে আল্লাহর বান্দারা! নিশ্চয় আল্লাহ তা'আলা ও তাঁর ফেরেশতারা নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর রহমত বর্ষণ করেন। তোমরাও তাঁর ওপর বেশি বেশি দুরুদ পাঠ করো। নবীজী সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন : "যে ব্যক্তি একবার দুরুদ পড়বে, আল্লাহ তা'আলা তার ওপর দশটি রহমত নাজিল করেন।" সুতরাং তোমরা সাইয়িদুল আওয়ালিন ওয়াল আখেরিনের ওপর দুরুদ ও সালাম পাঠ করো।

আল্লাহুম্মা সাল্লি আলা মুহাম্মাদ...

হে আল্লাহ! হজরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর রহমত অবতীর্ণ করুন, যেমনটি রহমত অবতীর্ণ করেছিলেন হজরত ইবরাহিম আলাইহিস সালামের ওপর। নিশ্চয় আপনি প্রশংসার উপযুক্ত ও মহান। হে আল্লাহ! হজরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর বরকত অবতীর্ণ করুন, যেমনটি অবতীর্ণ করেছিলেন হজরত ইবরাহিম আলাইহিস সালামের ওপর। নিশ্চয় আপনি প্রশংসার উপযুক্ত এবং মহান। হে আল্লাহ! খুলাফায়ে রাশেদিন আবু বকর, উমর, উসমান, আলী ও সকল সাহাবায়ে কেরাম রাদিআল্লাহু আনহুমদের ওপর সন্তুষ্ট হয়ে যান। হে রাব্বুল আলামিন! তাদের ওপরও সন্তুষ্ট হয়ে যান যারা কেয়ামত পর্যন্ত তাদের সর্বোত্তম পথের অনুসারী হবে।

[২৭]. মুসনাদে আহমাদ, হাদীস নং ২২৩৯৭

হে আল্লাহ! হে সর্বোচ্চ দয়ালু! আমাদের প্রতিও আপনার দয়ায় সন্তুষ্ট হয়ে যান। হে আল্লাহ! ইসলাম ও মুসলিমদেরকে সম্মান ও বিজয় দান করুন এবং কুফর এবং কাফেরদেরকে লাঞ্ছিত ও অপমানিত করুন।

হে আল্লাহ! কুফরের সর্দারদেরকে আপনার আজাবে নিপতিত করুন। হে আল্লাহ! তাদের সকল কর্মকাণ্ড ও পরস্পর সম্পর্কের মাঝে বিরোধ সৃষ্টি করে দিন। হে আল্লাহ! যারা ইসলাম ও মুসলিমদের সাথে শত্রুতা পোষণ করে, তাদেরকে ধ্বংস করে দিন। হে আল্লাহ! হে রাব্বুল আলামিন! কুফরি শক্তিগুলোকে তাদের নিজেদের মধ্যে লড়াইয়ে লিপ্ত করে দিন এবং তাদেরকে মুসলিমদের থেকে দূরে সরিয়ে পারস্পরিক যুদ্ধ-বিগ্রহে লিপ্ত করে দিন। হে আল্লাহ! ইসলামের শত্রুদের সকল ষড়যন্ত্র ও প্রচেষ্টাকে বেকার করে দিন। হে আল্লাহ! যে-কেউ আমাদের সাথে এবং আমাদের ভূখণ্ডের সাথে অনিষ্ট ও ক্ষতির ইচ্ছা পোষণ করে, আপনি মেহেরবানি করে তাদের অনিষ্ট ও ক্ষতিকে তাদের বিরুদ্ধেই ব্যবহার করুন। তাদের এবং তারা যে অনিষ্টতার ইচ্ছা পোষণ করে—এ দুয়ের মাঝে আপনি প্রতিবন্ধক হয়ে যান।

ইয়া রাব্বাল আলামিন! নিশ্চয় আপনি প্রত্যেক বস্তুর ওপর ক্ষমতাশীল। হে আল্লাহ! আমরা প্রত্যেক কাফিরের মোকাবিলায় আপনাকেই সামনে রাখি অর্থাৎ আপনার নিকটই সাহায্য প্রার্থনা করি। হে আল্লাহ! আমরা মুশরিকদের মোকাবিলায় আপনার মাধ্যমেই প্রতিরোধ করি। হে আল্লাহ! ইহুদি-খ্রিষ্টানদের ওপর আপনার আজাব আপতিত করুন। হে আল্লাহ! হিন্দু ও মুশরিকদেরকে আপনার আজাব ও ধ্বংসের মধ্যে নিক্ষেপ করে দিন। হে আল্লাহ! তাদের ওপর আপনার এমন আজাব অবতীর্ণ করুন, যা অপরাধী জাতিগুলো থেকে ফিরিয়ে নেওয়া হয় না। হে আল্লাহ! তারা গোটা দুনিয়াকে ফিতনা-ফাসাদ ও জুলুম-নির্যাতন এবং পাপ-পঙ্কিলতায় ভরে দিয়েছে। হে আল্লাহ! আমরা তাদের মোকাবিলায় আপনার নিকটই সাহায্য প্রার্থনা করছি এবং তাদের অনিষ্ট থেকে আপনার নিকটই আশ্রয় চাচ্ছি। আমরা রাফেজিদের অনিষ্ট থেকে আপনারই আশ্রয় চাই। নিশ্চয় আপনি প্রত্যেক বস্তুর ওপর ক্ষমতাবান।

হে আল্লাহ, মুসলিমদের অন্তরে পরস্পরের প্রতি ভালোবাসা সৃষ্টি করে দিন। তাদেরকে সংশোধন করে দিন। শান্তির পথে তাদেরকে পরিচালিত করুন। তাদেরকে অন্ধকার থেকে আলোর দিকে বের করে নিয়ে আসুন এবং তাদেরকে শত্রুর বিরুদ্ধে সাহায্য করুন। হে আমাদের পালনকর্তা! আমাদেরকে ইহকাল ও পরকাল উভয় জাহানের সমূহ কল্যাণ দান করুন এবং জাহান্নামের শাস্তি থেকে আমাদেরকে রক্ষা করুন। হে আল্লাহ!

আমাদের শাসকদেরকে হেফাজত করুন এবং তাদেরকে এমন কাজ করার তাওফিক দান করুন যা আপনার পছন্দ ও যার ওপর আপনি সন্তুষ্ট। হে আল্লাহ! তাদেরকে হেদায়েতের দিকে পরিচালিত করুন এবং হেদায়েতপ্রাপ্ত লোকদের অন্তর্ভুক্ত করুন। হে আল্লাহ! দীনী ও দুনিয়াবী কাজে তাদেরকে সাহায্য করুন।

হে আল্লাহ! যখন হক ও বাতিলের মাঝে অস্পষ্টতা আসবে, তখন তাদেরকে হকের দিকে পরিচালিত করুন। হে আল্লাহ! তাদের অন্তরের সংশোধন করে দিন। হে আল্লাহ! হে রাব্বুল আলামিন! মুসলিমদেরকে আপনার সন্তুষ্টি এবং পছন্দের কাজ করার তাওফিক দান করুন।

হে আল্লাহর বান্দারা, "নিশ্চয় আল্লাহ তা'আলা ইনসাফ, অনুগ্রহ ও আত্মীয়-স্বজনের প্রতি সাহায্য-সহযোগিতা করার নির্দেশ প্রদান করেন এবং তিনি যাবতীয় মন্দ কাজ ও জুলুম-নির্যাতন করতে নিষেধ করেন। আল্লাহ তা'আলা তোমাদেরকে এ জন্য উপদেশ প্রদান করেন, যেন তোমরা উপদেশ গ্রহণ করো। তোমরা আল্লাহ তা'আলার সাথে কৃত ওয়াদাকে পূর্ণ করো। যখন তোমরা এটাকে নিজেদের দায়িত্ব মনে করবে এবং কসম করে তা ভঙ্গ না করবে, তখন তোমরা আল্লাহ তা'আলা কে তার ওপর সাক্ষী বানিয়ে নিলে। নিশ্চয় আল্লাহ তা'আলার জানা আছে, যা তোমরা করছ।"

তোমরা সেই আল্লাহকে স্মরণ করো, যিনি মহান ও মহৎ, আল্লাহও তোমাদের স্মরণ করবেন। আল্লাহ তা'আলার প্রদত্ত নেয়ামতের শুকরিয়া আদায় করো, তাহলে আল্লাহ তা'আলা নেয়ামত বৃদ্ধি করে দেবেন। আল্লাহ তা'আলার জিকির অনেক বড় জিনিস। তোমরা যা কিছু করছ, আল্লাহ তা'আলা তার সবকিছুর ব্যাপারেই অবগত।

এ বিষয়ে আরও বিস্তারিত জানতে এই গ্রন্থের শেষাংশে প্রদত্ত চিত্র নং ১,২ ও ৩ দ্রষ্টব্য।

মুসলিম উম্মাহর উদ্দেশ্যে লেখা শাইখ উসামা বিন লাদেন রাহিমাহুল্লাহ-এর ঐতিহাসিক চিঠি

মুসলিম উম্মাহর সমীপে ইসলামের এক অবিসংবাদিত বীর সেনানী, সোনালি যুগের মহান সিপাহসালারদের এ যুগের প্রতিচ্ছবি, মুজাহিদে ইসলাম শাইখ উসামা বিন মুহাম্মাদ বিন লাদেন রাহিমাহুল্লাহ-এর মর্মস্পর্শী চিঠি—যার লাইনে লাইনে ইসলাম ও মুসলিম উম্মাহর প্রতি হৃদয়স্পর্শী ব্যথা এবং শব্দে শব্দে তাদের বিজয় ও সাহায্যের আর্তনাদ ঝরছে। অগ্নিভস্ম হৃদয়ে কলজে পোড়া ছাইসদৃশ রক্তবিন্দু থেকে লিখিত দুটি পত্র। যা মুসলিম উম্মাহর আগামী দিনের ভয়ঙ্কর বিপদ সম্বন্ধে সতর্কবাণী। সমাধানকল্পে করণীয় কার্যাবলির বিশদ বিবরণ।

পূর্বসূরিদের স্মরণ পুনরুজ্জীবিতকারী ইসলামের এই মহান ব্যক্তিত্ব এই চিঠি দুটিতে মুসলিম যুবকদেরকে ও জাতির কর্ণধার ওলামায়ে কেরামকে বিশ্বকুফরি শক্তির ষড়যন্ত্র সম্পর্কে সতর্ক করার সাথে সাথে ধারাবাহিক প্রচেষ্টা ও নিরবচ্ছিন্ন সাধনার প্রতিও উদ্বুদ্ধ করেছেন। মুসলিম বিশ্বে এই দৃঢ়পদ মহান মুজাহিদের প্রতি বিশ্বাস-ভালোবাসা পোষণকারীর সংখ্যা অপ্রতুল; কিন্তু এ মুহূর্তে আবশ্যক হৃদয় দিয়ে তার পয়গাম অনুধাবন করা ও তার ডাকে সাড়া দেওয়া।

সকল প্রশংসা ওই আল্লাহ তা'আলার জন্য, যিনি ইরশাদ করেছেন : "হে ঈমানদাররা, নিশ্চয় মুশরিকরা নাপাক। সুতরাং তারা এ বছরের পর যেন মসজিদুল হারামের নিকটবর্তী না হয়।"[২৮]

দুরুদ ও সালাম অবতীর্ণ হোক রাসুলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নুরানী সত্তার ওপর, যিনি মৃত্যুশয্যায় জীবনের শেষ ওসিয়ত করেছিলেন এই বলে :

"তোমরা ইহুদি-খ্রিষ্টানদের আরব উপদ্বীপ থেকে বের করে দাও"।[২৯]

হামদ ও সালাতের পর!

আহ ইসলাম!

আহ মুসলমানদের কেবলা!

হে আমার জাতি!

---

২৮. তাওবা : ২৮

২৯. সহিহ বুখারী, হাদীস নং ৩১৬৮; সহিহ মুসলিম, হাদীস নং ১৬৩৭

আমার দিকে মনযোগী হও। তোমাদের এমন কঠিনতম বিপদ সম্পর্কে সতর্ক করছি, যা আমার চোখের সামনে। এমন ভয়াবহ বিপদ, যা মাথার ওপর সমবেত। আর তা হলো, আমেরিকার পক্ষ থেকে জাজিরাতুল আরব তথা আরব উপদ্বীপের পবিত্রতাকে পদদলিত করা। আল্লাহ তা'আলার কাছে সর্বাধিক সম্মানিত শহরের ওপর দখলদারিত্ব প্রতিষ্ঠা করা; সেই শহর— যেখানে মুসলমানদের পবিত্র কেবলা অবস্থিত, যেখানে ওহী নাজিল হয়েছে, যেখানে দুঃসাহসী যোদ্ধা, নিপুণ যুদ্ধ-কমান্ডার প্রিয় নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পবিত্র জন্ম ও বাসস্থান। বাইতুল মুকাদ্দাস ও আশেপাশের পবিত্র ভূমির ওপর পুরোপুরি দখলদারিত্বের পর এটা এক নতুন; বরং পূর্বের চেয়েও আরও অনেক বড় মুসিবত, যা আমেরিকা আমাদের ওপর চাপিয়ে দিয়েছে।

হে আমার জাতি! তোমরা কোথায় ঘুমিয়ে আছ? হে বিশ্বের মুসলমান! তোমরা কোন খেয়ালে আছ? এই ভয়াবহ ফেতনা, মহা-পরীক্ষা আর এমন কঠিন বিপদ দেখেও কীভাবে দৃষ্টি ফিরিয়ে বসে আছ? হে আমার জাতি! হে আমার মুসলিমগণ! পবিত্র হারামাইনের ভূমিতে গাদ্দার ইহুদিদের উপস্থিতি এবং ক্রুশের নাপাকি কি তোমাদের দৃষ্টি গোচর হয় না? এর চেয়ে অধিক মর্মান্তিক মুসিবত ও কষ্টদায়ক ঘটনা আর কী হতে পারে, যার অপেক্ষা তোমরা করছ?

জাজিরাতুল আরবের ওপর এমন বিপদ এসে পড়েছে, কারও এতে এতটুকু অনুভূতিও নেই। এর ওপর আমেরিকান সৈন্যরা এমন আক্রমণ করে রেখেছে, যা মুসলিম উম্মাহর ইতিহাসে এর পূর্বে আর কেউ করেনি। পবিত্র ভূমিতে ওরা হনহনিয়ে ফিরছে। মুসলিম সমুদ্রসমূহকে নিজেদের সামুদ্রিক জাহাজ দ্বারা আলাদা করে চলেছে। পবিত্র ভূমির পবিত্র পরিবেশে পুরো স্বাধীনভাবে ঘুরাফেরা করছে। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর মৃত্যুশোকের পরে এর চেয়ে বড় আর কোন মুসিবত নেই—যা উম্মাহর সামনে সংগঠিত হয়েছে। এই ইহুদি ও খ্রিষ্টান, যাদেরকে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও সাহাবায়ে কেরামের যুগে এখান থেকে চিরতরে বের করে দেওয়া হয়েছিল। আজ এখানে ওই দুশ্চরেরা রাষ্ট্রীয় দখলদারের একেবারেই কাছাকাছি পৌঁছে গেছে। সেদিন বেশি দূরে নয়, যেদিন তারা এখানে পূর্ণ দখলদারিত্ব প্রতিষ্ঠার সাথে ঝেঁকে বসবে। বিষয়টি এখন সীমা অতিক্রম করে ফেলেছে। কিন্তু অন্যের চিকিৎসা প্রদানকারী স্বয়ং নিজেই অসুস্থ হয়ে পড়েছে। স্বয়ং ডাক্তারের গলায়-ই হাড্ডি আটকেছে।

উপসাগরীয় শাসকদের অজুহাত

প্রথমদিকে আমেরিকান সৈন্যদের আগমনের বৈধতা সম্পর্কে উপসাগরীয় শাসকদের পক্ষ থেকে এই দলিল পেশ করা হয়েছে—আমাদের কাছে ইরাকি হামলা প্রতিহত করার যথাযথ শক্তি নেই। আরব দেশগুলো কিংবা অন্যান্য মুসলিম দেশ নিজেদের সৈন্য প্রেরণের যে ইচ্ছা করেছে, তা সাথে সাথেই ব্যবস্থা হবে না। মানুষ এই হাস্যকর ও অসহায় দলিল শুনে শুধু এ জন্য চুপ হয়ে গেছে, তারা মনে করেছিল এই সৈন্যরা কয়েক মাসের জন্যই এসেছে। কিন্তু এই দলিলের কোনো সত্যতা ছিল না। মানুষের এই মনে করাটা সঠিক ছিল না। উপসাগরীয় শাসকদের এই দলিল ভীষণ শঙ্কার ও অন্তঃসারশূন্য ছিল।

চলুন, আমরা মেনে নিলাম, ইসরাইলের নিরাপত্তাকে আশঙ্কা থেকে বাঁচাতে এই শাসকরা এমন সৈন্যদল পর্যন্ত তৈরি করেনি, যারা নিজ দেশের আত্মরক্ষা করতে পারে। কিন্তু এমন যুদ্ধমুখী পরিস্থিতিতেও অমুসলিমদের থেকে সাহায্য নেওয়ার পূর্বে জাযিরাতুল আরবের মুসলমানদেরকে আত্মরক্ষার জন্য ভরপুর আওয়াজ কেন ওঠানো হলো না? মানুষকে এই বিপদের ভয়াবহতা বুঝিয়ে, কেন সৈন্য ভর্তি করা হলো না? মুসলিম জানবাজদেরকে আত্মরক্ষার ফরজ আদায়ের সুযোগ কেন দেওয়া হলো না? এসব কিছু করা ব্যতীত ইহুদি-খ্রিষ্টানদেরকে মুসলিম দেশের হেফাজতের জন্য ডেকে আনা ইসলাম ও মুসলমানদের সাথে কতটা বেঈমানী? জাযিরাতুল আরবে কি পুরুষের জন্ম বন্ধ হয়ে গেছে যে, আমেরিকার লেডিসফোর্স তথা নারী সৈনিকদেরকে এই সুরক্ষার ফরিজা আদায়ের জন্য এখানে এনে সমবেত করা হয়েছে? মানুষ আমেরিকান সৈনিকদের আগমনকে অস্থায়ী মনে করাটাও ভুল ছিল। কেননা, তাদের নির্দিষ্ট মেয়াদ বহু আগেই শেষ হয়ে গেছে। তারপর আরও এক বছর অতিবাহিত হয়ে গেছে, দ্বিতীয় বছর গেল, বর্তমানে সাত বছর হতে চলছে। কিন্তু কাফির সৈন্য মুসলিম দেশ থেকে প্রত্যাহারের নামও নিচ্ছে না। বরং দিন দিন তা বৃদ্ধি পাচ্ছে। জনসাধারণ, রাজনীতিকবৃন্দ, শাসকদের সুরে সুর মেলানো দরবারি মোল্লাদের এই ভুল বুঝাবুঝি দূর হয়ে গেছে। পুনরায় আমেরিকা ইরাকের ওপর জবাবি আক্রমণের যে ঢোল পেটাচ্ছে এবং যত জোরেশোরে এর প্রোপাগান্ডা চালাচ্ছে, তার রহস্য তখনই উন্মোচিত হয়ে গেছে, যখন যুদ্ধের পরে লোকেরা ইরাককে দেখেছে। এমনই ঠিকঠাক ছিল, যেন এর ওপর কোন হামলাই হয়নি। সকল মুসলিম এবং কাফির এর ওপর একমত, আমেরিকার

ইরাকের বিরুদ্ধে আক্রমণ শুধুই লোক দেখানো। বরং একটি অজুহাত ছিল, ইহুদি সৈন্য জাজিরাতুল আরবে অবতরণ করবে।

আরব ভূমিতে আমেরিকান সৈন্য কেন? আমরা দ্বিতীয়বার এই প্রশ্নের পুনরাবৃত্তি করছি। আমেরিকান সৈনিক আমাদের ভূখণ্ডে কেন ছাউনি গেড়ে আছে? আমরা এর সন্তোষজনক কোনো উত্তর এখন পর্যন্ত পাইনি। কোনো কোনো লোক তাদের মুনাফেকি ও ধোঁকাবাজি ঢাকার জন্য এদিক-সেদিক হাঁকে। কিন্তু আমরা তো এই প্রশ্নের উত্তরে আরব ভূখণ্ড-সংক্রান্ত আমেরিকার লালসাই দেখছি। এটা কেবল আমাদের ধারণাই নয়, স্বয়ং তাদের ঘরের বেদী-ই এর সাক্ষী, এসব কিছু এই পবিত্র ভূমির পবিত্রতা পদদলিত করতে এবং আরবদের গলায় ফাঁস দেওয়ার জন্যই করা হয়েছে। অভ্যন্তরীণ এই অন্তরঙ্গের উন্মোচন এই লোকদের মুখে প্রচণ্ড থাপ্পর, যারা মূলত আমেরিকার সংকল্পের ওপর পর্দা দেওয়ার চেষ্টা করে। কিংবা এই দাবি করে, আরবরা কারও ওপর নির্ভরশীল নয়, নিজের পায়ে দাঁড়ানো।

জাজিরাতুল আরবে আমেরিকার আগ্রহের কারণ

একটু ভাবুন, আমেরিকার প্রেসিডেন্ট 'ফ্রাঙ্কলিন রোজপেল্ট' আজ থেকে ৬০ বছর আগে জাজিরাতুল আরবের ওপর আমেরিকার লোলুপ দৃষ্টি দেওয়ার স্বীকারোক্তি দিয়েছেন। এবং তার এই ভূখণ্ডের প্রতি আগ্রহ এবং লালসার কারণ বর্ণনা করতে গিয়ে ৩টি কারণ উল্লেখ করেছেন।

১. পৃথিবীর দুই তৃতীয়াংশ পেট্রোলের ওপর আমেরিকার দখলদারিত্ব প্রতিষ্ঠা করা।

২. বিশ্বযোগাযোগ ব্যবস্থার মূল সমুদ্রসমূহকে নিজেদের আয়ত্তে নেওয়া।

৩. ইসরাইলের স্থায়ী নিরাপত্তা এবং (পশ্চিমা গোষ্ঠীদের) স্বাধীন যাতায়াত।

আমেরিকান নেতৃবৃন্দ, রাজনীতিবিদ, বুদ্ধিজীবী ও সাংবাদিকদের ব্যাখ্যায় উপরিউক্ত বিষয়ের বিস্তারিত কিছুটা এমন মনে হয়!

আরব ভূখণ্ডে পশ্চিমা শিল্পোন্নত জীবনের আবে-হায়াত। অর্থাৎ গোটা বিশ্বের পেট্রোলের ৮০% এরও বেশি এখানে বিদ্যমান। পেট্রোলের এই পরিমাণ আগামী ১০০ বছরে আরও বৃদ্ধি পাবে। যেখানে সাতটি শিল্পোন্নত দেশ এবং তার সাথে পশ্চিম ইউরোপ মিলে ৫৫% পেট্রোলেরও মালিক না। এবং তাদের ভাণ্ডারে আগামী ১০০ বছরে ২%ও বৃদ্ধি হবে না।

উপসাগর দিয়েই পশ্চিমা শিল্পোন্নত দেশগুলোর জীবনের স্পন্দন তথা তেলের পাইপলাইন গিয়েছে। সবাই জানে যে, শিল্পোন্নত দেশগুলো বেঁচে থাকার জন্য পেট্রোল এমন জরুরি, মানব দেহের জন্য রক্ত যেমন জরুরি।

এই ভূখণ্ডে অনেক বড় বিশ্ববাজার রয়েছে। বিশেষ করে এই উপসাগরীয় দেশসমূহে, যারা তাদের গুরুত্বপূর্ণ প্রয়োজন এবং প্রতিটি উন্নত বস্তু পশ্চিমা এবং তার মিত্রদের থেকে আমদানি করে থাকে।

এই ভূখণ্ডে ইহুদি লবি নিজেদের জন্য স্থান অর্জনের চেষ্টায় ছিল। এখন তাদের মাথা গোজার ঠাঁই হয়ে গেছে। তারা এটাকে তাদের কেন্দ্র বানিয়ে পশ্চিমা শাসকগোষ্ঠী, নেতৃবৃন্দ বিশেষ করে আমেরিকায় তাদের প্রভাব বিস্তারের চেষ্টা করছে।

এই ভূখণ্ডে কাফেরদের দুশমন নতুন ইসলামি সৈন্যদল তৈরি হচ্ছে। তাদের ভয়ে ভীতু পশ্চিমারা চাচ্ছে তাদের প্রতিহত করতে তাদেরই ভূখণ্ডে তাদের সাথে যুদ্ধ করতে এবং মূলত জাজিরাতুল আরবের বিরুদ্ধে আমেরিকার শত্রুতা এবং হিংসা-বিদ্বেষের স্ফুলিঙ্গ প্রজ্জ্বলিত করতে। আর রমজান ১৩৯৩ হিজরি মোতাবেক ১৯৭৩ সালে সংঘটিত যুদ্ধের কারণে এই ভূখণ্ডের প্রতি তাদের লোভ-লালসা আরও অনেক গুণ বেড়ে গেছে। ওই যুদ্ধে তাদের এই ভূখণ্ড-সম্পর্কিত আগ্রহ ও লোলুপ দৃষ্টি এবং এখানে উপস্থিত তাদের মিত্র ইহুদিদের নিরাপত্তা নিশ্চিত করতে তাদের চেষ্টা সুস্পষ্ট দেখতে পাওয়া যায়। এই সময়ে উপসাগরীয় রাজত্ব তাদেরই তত্ত্বাবধানে বণ্টন করা হয়েছে। তাদের এখানে তাৎক্ষণিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার কারণ ছিল—তাদের আশঙ্কা ছিল যে, মুসলমান এখানে ইসলামের কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য পৌঁছে যাবে এবং মুসলমান পৌঁছেও গিয়েছিল; কিন্তু পৌঁছুতে তাদের একটু বিলম্ব হয়ে গিয়েছিল। পশ্চিমা শক্তি তাদের কাজ দেখে ফেলেছিল।

আমেরিকার ইচ্ছা রিগনের এই বক্তব্য থেকে বোঝা যায়, যা সে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা মন্ত্রণালয়কে ব্রিফিং দিতে গিয়ে দিয়েছে। সে তাতে জোড় দিতে গিয়ে বলে, বর্তমান বিশ্বযোগাযোগ ব্যবস্থার ওপর কর্তৃত্ব ও নিয়ন্ত্রণের মাধ্যমেই তাকে প্রয়োজনের সময় ব্যবহার করা এবং তা থেকে উপকৃত হওয়া সম্ভব। বিশেষভাবে স্থল ও সামুদ্রিক পরিবহনের ওপর নিয়ন্ত্রণ অত্যন্ত জরুরি। মার্কিন যুক্তরাষ্ট্র পেট্রোল উৎপাদিত এলাকাসমূহের ওপর নিয়ন্ত্রণের মাধ্যমেই এই আবে-হায়াতের ওপর নিয়ন্ত্রণ অর্জন করা যেতে পারে। কেউ এটা মনে করবেন না, তাদের এই লোভ-লালসা শেষ হয়ে

গেছে। এই যুদ্ধে অংশরত ক্রুসেডার সৈন্যদের প্রধান পরিচালক জেনারেল শোয়াজ রুকুফের ওই কথা এই সুধারণার পুরোপুরি নাকচ করে দেয়, যা সে পূর্বে দ্বিতীয় উপসাগরীয় যুদ্ধের শুরুতে ১৪১১ হিজরিতে বলেছিল। পুনরায় হুবহু একই কথার পুনরাবৃত্তি ১৪১৬ হিজরিতে এই ভাষায় করেছে-'আমেরিকান সৈন্যরা সৌদিতে বহাল থাকা অনেক বেশি জরুরি। তারা আমাদের বন্ধুরাষ্ট্র এবং আরব ভূখণ্ডে এটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ রাষ্ট্র, যারা ব্যক্তিগত শক্তি, রাজনৈতিক ভিত্তি ও অর্থনৈতিক উপকরণের মালিক। এই উপকরণের দ্বারা আমাদের সৈন্যদের সাহায্য মেলে। ওইসব বস্তু যা আমাদের নিজেদের উন্নতির সংরক্ষণের জন্য প্রয়োজন, এখান থেকেই ব্যবস্থা হয়।'

এ সম্পর্কে আরও জানতে তার এই বক্তব্যটিও ভাবুন—যা আমেরিকার ভবিষ্যৎ ইচ্ছাকে প্রকাশ করে! 'আমাদের সৈন্যরা মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্দেশ্য ও উন্নয়নের সংরক্ষণ করছে এবং আমাদের ওপর কর্তব্য, যতক্ষণ এই ভূখণ্ডের সাথে আমাদের উন্নয়ন ও স্বার্থ জড়িত, ততক্ষণ তাদের প্রতিরক্ষা করা।'

হেজাজের ভূমি মুসলমানদের নির্জীবতার ওপর বিলাপরত

মোটকথা, জাজিরাতুল আরবের পবিত্রতা, সম্মান এবং সংরক্ষণ ব্যবস্থা, পরিবেশ, জল-স্থল সর্বদিক থেকে পদদলিত করা হচ্ছে। এখনো যদি কারও এই সুস্পষ্ট বাস্তবতার মধ্যে কোনপ্রকার সন্দেহ থাকে, যা প্রত্যেকের সম্মুখে দৃশ্যমান তবে আমরা তাদেরকে জিজ্ঞেস করি, এই যুদ্ধজাহাজ, দানবসম যুদ্ধবিমান ও বহু সংখ্যক সৈন্য এই ভূখণ্ডে কেন এসেছে? এর কোনো উপযুক্ত কারণ আমাকে বলুন তো? এটা কি শুধু এ জন্য যেমনটি নির্বোধ সরকারি কর্মকর্তারা বলছেন,'এরা আমাদেরকে ইরাকি ষড়যন্ত্র থেকে নিরাপত্তা প্রদান করতে এসেছে'। এই দলিল স্বয়ং আরব ভূখণ্ডের নেতাদের ওই বক্তব্যের দ্বারাই নাকচ হয়ে যায়, যাতে তারা বলেছেন, ইরাক এমন পদক্ষেপ নেয়নি, যা ভয়াবহতার সীমানায় পৌছায় এবং যার প্রতিরক্ষার জন্য মার্কিন সৈন্যের প্রয়োজন। তারপর সকল উপসাগরীয় দেশ যখন নিজেদের এত করে যুদ্ধের অজুহাতের সমাপ্তি ও ইরাকের সাথে মতভেদের কারণ নির্ণয়ের চেষ্টা করছে তাহলে তার অপেক্ষা করা ব্যতীত আমেরিকাকে ডেকে আনার মধ্যে তাড়াহুড়া কেন করা হলো? বরং সে দেশগুলো আমেরিকাকে ইরাকের ওপর আক্রমণের জন্য নিজেদের ভূখণ্ড ব্যবহারের অনুমতি দিতে অস্বীকার করেছে

এবং আমেরিকাকে ইরাকের ওপর থেকে অবরোধ প্রত্যাহারের দাবি জানিয়েছে। এই সকল কর্মকাণ্ড এই দলিলের অসারতাকে সুন্দরভাবে প্রকাশ করে দিয়েছে।

আমেরিকার গোপন ইচ্ছা ও দুষ্ট নিয়ত এর দ্বারাই অনুমান করা যায়—আমেরিকা উপসাগরীয় সকল নেতৃবৃন্দের সিদ্ধান্তকে বিবেচনার অযোগ্য মনে করছে এবং সে কথার ওপরই বলবৎ রয়েছে যে, শক্তিতে ওরা উপসাগরে বিদ্যমান শিকার গলধঃকরণ করতে পারে। এমনকি তারা কারও অনুমোদন ব্যতীতই একের পর এক নিজ ইচ্ছানুযায়ী নিজেদের সামরিক শক্তি নির্লজ্জভাবে বৃদ্ধি করে যাচ্ছে। এখনও কি কারও জাজিরাতুল আরবে অমুসলিম দখলদারিত্বের ব্যাপারে সন্দেহ আছে? কাফিরদের এর চেয়ে নগ্ন হস্তক্ষেপ আর কী হতে পারে যে, উপসাগরীয় দেশসমূহের সরকাররা নিজ দেশেই স্বাধীন নয়? এর চেয়েও অধিক কোনো জঘন্য কথা কি হতে পারে যে, জাজিরাতুল আরবের পবিত্র ভূমির সম্মান ও পবিত্রতাকে পদদলিত করা এবং এর সকল উপায়-উপকরণের ওপর অবৈধ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠাকারী আমেরিকাকে আরও সুযোগ দেওয়া হবে? আমেরিকার নির্লজ্জতা এ পর্যন্ত পৌছে গেছে যে, এখন তারা ওই শাসকদেরকেও গুরুত্ব দেয় না, যারা তাদেরকে এখানে আসার ব্যবস্থা করে দিয়েছে স্বয়ং সে শাসকরাই বর্তমানে এখানে আমেরিকার উপস্থিতি পছন্দ করছে না; কিন্তু আমেরিকা থেকে মুক্তির পথ এবং এই লাঞ্ছনা থেকে ছাড়া পাওয়ার কোনো উপায় তাদের বুঝে আসছে না। মিথ্যা বিশ্লেষণের জাদু এখন মুমূর্ষুপ্রায়। আমেরিকানদের ধোঁকাবাজি এখন সকলের সামনে স্পষ্ট হয়ে গেছে এবং সবার সামনে এ কথা সুস্পষ্ট হয়ে গেছে, 'আরব রাষ্ট্রসমূহ আমেরিকার দখলে চলে গেছে।

লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লাহ বিল্লাহ।'

উলামায়ে ছু'দের দুঃখজনক ব্যাখ্যা

এই অবস্থায়ও সে দেশগুলোর সরকারি খতিবগণ, যারা অর্থ-সম্পদের পূজারী তারা শাসকদের পক্ষ থেকে আত্মরক্ষামূলক বিতর্ক করেই যাচ্ছে এবং মানুষকে শাসকদের আনুগত্য ওয়াজিব সাব্যস্তকারী হাদীস শুনিয়ে শুনিয়ে ভ্রান্তির মধ্যে নিক্ষেপ করছে। অথচ চিন্তাও করছে না, শাসকরা তাদেরকে ফেতনার গভীর গর্তে এবং কুফরের অগ্নিতে নিক্ষেপ করছে। তারপরও তাদের আনুগত্য কীভাবে জরুরি হতে পারে?

কোমরের ছুরি পেট কাটে

এই উলামায়ে ছু'দের সব ভেলকিবাজি ফাঁস হয়ে গেছে। সকল ব্যাখ্যা চোরাবালিতে ডেবে গেছে, যখন স্বয়ং রাজ পরিবারের গুরুত্বপূর্ণ সদস্য সৌদি বাদশাহর ভাই আমির তালাল ইবনে আবদুল আজিজ স্পষ্ট ভাষায় মার্কিন দখলদারিত্বের স্বীকারোক্তি এবং আমেরিকার হাতে জাজিরাতুল আরবের পবিত্রতা পদদলিত হওয়ার কথা স্বীকার করেছেন। ৭/১১/১৪১৮ হিজরি বিবিসি লন্ডনে প্রকাশিত সাক্ষাৎকারে তিনি বলেন, 'আমেরিকা ও ব্রিটেনকে যদি আজ বলা হয়, তোমরা জাজিরাতুল আরব থেকে চলে যাও তাহলেও ওরা যাবে না'। তারপরও তারা আরব দেশসমূহের শাসকদের ব্যাপারে প্রসিদ্ধ প্রবাদ বর্ণনা করে থাকে। "তোমার আপনজন বিপদে পতিত; সাহায্য করার মতো কেউ নেই"।[৩০] অর্থাৎ উপসাগরীয় শাসকরা এই অমুসলিম সৈন্যদের সমঝোতার ভিত্তিতে নয়, বরং অপারগতার কারণেই সহ্য করে যাচ্ছেন। তারা মার্কিন শাসকদের সেই প্রচেষ্টারও উল্লেখ করেছেন, যা তারা মার্কিন জনগণকে আরব ভূখণ্ডে মার্কিন সৈন্যদের একাধারে অবস্থানের বৈধতার ব্যাপারে পেশ করে চলেছেন। আমির তালাল ইবনে আবদুল আজিজের সাহসিকতার সাথে মার্কিনীদের হাতে আরব ভূখণ্ডের পদদলনের স্বীকারোক্তি উপসাগরীয় শাসক ও রাজনীতিবিদদের সেই ব্যর্থ এবং হতাশ চেষ্টা থেকে অনেক উত্তম; যার মাধ্যমে তারা এই জবরদস্তিমূলক কর্মকাণ্ডের ওপর পর্দা ফেলতে চায় এবং এই লাঞ্ছনাকর অসহায়ত্বের কদর্যতাকে দাফন করতে চায়। রাজনীতিবিদদের চেয়েও অধিক নিকৃষ্ট ভূমিকা ওইসব দরবারি মোল্লাদের, যারা অন্যদের দুনিয়া গড়ার জন্যে নিজেদের আখিরাত ধ্বংস করছে। যারা শাসকদের পক্ষ থেকে দেওয়া দৃষ্টিভঙ্গি এবং অর্থ ও পদের লোভে তাদের পদলেহী হয়ে গেছে। তারা এমন ফতোয়া রচনা করেছে, যাতে হারামকে হালাল করে দিয়েছে। মুশরিকদের জন্য জাজিরাতুল আরবে তাদের ঘাঁটি করা সহজ করে দিয়েছে। এরা বাতিলের সাহায্যকারী ও হকের বিরোধিতাকারীর ভূমিকায় অবতীর্ণ হয়েছে। তাদের ওপর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সেই বাণী পরিপূর্ণরূপে প্রযোজ্য, যা ইমাম বুখারী রহ. হজরত আবু হুরাইরা রাদিআল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন "ধ্বংস

৩০. বিপদগ্রস্ত ব্যক্তির নিজের সামর্থ্য বা আপনজনদের মধ্যে যখন কোন সাহায্যকারী না থাকে তখন অন্য গোত্রের নিকট সাহায্য চাইতে বাধ্য হলে আরবরা এ প্রবাদটি ব্যবহার করে থাকে।

হয়ে যাবে ধন-সম্পদ ও কারুকার্যখচিত চাদরের গোলাম, তাকে যদি সামান্য দুনিয়া দেওয়া হয় তাহলে সে সন্তুষ্ট থাকে, আর যদি না দেওয়া হয় তাহলে অসন্তুষ্ট হয়ে যায়।"[৩১]

এমন ফতোয়া দেওয়ার সময় এই উলামারা আল্লাহ তা'আলার ওই আয়াতকে ভুলে গেছে—"তারপর তাদের পরে স্থলাভিষিক্ত হয়েছে এমন বংশধর, যারা কিতাবের উত্তরাধিকারী হয়েছে, তারা এ নগণ্য (দুনিয়ার) সামগ্রী গ্রহণ করে এবং বলে, শীঘ্রই আমাদের ক্ষমা করে দেওয়া হবে। বস্তুত যদি তার অনুরূপ সামগ্রী (আবারও) তাদের নিকট আসে তবে তারা তা গ্রহণ করবে। তাদের কাছ থেকে কি কিতাবের অঙ্গিকার নেওয়া হয়নি যে, তারা আল্লাহর ব্যাপারে সত্য ছাড়া বলবে না? আর তারা এতে যা আছে, তা পাঠ করেছে এবং আখিরাতের আবাস তাদের জন্য উত্তম, যারা তাকওয়া অবলম্বন করে। তোমরা কি বোঝো না? আর যারা কিতাবকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরে এবং সালাত কায়েম করে, নিশ্চয় আমি (এসব) সৎকর্মশীলদের প্রতিদান বিনষ্ট করি না।"[৩২]

সরকারি উলামাদের এই শ্রেণি সংখ্যায় নিতান্তই অল্প এবং চেনা-পরিচিত। তারা ব্যতীত আরবের সকল উলামায়ে কেরাম হকের আঁচলই আঁকড়ে আছেন আলহামদুলিল্লাহ। মুসলিম উম্মাহকে সঠিক কথাই বলেন এবং হক বলতে কারও তুচ্ছ-তাচ্ছিল্যের পরওয়া করেন না। জালেম শাসকদের জুলুমেরও হিসাব করেন না।

অলীক সুধারণায় আর কতকাল?

কোথায় আজ সেই লোকেরা, যারা শুরুতেই আমাদের সাথে এই বিষয়ে মতানৈক্য করেছিলেন যে, জাজিরাতুল আরবে মার্কিন সৈন্যদের দীর্ঘ অবস্থান এই ভূখণ্ডের পবিত্রতার পদদলনের সমতুল্য; কিন্তু তারা মনে করতেন, মার্কিনীদের অবস্থান এখানে সাময়িক, মাত্র অল্প কিছু দিনের জন্য? এখন যখন তাদের ধারণা পুরোপুরি ভুল প্রমাণিত হলো তাহলে তারা এটা স্বীকার করে নতুন প্রজন্মকে এ ঘটনা সম্পর্কে কেন অবহিত করে না যে, আরবের পবিত্র ভূখণ্ড আজ আট বছর যাবৎ অত্যন্ত লাঞ্ছনার শিকার। তাদের উচিত,

৩১. সহিহ বুখারী, হাদীস নং ২৮৮৭
৩২. আ'রাফ : ১৬৯-১৭১

নতুন প্রজন্মের যারা লাঞ্ছনাকর এই অবস্থা চলাকালে জন্মগ্রহণ করেছে এবং পরাজিত এলাকায় লালিত-পালিত হয়েছে, তাদের সামনে এই তিক্ত বাস্তবতা প্রকাশ করে দেওয়া।

হে মুসলিম শাসকবর্গ!

কোথায় আজ সেই শাসক এবং আমিরগণ? যারা মানুষের সাথে ফিলিস্তিন স্বাধীন করার অঙ্গীকার করেছে, অতঃপর ফিলিস্তিন দখলকারীদেরকে নিজ ভূখণ্ডে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ দিয়েছে। মানুষকে ধোঁকা দিয়ে ইহুদি-খ্রিষ্টানদের সাথে আলিঙ্গনাবদ্ধ হয়ে গেছে এবং নিজের নাক কেটে তাদের সাহায্য করেছে। কোথায় সেই শাসকরা? সামনে এসে নিজের বেঈমানীর নিরসন কেন করে না? নিজে করতে না পারলে তার নেতৃত্বের দায়িত্ব তার উপযুক্ত পাত্রকে কেন সোপর্দ করে না? যে এই জিম্মাদারিকে সামলাতে পারবে এবং উম্মাহর ইজ্জত ও সম্মানের সুরক্ষা করবে।

ওহে সম্মানিত উলামায়ে কেরাম!

কোথায় আমাদের সম্মানিত উলামায়ে কেরাম ও বিত্তশালী ব্যক্তিরা? যারা আমাদেরকে বলতেন—জাজিরাতুল আরবের মুসলিমদের ওপর ফরজ, তারা এর প্রতিরক্ষা করা। কিন্তু মুশকিল হলো আমাদের সংখ্যা অনেক কম। কী হলো ওইসব লোকদের, যারা জাজিরাতুল আরবের প্রতিরক্ষার প্রস্তুতি নিয়ে জেগে উঠবে? অথচ অমুসলিমরা এই পবিত্র ভূমি জবরদখলের নবম বছর শুরু হতে চলেছে।[৩৩]

সংখ্যাধিক্যের জবাবে কি তারা আল্লাহ তা'আলার এই হুকুম পড়েনি? "আর তাদের মুকাবিলার জন্য তোমাদের সামর্থ্যানুযায়ী শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত করো, তা দ্বারা তোমরা ভয় দেখাবে আল্লাহর শত্রু ও তোমাদের শত্রুদেরকে এবং এরা ছাড়া অন্যদেরকেও, যাদেরকে তোমরা জানো না, আল্লাহ তাদেরকে জানেন। আর তোমরা যা আল্লাহর রাস্তায় খরচ করো, তা তোমাদেরকে পরিপূর্ণ দেওয়া হবে আর তোমাদেরকে জুলুম করা হবে না?"[৩৪]

---

৩৩. শাইখ রাহিমাহুল্লাহ এই চিঠি যখন লেখেন তখনকার সময় হিসাবে তিনি ৯ বছর উল্লেখ করেছেন। কিন্তু এই চিঠি লেখার পর বর্তমান এই অনুবাদের মাঝে পেরিয়ে গেছে আরও দীর্ঘ ২০ বছর।—অনুবাদক

৩৪. আনফাল : ৬০

এমন বাহানা তালাশকারী লোক আল্লাহ তা'আলার এই নির্দেশ সম্পর্কে কী পরিমাণ গাফেল?

"আর যদি তারা বের হওয়ার ইচ্ছা করত, তবে তারা অবশ্যই তার জন্য সরঞ্জাম প্রস্তুত করত, কিন্তু আল্লাহ তাদের বের হওয়াকে অপছন্দ করলেন, ফলে তিনি তাদেরকে পিছিয়ে দিলেন, আর বলা হলো, তোমরা বসে পড়া লোকদের (নারী ও শিশু) সাথে বসে থাকো।"[৩৫]

এখানো কি সে সময় আসেনি—এসব হজরতদের অন্তর আল্লাহর স্মরণ ও তাঁর অবতীর্ণ ওহি শুনে বিগলিত হওয়ার এবং এই উম্মাহর মধ্যে 'নাফিরে আম'-এর ঘোষণা করার? শাসকদের থেকে যখন এই সম্ভাবনা নাই, তারা তাদের অবস্থান থেকে সরে গিয়েছে। আভিজাত্যের চেহারায় দাগ লেগে গেছে এবং পবিত্র হারামাইনের ভূমিতে ইহুদি-খ্রিষ্টান সৈন্যরা ঘাটি গেড়ে বসে গেছে। অবশেষে মুহাজির ও আনসারদের সন্তানরা কোথায়?

হজরত সা'দ বিন আবি ওয়াক্কাস, মুসান্না বিন হারেসা, খালিদ ইবনে ওয়ালিদ ও কা'কা বিন আমর রাদিআল্লাহু আনহুমদের উত্তরসূরিরা কোথায়? হজরত সামুরা ইবনে জুনদুব রাদিআল্লাহু আনহু-এর নাম নেওয়া লোকদের কী হলো? সামনে কেন অগ্রসর হয় না? তাহলে কে আল্লাহর দীনের সাহায্য করবে? কে মুসলিমদের পবিত্র স্থানসমূহকে মুক্ত করবে এবং জাজিরাতুল আরবকে মুশরিকদের নাপাক অস্তিত্ব থেকে পবিত্র করবে?

মুতাকাদ্দিমিন ও মুতাআখখিরিন তথা পূর্বাপর সকল আলেম এ কথার ওপর ইজমা তথা ঐকমত্য পোষণ করেছেন, 'যখন কাফের আক্রমণ করে তখন তাদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ প্রত্যেক মুসলমানের ওপর ফরজ। এ অবস্থায় প্রয়োজনে পুত্র তার পিতা-মাতার অনুমতি ব্যতীত এবং ঋণগ্রস্ত ব্যক্তি ঋণদাতার অনুমতি ব্যতীতই যেতে হবে। মুসলিমদের ওপর কঠিন পরিস্থিতি আসলে কিতালের এই ফরিজা অন্যান্য ফরজের বিপরীতে অগ্রগণ্য ও সবচেয়ে গুরুত্বপূর্ণ ফরজে আইন। শাইখুল ইসলাম আল্লামা ইমাম ইবনে তাইমিয়া রহ. এই ইজমাকে বর্ণনা করে বলেন, 'দীন ও ইজ্জতের ওপর আক্রমণকারী শত্রুদের বিরুদ্ধে যে সশস্ত্র জিহাদ করা হয়, তা জিহাদের সর্বাধিক গুরুত্বপূর্ণ অংশ এবং দুশমন যখন আক্রমণাত্মক হয়ে দীন ও দুনিয়া

---

৩৫. তাওবা : ৪৬

ধ্বংসের ভূমিকায় অবতীর্ণ হয় তখন তাদের প্রতিরোধ করা ঈমানের পরে সর্বাধিক গুরুত্বপূর্ণ ফরজ'।[৩৬]

হে বীরের জাতি!

হে বীর যোদ্ধাগণ! দলবদ্ধ হয়ে প্রস্তুত হয়ে যাও। এখন কঠোরতার যুগ, তোমরা নিজের মধ্যে কঠোরতা সৃষ্টি করো। তুমুল লড়াই শুরু হয়ে গেছে, তোমরা নিজেদের কোমর বেঁধে নাও। এ কথা যখন সন্দেহাতীত প্রমাণ হয়ে গেছে—আল্লাহর পবিত্র শহরগুলোর সম্মান পদদলিত হয়ে গেছে এবং শত্রুদের শাসক ও কমান্ডারদের বিজয় সংঘটিত হয়ে গেছে। তাই এখন জরুরি হয়ে পড়েছে, যে সকল মুসলিম দেশ থেকে উলামায়ে কেরাম, ব্যবসায়ী, বিত্তশালী ব্যক্তিবর্গ এবং বিভিন্ন শ্রেণি ও পেশার শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গ আল্লাহ তা'আলার রাস্তায় বের হয়ে যাও এবং আরব রাষ্ট্রসমূহের পবিত্রতা বিনষ্টকারী ক্রুসেডার সৈন্যদের বিরুদ্ধে জিহাদ ফি সাবিলিল্লাহর জন্য মুসলিমদেরকে সংগঠিত কর। জাজিরাতুল আরবের সাহসী মুসলিম যুবকদের এই ইসলামি সৈন্য বাহিনীর প্রতিটি সারির সম্মুখভাগে শামিল হয়ে যাওয়া উচিত। কখনো যেন তারা ওই লোকদের মতো না হয়ে যায়, যাদের অবস্থা আল্লাহ তা'আলা এভাবে বর্ণনা করেছেন : "নিশ্চয় যারা নিজেদের প্রতি জুলুমকারী, ফেরেশতারা তাদের জান কবজ করার সময় বলে, তোমরা কী অবস্থায় ছিলে? তারা বলে, আমরা জমিনে দুর্বল ছিলাম। ফেরেশতারা বলে, আল্লাহর জমিন কি প্রশস্ত ছিল না যে, তোমরা তাতে হিজরত করতে? সুতরাং ওরাই তারা, যাদের আশ্রয়স্থল জাহান্নাম। আর তা মন্দ প্রত্যাবর্তনস্থল। তবে যে দুর্বল পুরুষ (অসুস্থতা কিংবা বৃদ্ধ হওয়ার কারণে) এবং নারী ও শিশুরা কোনো উপায় অবলম্বন করতে পারে না এবং কোনো রাস্তা খুঁজে পায় না, আশা করা যায়, আল্লাহ তাদেরকে ক্ষমা করবেন। আর আল্লাহ মার্জনাকারী, ক্ষমাশীল।"[৩৭]

উপরিউক্ত আয়াতে আল্লাহ তা'আলা শত্রুর সামনে দুর্বল ও অক্ষম হয়ে থাকা লোকদের, খ্রিষ্টানদের অধীনে থেকে তাদের সাহায্য-সহায়তা করে জীবনযাপনকারী এবং আল্লাহ তা'আলার পথে যারা হিজরত করেনি তাদের মৃত্যুর সময় ফেরেশতাদের প্রশ্নোত্তর, ধমক এবং কেয়ামতের দিন

৩৬. ইখতিয়ারাতুল আমানিয়া : ৩০৯-৩১০
৩৭. নিসা : ৯৭-৯৯

জাহান্নামের নিকৃষ্ট ঠিকানার শাস্তির কথা বর্ণনা করেছেন। আজ অধিকাংশ লোক তা থেকে গাফেল এবং হিজরত ও জিহাদের মাধ্যমে আল্লাহ তা'আলার হুকুমের আনুগত্য করার পরিবর্তে নারীদের মতো ঘরে বসে আছে। অথচ যদি তারা নিজ এলাকায় জিহাদের প্রস্তুতি নিতে না পারে তাহলে তাদের ওপর হিজরত করে এমন কোনো স্বাধীন এলাকায় (যেমন, আফগানিস্তান) চলে যাওয়া ফরজ, যেখানে জিহাদি প্রশিক্ষণের সরঞ্জাম বিদ্যমান আছে। জিহাদ এবং হিজরত একটি অপরটির সাথে ওতপ্রোতভাবে জড়িত। আল্লাহ তা'আলা ইরশাদ করেন, "আর তোমাদের কী হলো যে, তোমরা আল্লাহর রাস্তায় লড়াই করছ না! অথচ দুর্বল পুরুষ, নারী ও শিশুরা বলছে, হে আমাদের পালনকর্তা, আমাদেরকে এই জনপদ থেকে নিষ্কৃতি দান করুন, যার অধিবাসীরা জালিম এবং আমাদের জন্য আপনার পক্ষ থেকে অভিভাবক ও সাহায্যকারী নির্ধারণ করে দিন।"[৩৮]

আল্লাহ তা'আলার চিরন্তন রীতি

হারামাইনের পবিত্র শহরের ব্যাপারে আল্লাহ তা'আলার রীতি এটাই চলে আসছে— তিনি এখানে খারাপ নিয়তে আগমনকারী ধোঁকাবাজদেরকে ধ্বংস করে দেন এবং এখানের যে বাসিন্দা কাফিরদের সাথে মিলিত হয় তাদেরকেও লাঞ্ছিত ও অপমানিত করেন। আসহাবে ফিল তথা হস্তীবাহিনীর ঘটনা বোঝানোর জন্যই আল্লাহ তা'আলা এই বিষয়টি বর্ণনা করেছেন। তাদের মহা ষড়যন্ত্রকে আল্লাহ তা'আলা কেমন আশ্চর্যজনক পদ্ধতিতে ব্যর্থ করে দিয়েছেন এবং তার ক্ষুদ্র এক প্রাণীর মাধ্যমে কীভাবে তাদেরকে ধ্বংস করে দিয়েছেন! এখনো রয়েছে অভিশপ্ত আবু রিগালের কবর! সে এখানের স্থানীয় বাসিন্দা হয়েও আসহাবে ফিলের পথ প্রদর্শন করেছিল, তার কবরে পাথরের বৃষ্টি বর্ষণ আজও উপদেশ ও লাঞ্ছনার ইতিহাস হয়ে আছে।

সুতরাং হে আমার জাতি! বাহির থেকে আগমনকারী সৈন্যরা তো লাঞ্ছিত হবেই; কিন্তু তোমরা এই মুসিবত থেকে নিজেদেরকে বাঁচাও এবং তাদের সঙ্গ দেওয়ার পরিবর্তে তাদের সাথে জিহাদের প্রস্তুতি নাও। যে বুদ্ধিমত্তাকে ছেড়ে দেয়, সে লাঞ্ছিত হয়। সুতরাং সকলের ভালো করে জেনে রাখা উচিত, যদি আরবরা জিহাদ না করে তাহলে আরও বড় বিপদ থেকে জীবন বাঁচানো

৩৮. নিসা : ৭৫

যাবে না। এমন বিপদ যাতে দীন ও ইজ্জত উভয়টা ধ্বংস হয়ে যাবে। যেমনটি বর্তমানে তারা তাদের শান-শওকত ও অভিজাত্য-নেতৃত্ব হারাতে বসেছে। এমনিভাবে যদি জিহাদ ছেড়ে দিয়ে বসে থাকে তাহলে আশঙ্কা হয়, আল্লাহ তা'আলার সৃষ্টিকুলের মধ্যে সবচেয়ে নিকৃষ্ট লোক ইহুদি-খ্রিষ্টানদের গোলামে পরিণত হবে। আরবদের এ কথা স্মরণ রাখা উচিত, 'সৌভাগ্যবান সে, যে অন্যের থেকে শিক্ষা গ্রহণ করে'। সুতরাং বাইতুল মুকাদ্দাসের প্রতিবেশী আমাদের ভাইদেরকে দেখুন, তারা কীভাবে দুনিয়ার জন্য উপদেশ ও কল্পকাহিনি হয়ে গেছে। পশ্চিমা নেকড়ে ইহুদি-খ্রিষ্টানরা তাদের ওপর চড়াও হয়েছে। তাদেরকে জবাই করছে। তাদের ইজ্জত লুণ্ঠন করছে। তারপর তাদেরকে তাদের বাসভূমি থেকে বের করে দিয়েছে। তাদের নিজ শহর ও নিজ ঘরে তাদের জায়গা হয়নি। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহিল আলিয়্যিল আজিম। যে নেকড়েকে লালন-পালন করে, নেকড়ে তাকেই একদিন ছিঁড়ে-ফেড়ে খায় এবং যে শয়তানের আনুগত্য করে, সে অবশ্যই লাঞ্ছিত হয়।

মার্কিনরা ভীরু ও কাপুরুষ

আরবদের মার্কিন সৈন্যদের ভীরুতা ও কাপুরুষতায় বিশ্বাসী হওয়া উচিত। এরা সমস্ত সৃষ্টির মধ্যে সবচেয়ে দ্রুত সাহস হারানো এবং যুদ্ধের পরীক্ষার ইতিহাসে সবচেয়ে কম দৃঢ়পদ থাকার বাহিনী। মুজাহিদ ভাইদের পবিত্র গুলিতে আল্লাহ তা'আলা তাদের ধারালো অস্ত্রকেও ভোতা করে দিয়েছেন, তাদের ধোঁকা ও চালবাজিকে মূল থেকে উপড়ে দিয়েছেন এবং তাদের সৈন্যদেরকে লাঞ্ছিত ও অপমানিত করে দিয়েছেন। ক্রুসেডার বাহিনী পরাজিত হয়ে এমনভাবে পিছু হটেছে, যেমন, ভয়ে পালানো উট—মালিক তাকে ঘাটের দিকে টানছে আর সে নিজের আস্তাবলে ফিরে যাওয়ার জন্য দৌড়াচ্ছে। ওরা যখন যুদ্ধের সামান্য উত্তাপ দেখেছে তখন ভয়ে পা মাথার ওপর তুলে ভেগেছে। আল খুবার ও রিয়াদে বোমা বিস্ফোরণের পরে তাদের পিছু হটা এতটাই হাস্যকর ছিল যে, আমরা তা ভুলতে চাইলেও ভুলতে পারছি না। ওই সময় তারা ভয় ও নৈরাশ্যের কারণে ঘন ঘন শ্বাস নিচ্ছিল।

তারা তাদের পাহারা বাড়িয়ে দিয়েছে। অথচ এই পাহারাদার ওই লোকদের মধ্য থেকেই ছিল, যাদের নিরাপত্তার দাবি নিয়ে এই মার্কিনীরা এসেছিল।[৩৯]

কতটা লজ্জা ও লাঞ্ছনার কথা—যারা মার্কিনদের নিজেদের নিরাপত্তার জন্য এবং বাইরের অবৈধ আগ্রাসনের আশঙ্কা নিরসনের জন্য ডেকে এনেছে, তারাই ভীতু ও বুযদিল মার্কিনদের নিরাপত্তায় পাহাড়া দেওয়ার জন্য দাঁড়িয়ে গেল।

বৈরুতের মাটিও মার্কিনদের বীরত্ব অবলোকন করেছে; যেখানে আল্লাহ তা'আলা তাদের মূলোৎপাটন করে ছেড়েছেন এবং তাদেরকে উল্টো পায়ে ফিরিয়ে দিয়েছেন। এই জাতি সম্পর্কে কুরআন কারিমের স্পষ্ট ঘোষণা, "তারা সম্মিলিতভাবে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করবে না; তবে সুরক্ষিত জনপদের মধ্যে অবস্থান করে বা দেয়ালের পেছন হতে, তারা নিজেরা নিজেদের প্রবল শক্তিধর মনে করে। তুমি তাদেরকে ঐক্যবদ্ধ মনে করছ; অথচ তাদের অন্তরসমূহ বিচ্ছিন্ন। এটি এ জন্য যে, তারা নির্বোধ সম্প্রদায়।"[৪০]

এই মার্কিনদের ওপর যখন হামলা হয়েছে তখন তাদের বাস্তবতা ও সামর্থ্য পরিষ্কার হয়ে গেছে। এমন লোক আভিজাত্যের ধারক কিংবা প্রশংসার উপযুক্ত হয়ই বা কী করে, যাদের এমন কোন দর্শন নেই, যার জন্য তারা নিজেদের উৎসর্গ করতে পারে! এমন কোনো ঐতিহ্য নেই, যার সুরক্ষা করতে পারে! আল্লাহ তা'আলা রিয়াদের যুবক আবদুল আজিজ, খালিদ সাঈদ, হুমুদ হাজেরী এবং মুসলেহ শিমরানীকে ভালো রাখুন—যারা মার্কিনীদের দেখিয়ে দিয়েছেন যে, বীরত্ব কাকে বলে এবং বীরত্ব কেমন হয়। তারা দুনিয়ার ভোগ-বিলাসিতায় মত্ত মুসলিমদেরকে বীরত্বের দৃষ্টান্ত দেখিয়ে দিয়েছেন। তারা মুসলিম উম্মাহর লাঞ্ছনা ও বঞ্চনার দাগ ওঠানোর সকল চেষ্টা করেছেন। আল্লাহ তা'আলা তাদের শাহাদাতকে কবুল করুন এবং তাদেরকে আমাদের সেই ভাগ্যবান পূর্বসূরিদের মর্যাদা নসিব করুন, যারা

৩৯. শায়েখ বলতে চাচ্ছেন মার্কিন সৈন্যরা সৌদি আরবের নিরাপত্তার দাবি নিয়ে এসেছিল; কিন্তু যখন তাদের দুরভিসন্ধি সকলের সামনে উন্মোচিত হওয়ার পর তাদের ওপর আক্রমণ শুরু হলো তখন উল্টো সৌদির সৈন্যরাই তাদের নিরাপত্তার দায়িত্ব আঞ্জাম দিতে হয়েছে। –লেখক

৪০. হাশর : ১৪

কুফরের প্রভাব-প্রতিপত্তিকে নিশ্চিহ্ন করেছেন এবং আল্লাহ তা'আলার পবিত্র কালিমার বিজয়ের জন্য জাজিরাতুল আরবের ভূমিকে নিজেদের রক্তে রঞ্জিত করেছেন। আল্লাহ তা'আলা ওইসব গাদ্দার মুনাফিক শাসকদেরকে লাঞ্ছিত ও অপমানিত করুন, যারা তাদের ভীরু নেতাদের, মার্কিনীদের সন্তুষ্ট করার জন্য এবং তাদের নৈকট্য অর্জনের জন্য এই সত্যনিষ্ঠ যুবকদের রক্ত ঝরিয়েছে।

হারামাইনের বন্দি!

আল্লাহ তা'আলা কারাগারের প্রকোষ্ঠে বন্দি উলামা মাশায়েখ—শাইখ উমর আবদুর রহমান, শাইখ সালমান বিন ফাহাদ আওদাহ, শাইখ সফর বিন আবদুর রহমান আল-হাওয়ালী, শাইখ সাঈদ ইবনে যাঈর, শাইখ বাশার আল বাশীর ও তার সাথিদের দৃঢ়পদ রাখুন ও মজবুত মনোবল নসিব করুন এবং তাদেরকে সাধারণ মুসলমানদের পক্ষ থেকে উত্তম বিনিময় দান করুন। এই লোকেরা স্পষ্ট ভাষায় কালিমায়ে হক তথা সত্য প্রকাশ করেছেন এবং নিজেদের দাওয়াতি জিম্মাদারী এমন সময়ে আদায় করেছেন, যখন সর্বত্র নেফাক এবং কুফরের রাজত্ব। তাদের ওপর যে পরীক্ষা এসেছে, তাতে আল্লাহ তা'আলার সাহায্য ও নুসরত তাদের সাথে আছে। আল্লাহ তা'আলাই তাদের জান-মালের হিফাজত করবেন। তিনি এর ওপর ভালোভাবেই সামর্থ্য রাখেন।

মুজাহিদদের সংকল্প

মুজাহিদীনের জামাত আল্লাহ তা'আলার এই বিধান পালন করতেই থাকবে—"আপনি আল্লাহর রাস্তায় কিতাল করতে থাকুন, আপনি শুধু আপনার নিজ সত্তার জিম্মাদার।"[৪১]

তারা আল্লাহ তা'আলার এই নির্দেশ বাস্তবায়ন করতেই থাকবে—"তাদের সাথে যুদ্ধ করো, আল্লাহ তা'আলা তোমাদের হাতে তাদের শাস্তি দেবেন।"[৪২]

হে পরওয়ারদিগার!

আমরা মহা শক্তিধর আল্লাহ তা'আলার নিকট প্রার্থনা করছি, তিনি যেন উপসাগরে উপস্থিত কাফির মার্কিন সৈন্যদের এবং ফিলিস্তিনে নিযুক্ত তাদের

৪১. নিসা: ৮৪
৪২. তাওবা: ১৪

মিত্র ইহুদিদের ওপর তাঁর আজাব ও গজব নাজিল করেন। তাদের ওপর নিজ পক্ষ থেকে আসমানি আজাব নাজিল করেন। যা এক এক করে প্রত্যেককে নিজের পাকড়াওয়ে নিয়ে নেবে এবং তাদের সবাইকে ধ্বংস করে দেবে; কেউই যেন আর বাকি না থাকে। আমরা আল্লাহর নিকট প্রার্থনা করি, তিনি যেন মুসলিম উম্মাহর মধ্যে জিহাদের রুহ দান করেন। মুসলিম উম্মাহ যেন দুর্বলতার বন্ধন থেকে মুক্ত হয়ে যায় এবং মালহামা তথা মহাযুদ্ধের জন্য একত্রিত হয়ে যায়।

আমরা আমাদের প্রতিপালকের নিকট প্রার্থনা করি, তিনি যেন মুসলিম উম্মাহকে পুরস্কারস্বরূপ এমন রাজত্ব ও বাদশাহি দান করেন, যেখানে তাকে মান্যকারীরা ইজ্জতের সাথে থাকে এবং তাঁর অবাধ্যতাকারীরা লাঞ্ছিত হয়। যেখানে সৎকাজের আদেশ ও অসৎ কাজের নিষেধের ফরিজা চালু থাকে। এমন রাজ্য ও দেশ, যা দুনিয়ার পূর্ব ও পশ্চিমের দুর্বলদের এবং মজলুমদের সাহায্য করবে এবং জমিনের অন্যায় অহংকারকারীদের থেকে তাদেরকে মুক্তি দেবে। মহান আল্লাহ তা'আলার জন্য এটা কোনো কঠিন কিছু নয়।

ইতি

উসামা বিন মুহাম্মদ বিন লাদেন

মুসলিম বিশ্বের ওলামা-মাশায়েখদের প্রতি উসামা বিন লাদেন রাহিমাহুল্লাহ-এর উদাত্ত আহ্বান

হে সম্মানিত ওলামা-মাশায়েখগণ!

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

ওই মহান আল্লাহর প্রশংসা, যিনি ইরশাদ করেছেন, "আল্লাহ যদি মানবজাতির একদলকে অপরদল দ্বারা প্রতিহত না করতেন, তবে (খ্রিষ্টানদের) নির্জন গীর্জা-এবাদতখানা, (ইহুদিদের) উপাসনালয় ও মসজিদসমূহ বিধ্বস্ত হয়ে যেত, যেগুলোতে আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়। আল্লাহ নিশ্চয়ই তাদেরকে সাহায্য করবেন, যারা আল্লাহর সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী, শক্তিধর।"[৪৩] এবং দুরুদ ও সালাম প্রিয় নবী হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি- যিনি মৃত্যুশয্যায় বলেছিলেন, "আমি আগামীতে বেঁচে থাকলে ইহুদি-নাসারাদেরকে অবশ্যই জাজিরাতুল আরব থেকে বের করে দেবো।"[৪৪]

হে সম্মানিত উলামায়ে কেরাম! এ বিষয়টি নিশ্চয়ই আপনাদের অজানা নয়, যখন থেকে আল্লাহ তা'আলা আমাদের নবী হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নবী হিসেবে পাঠিয়েছেন তখন থেকে অদ্যাবধি পাশ্চাত্য খ্রিষ্টান গোষ্ঠীগুলো মুসলিম উম্মাহর প্রতি কীরূপ বিদ্বেষ ও শত্রুতা পোষণ করে আসছে। এ শত্রুতা শেষ হবার নয়। কারণ, তা মুসলমানদের প্রতি তাদের হিংসা ও নির্যাতনের মনোভাব থেকেই প্রসূত। আল্লাহ তা'আলা বলেন, "আহলে কিতাবদের অনেকেই প্রতিহিংসাবশত চায়, মুসলমান হওয়ার পর তোমাদেরকে কোনো রকমে কাফির বানিয়ে দেয়। তাদের কাছে সত্য প্রকাশিত হওয়ার পর (তারা এটা চায়), যাক তোমরা আল্লাহর নির্দেশ আসা পর্যন্ত তাদের ক্ষমা করো এবং উপেক্ষা করো। নিশ্চয়ই আল্লাহ সবকিছুর ওপর ক্ষমতাবান।"[৪৫]

---

৪৩. সুরা হজ : ৪০

৪৪. সুনানে তিরমিযী, হাদীস নং ১৬০৬

৪৫. সুরা [illegible] : [illegible]

৩. তৃতীয় কারণ, এসকল সামরিক মহড়ার মাধ্যমে ওরা মুসলিম সৈন্যদেরকে বিগড়ানোর সহজ পদ্ধতি রপ্ত করছে। মুসলিমদের থেকে জিহাদি চেতনাকে ধ্বংস করা, আত্মসম্মানবোধ ও আত্মমর্যাদাবোধ থেকে বঞ্চিত করা এবং তাদেরকে ভীরু ও আরামপ্রিয় বানানোর জন্য এর চেয়ে অধিক কার্যকরী আর কোন পদ্ধতি নাই যে, তাদেরকে ইহুদি-খ্রিষ্টানদের শিষ্যত্ব ও পরিচর্যায় দিয়ে দেওয়া হবে; যারা তাদের মাঝে চেপে চেপে দুনিয়ার মহব্বত ও মৃত্যুর ভয় ঢুকিয়ে দেবে। তাদেরকে জান্নাতের আগ্রহ এবং শাহাদাতের আকাঙ্ক্ষা থেকে বঞ্চিত করে দেবে। পাপাচার ও অনাচারে অভ্যস্ত এবং অলস ও অকর্মণ্যতাপ্রিয় বানিয়ে দেবে। সংশ্রবের কার্যকারিতাকে কে অস্বীকার করতে পারে? আর শিষ্যত্ব তো সংশ্রবের চেয়েও অধিক কার্যকর। মুর্দা দুনিয়ার নিকৃষ্ট কুকুর ইহুদি ও ক্রুশের পূজারী খ্রিষ্টানরা নিজেরাও ভীরু, মৃত্যুর প্রতি ভীতু এবং কুরবানী দেওয়া থেকে পলায়নকারী হয়। তাদের এই অশুভ ও নিকৃষ্ট স্বভাব তাদের তত্ত্বাবধানে প্রশিক্ষণ গ্রহণকারী মুসলিম সৈন্যদের মাঝেও ছড়িয়ে পড়বে। তারপর শুধু এর উপরই শেষ নয়; বরং এই 'যোগ্য উস্তাদ' নিকৃষ্ট দোষত্রুটি ও বর্ণনাতীত চারিত্রিক অধঃপতনের শিকার হয়। পশ্চিমা সমাজে চতুর্দিকে ছড়িয়ে থাকা বিভিন্ন অপকর্ম কারও নিকট গোপন নয়। তার ওপর বিষয় হলো—ওরা ওদের এই নিকৃষ্ট অভ্যাসগুলো প্রকাশে একটুও কুণ্ঠিত হয় না, লজ্জিতও হয় না। ফলে তাদের নিকট প্রশিক্ষণপ্রাপ্ত সৈন্য ও সাথে থাকা অফিসাররাও তাদের রঙে রঙিন হয়ে যায়। আন্তর্জাতিক সংবাদমাধ্যমে এই সংবাদ অনেকবারই এসেছে, মার্কিন সৈন্যদের মাঝে বহু সংখ্যক সৈন্যের একটি গ্রুপ সমকামী পাওয়া গেছে। যখন তাদেরকে বহিষ্কারের প্রস্তাব সামনে আসল; তখন তাদের অধিকার নিয়ে আমেরিকায় দীর্ঘ প্রতিবাদ হয়। যে সৈন্যদের মাঝে এমন নিকৃষ্ট অপরাধী—যা বীরত্বের জন্য হত্যাকারী ও বীরত্ব এবং আত্মসম্মানবোধকে উইপোকার মতো

লেহনকারী—বিশাল এক অংশ পাওয়া যায় এবং যে জাতি তাদেরকে ঘৃণা করা ও তাদের শাস্তি দাবি করার পরিবর্তে তাদেরকে বহাল রাখতে এবং তাদের সহযোগিতা ও আশ্রয়দানের জন্য বিক্ষোভ করে। সেই অপবিত্র জাতির চারিত্রিক অবক্ষয় অধঃপতনের কী অবস্থা হবে? অপবিত্র বস্তু পান করা, অপবিত্র বস্তু খাওয়া এবং হারাম কর্ম সম্পাদনকারী এই ভীরু এবং নিকৃষ্ট জাতি আজ সামরিক কর্মকাণ্ডে মুসলিমদের শিক্ষকে পরিণত হয়েছে। হায় আফসোস!

সিংহ আজ শৃগালের শিষ্য

সেই মুসলমান—যাদের ইতিহাস তাকওয়া ও পবিত্রতা, বীরত্ব ও সাহসিকতা, বাহাদুরী ও পুরুষ্যত্বের বিস্ময়কর ঘটনায় ভরপুর, সেই সিংহ-হৃদয় ও ঈগলের গুণে-গুণান্বিত মুসলমান আজ শৃগালের গুণে-গুণান্বিত ঘৃণিত এক জাতির নিকট যুদ্ধবিদ্যা ও বীরত্বের সবক শিখতে শিষ্যত্ব গ্রহণ করেছে। এ তো এমন হলো, যেমন ঈগলের বাচ্চা মরা-ভক্ষণকারী শকুনের নিকট যাওয়া কিংবা সিংহ সাবক শৃগালের নিকট শিকারের উপড় ঝাঁপ দেওয়া শেখার মতো।

পাকিস্তানী সৈন্যদের সেবা কেন গ্রহণ করা হয় না?

উপসাগরীয় দেশসমূহের শাসকদেরকে কে বোঝাবে যে, যদি নিজেদের সৈন্যদের প্রশিক্ষণ দেওয়াই উদ্দেশ্য হয়, তাহলে নিজেদের ভ্রাতৃপ্রতীম মুসলিম দেশসমূহ এই দায়িত্ব অত্যন্ত সুচারুরূপে আঞ্জাম দিতে সক্ষম। পাকিস্তান, বাংলাদেশ, তুরস্ক এবং সুদানের সৈন্যদের সাফল্য এবং যোগ্যতার মাপকাঠিতে রয়েছে অত্যন্ত গৌরবময় অতীত। বিশেষভাবে পাকিস্তানী সৈন্যরা তাদের গৌরবময় বর্ণনা এবং বীরত্ব ও সাহসিকতার অক্ষয় কর্মকাণ্ডের জন্য পৃথিবীর সামরিক ইতিহাসে সাফল্যের সর্বোচ্চ স্থানে উন্নীত। তারা এই নিকৃষ্ট সময়েও ঈমানী চেতনা ও শাহাদাতের আকাঙ্ক্ষার এমন চিরন্তন প্রদর্শনী করেছে যার মাধ্যমে ইসলামের প্রথম যুগের মুসলিম মুজাহিদদের স্মরণ তাজা হয়ে যায়।

এদের প্রশিক্ষণব্যবস্থা ও রাষ্ট্রীয় ব্যবস্থাপনা এতটা উন্নত ও যোগ্য যে, অন্যান্য দেশসমূহের জন্য তার উপমা পেশ করা অসম্ভব না হলেও অত্যন্ত কঠিন তো বটেই। স্বীয় ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ এবং উন্নত পেশাদারিত্বপূর্ণ যোগ্যতার ভিত্তিতে এই সেনাবাহিনীকে বিশ্বে অনন্য ও সফল মনে করা হয়।

আরব দেশসমূহের প্রতি তাদের বিশ্বাস এবং ভালোবাসাও স্বীকৃত। তারপর ধর্মীয় সম্প্রীতি ও দ্বীনি ভ্রাতৃত্ববোধের চেতনাও সর্বোচ্চ শিখরে। এসকল অগ্রগণ্যতা থাকতেও তাদের ছেড়ে অপবিত্র ও নিকৃষ্ট ইহুদিদের সাথে সম্পর্ক সুদৃঢ় করা, তাদের সাথে বিভিন্ন সামরিক চুক্তি করা, তাদেরকে সামরিক কর্মকাণ্ডের গুরু বানানো—যার দ্বারা ওদের অনেক অর্থনৈতিক উপকারও হয় এবং ইজ্জত-সম্মানও পায়—তা বুঝে না আসার মতো কথা? হাজারো ব্যাখ্যা-বিশ্লেষণ করা যাবে, কিন্তু এ কথা বিবেক ও যুক্তির কোনো মাপকাঠিতেই উত্তীর্ণ হয় না। সামান্য বিবেকবান মানুষও একে আন্তর্জাতিক ইহুদি ষড়যন্ত্র আখ্যা দেওয়া ব্যতীত থাকতে পারবে না।

তারপর এই প্রশ্ন জাগে, সামরিক মহড়া ও সামরিক প্রশিক্ষণ তো শত্রুর মোকাবিলার জন্যই করা হয়ে থাকে। যখন এসকল মহড়া ওই শত্রুদের সাথে মিলেই করা হবে, যাদের সাথে কাল মুখোমুখী হতে হবে, তাহলে তাদের স্বার্থই কী থাকবে এবং কার বিরুদ্ধে যুদ্ধের প্রস্তুতির জন্য হবে? যার সাথে যুদ্ধ হবে, সে তো মিত্র এবং পৃষ্ঠপোষক হয়ে আছে। যার থেকে দীন ও ধর্মের আশঙ্কা রয়েছে তাকে তো উস্তাদের পবিত্র মর্যাদা দান করে রেখেছি। তাহলে এসকল প্রস্তুতি কি জিনদের বিরুদ্ধে নাকি ফেরেশতাদের সাথে মোকাবিলার টনিক? এটা কি সম্ভব যে, নির্লজ্জ ও ধোঁকাবাজ কাফির সৈন্যরা মুসলিমদেরকে ওই সকল ভেদ ও রহস্যের প্রশিক্ষণ দেবে, যা কাল তাদেরই বিরুদ্ধে পরীক্ষা করা হবে? কেউ কি নিজের শত্রুকে সামরিক প্রশিক্ষণ দানে একনিষ্ঠ হয়? যদি এই প্রশ্নগুলোর উত্তর না-সূচক হয় এবং আল্লাহর কসম অবশ্যই না-সূচকই হবে তাহলে এ কথা সমর্থন করা ছাড়া উপায় নেই যে, এসব কিছু একই সুতায় গাঁথা এবং গভীর ষড়যন্ত্রের অধীনেই হচ্ছে। যার চতুর্পার্শ্বে সকল কুফরি শক্তি শরিক আছে এবং মহাসত্যবাদী নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সত্যবাণী অনুযায়ী নিজ নিজ মতবিরোধ ভুলে **'আল-কুফরু মিল্লাতুন ওয়াহিদা'** তথা সকল কুফর এক জাতিতে রূপান্তরিত হয়ে আছে। সুতরাং হে বিশ্বের মুসলমান, বিবেক খরচ করো। সুযোগ থাকতে সজাগ হয়ে যাও। এমন যেন না হয়, তোমাদের ওপর জমিনকে এমন সংকীর্ণ করে দেওয়া হলো যে, শেষাবধি কোথাও গিয়ে আশ্রয় মিলল না। এমন সংকীর্ণ ঘাঁটিতে প্রবেশ করিয়ে দেওয়া হলো, যেখান থেকে বের হওয়ার পথ পাওয়া গেল না।

জাজিরাতুল আরব' তথা আরব উপদ্বীপের গুরুত্বের তৃতীয় কারণ' পেট্রোল এবং গ্যাসের ভাণ্ডার

পেছনের লেখাগুলোতে আরব উপদ্বীপের গুরুত্বের দুটি কারণ বর্ণনা করা হয়েছে। এক দ্বীনি ও ধর্মীয় দৃষ্টিকোণ থেকে। দুই ভৌগলিক অবস্থানের কারণে। এখন তৃতীয় কারণ বর্ণনা করা হচ্ছে।

জাজিরাতুল আরব তথা আরব উপদ্বীপের গুরুত্বের তৃতীয় কারণ হলো, এখানে প্রচুর পরিমাণে পেট্রোল পাওয়া যাওয়া। আরব উপদ্বীপ পৃথিবীর মোট আবাদির দুই শতাংশ; কিন্তু এখানে প্রাপ্ত পেট্রোলের পরিমাণ গোটা পৃথিবীর পেট্রোল ভাণ্ডারের হিসাব অনুযায়ী ৬০ থেকে ৭৫ শতাংশ। মার্কিন দপ্তরের রিপোর্ট অনুযায়ী এই পরিমাণ ৬৬ শতাংশ।

আরব উপদ্বীপের পবিত্র ভূমির তলদেশে প্রবাহিত এই সেই **'তরল সোনা'**। আফসোস! তা যদি মুসলমানদের উন্নতি ও কল্যাণে ব্যবহৃত হতো, তাহলে আজ গোটা মুসলিম বিশ্বের চিত্রই পাল্টে যেত। কিন্তু আবিষ্কারের দিন থেকেই কুফরি শক্তিসমূহের মধ্যে এর ওপর দখলদারিত্ব প্রতিষ্ঠার জন্য সংঘাত শুরু হয়ে গিয়েছে।

নিকট অতীতে বিশ্বশক্তিগুলোর মাঝে স্নায়ুযুদ্ধের গুরুত্বপূর্ণ লক্ষ্য

অনেক কম লোকই জানে যে, নিকট অতীতে বিশ্বপরাশক্তি সোভিয়েত ইউনিয়ন ও আমেরিকার মাঝে সংঘটিত স্নায়ু যুদ্ধের গুরুত্বপূর্ণ একটি লক্ষ্য ছিল পেট্রোলের এই ভাণ্ডার পর্যন্ত পৌছা। আফগানিস্তানে রাশিয়ার অনুপ্রবেশ ছিল এই ভাণ্ডার অর্জন করার প্রচেষ্টার সর্বশেষ ধাপ। রাশিয়া যদি মধ্য এশিয়ার অন্যান্য দেশসমূহের মতো আফগানিস্তান দখলে সফল হত তাহলে আধা ইরানি, আধা পাকিস্তানী বেলুচিস্তান দখল হত তাদের এই সম্রাজ্যবাদী প্রচেষ্টার শেষ পদক্ষেপ; যাতে সফল হলে ওরা হয়ে যেত গোটা পৃথিবীর একমাত্র অপ্রতিদ্বন্দ্বী সুপার পাওয়ার। এর কারণ দুটি :

প্রথমত, বেলুচিস্তানের উপকূল পৃথিবীর প্রতিরক্ষার প্রধান কেন্দ্রবিন্দু। কেননা এখান থেকে সামান্য দূরত্বে সেই আন্তর্জাতিক সমুদ্রপথ যেখান দিয়ে ইরান, সংযুক্ত আরব আমিরাত, কাতার, ওমান, ইয়েমেন, ইরাক, সৌদি আরব, ইথিওপিয়া, সোমালিয়া ও অন্যান্য দেশসমূহের সকল সামুদ্রিক যানবাহন যাতায়াত করে থাকে। যেখানে গোয়াদর থেকে মাত্র কয়েক মাইল দূরেই জাইওয়ানি অঞ্চল। যেখান থেকে আব্বাস বন্দরের আলো দেখা যায়।

এই সূক্ষ্ম অবস্থানের কারণে সারা পৃথিবীর প্রতিরক্ষা বিশেষজ্ঞরা গোয়াদরের ওপর গভীর দৃষ্টি রাখেন। কেননা ওরা জানে, যদি গোয়াদরের উপকূলের ওপর মিজাইল স্থাপন করা যায় তাহলে যেখানে গোটা দুনিয়ার সমুদ্র জাহাজগুলোর যাতায়াত শেষ হয়ে যাবে, সেখানে সমগ্র আরব, সমগ্র মধ্য এশিয়া এবং গোটা পূর্ব দিগন্ত অরক্ষিত হয়ে যাবে। চীন ও ইরানের সকল গুরুত্বপূর্ণ শহর মৃত্যু থেকে এতটুকুই দূরে হবে আঙ্গুল ও বাটনের দূরত্ব যতটুকু। এ জন্যই জাপান, চীন, ইরান, ভারত, আমেরিকা এবং রাশিয়া সকলেই গোয়াদরের ওপর দৃষ্টি রেখেছিল। প্রথমে যার আধিপত্য বিস্তার হবে, সে অর্ধ পৃথিবীরও বেশি করায়ত্ব করে নিল।

পেট্রোল

দ্বিতীয়ত, বেলুচিস্তান যেহেতু আরব উপসাগরের তীরে অবস্থিত; এ জন্য সেখানে দখলদারিত্ব প্রতিষ্ঠার অর্থ হলো, তার উপসাগরে বিদ্যমান পৃথিবীর মোট উৎপাদনের ৭৫ শতাংশ পেট্রোলের ওপর দখলদারিত্ব প্রতিষ্ঠা হয়ে যাওয়া। বর্তমানে আমেরিকা এবং ইউরোপীয় দেশসমূহকে তাদের সামনে হাঁটু গাড়তে কয়েক দিনও লাগত না; কারণ, সকলেই জানে যে, বর্তমান পৃথিবীতে পেট্রোল হলো ওই বস্তু, যার ওপর আন্তর্জাতিক সম্প্রদায়ের জীবন-জীবিকা ও বেঁচে থাকা নির্ভরশীল। সর্বপ্রকার উন্নতি—চাই ব্যক্তিগত দিক থেকে হোক কিংবা রাজনৈতিক দিক থেকে হোক, শিল্প কর্মের ময়দানে হোক অথবা শিক্ষা ও সাংস্কৃতির ময়দানে হোক—সবকিছুই পেট্রোলের নিকট কৃতজ্ঞ। এ ছাড়া না কৃষি হয়, না ব্যবসা। না যাতায়াত সম্ভব, না পরিবহন। এই পেট্রোল যদি না হয় তাহলে কোনোভাবেই ফ্যাক্টরিতে কোনো যন্ত্রাংশ তৈরি হবে না। বর্তমান যান্ত্রিক যুগে জীবনের কোনো শাখা এমন নেই, যা পেট্রোল ব্যতীত একদিনও নিজের অস্তিত্ব টিকিয়ে রাখতে পারে। মানুষের সর্বপ্রকার প্রয়োজন ও জীবনপোকরণ, খাদ্য, বস্ত্র, চিকিৎসা ও নিত্যপ্রয়োজনীয় সকল ব্যবহার সামগ্রীসহ প্রতিটি বস্তু উৎপাদন থেকে নিয়ে ভোক্তার হাতে পৌছা পর্যন্ত উৎপাদনের প্রতিটি ক্ষেত্রেই পেট্রোলের প্রয়োজন। এটা এমন এক আবে হায়াত বা অমৃতজল যে, যদি তার উত্তোলন বন্ধ করে দেওয়া হয় তাহলে গোটা বিশ্ব, বিশেষ করে পশ্চিমা বিশ্ব কয়েক মুহূর্তের মধ্যেই নিঃশ্বাস বন্ধ হয়ে মৃত্যুর ঘাট অতিক্রম করবে। এসকল গুরুত্বকে বিবেচনায় রাখার পর ওই রিপোর্টগুলো দেখুন, যে রিপোর্ট অনুযায়ী আমেরিকার পেট্রোলের ভাণ্ডার ২০০০ সালে এবং রাশিয়ার ভাণ্ডার ২০০৩ সালে শেষ হয়ে যাবার কথা এবং ইউরোপের অনেক

দেশ তো এমন রয়েছে, যে দেশে পেট্রোলের একটি ফোঁটাও পাওয়া যায় না; অথচ নির্ভরযোগ্য সূত্র মতে, সৌদি আরব যদি বর্তমান পরিমাণের চেয়ে আরও অধিক পরিমাণেও তেল উত্তোলন করে তাহলেও তাদের ভাণ্ডার ১২৫ বছর পর্যন্ত, কুয়েতের ১৪৪ বছর পর্যন্ত, ইরাকের ৯৮ বছর পর্যন্ত অব্যাহত থাকবে।[৮৫]

এর সাথে এই ব্যবধানটুকুও মনে রাখতে হবে, আমেরিকার খনিতে দৈনিক উৎপাদন হয় মাত্র ১৮ ব্যারেল, যেখানে সৌদি আরবের খনিতে অধিকাংশ সময়ই উৎপাদন হয় ১৮০০ ব্যারেল।[৮৬]

প্রাকৃতিক গ্যাস

পেট্রোলের পরে শক্তি অর্জনের দ্বিতীয় গুরুত্বপূর্ণ মাধ্যম হলো প্রাকৃতিক গ্যাস। এ ব্যাপারেও আল্লাহ তা'আলা এই মুসলিম ভূখণ্ডকে অনেক অনুগ্রহ করেছেন। গোটা পৃথিবীর মোট উৎপাদনের ৬৫ শতাংশই এই ভূখণ্ডে পাওয়া যায়।[৮৭]

যেখানে সাতটি শিল্পোন্নত দেশও পশ্চিম ইউরোপের বাকি সকল দেশের নিকট পৃথিবীর মোট উৎপাদনের মাত্র ৫.৫ শতাংশ গ্যাস রয়েছে, যার ভাণ্ডার মাত্র ১০ বছর পর্যন্ত কার্যকর থাকবে।[৮৮]

এই সেই কারণ, যে কারণে উপসাগরের অনুর্বর ভূমি পৃথিবীর গুরুত্বপূর্ণ অংশ হয়ে আছে। আন্তর্জাতিক উপনিবেশিক শক্তি তার শিরায় শিরায় প্রবাহিত তরল পদার্থের ওপর দখলদারিত্ব প্রতিষ্ঠার জন্য প্রাণপণ চেষ্টা করে যাচ্ছে। তারা এটা খুব ভালো করেই জানে, যারা এই ভূখণ্ডের ওপর ক্ষমতা অর্জন করতে পারবে, তারাই গোটা পৃথিবীর সকল ক্ষমতা ও কর্তৃত্বের একচ্ছত্র মালিক হতে পারবে। প্রেসিডেন্ট নিক্সন বলেছিলেন, আরব উপসাগর ও পূর্ব দিগন্তের ওপর ক্ষমতা অর্জনের অর্থ হলো, সমগ্র পৃথিবীর ওপর ক্ষমতা অর্জনের চাবি-কাঠি হাতে এসে যাওয়া।[৮৯]

---

৮৫. মাজাল্লাতুল উসবুয়িল আরাবি-২২.১০.১৯৯০
৮৬. ওআদ-কিসিঞ্জার, ড. সফর বিন আবদুর রহমান আল হাওয়ালী, পৃষ্ঠা-১০
৮৭. ফারুক আহমাদ ইউসুফ মাজাল্লাতুশ শারাকিল আওসাত, আল-কাহেরা জুন-১৯৯৬, পৃষ্ঠা-৭২
৮৮. কাযায়া দুওয়ালিয়া, তাওফিক গানিম-অক্টোবর-১৯৯৬ পৃষ্ঠা-৩৫
৮৯. প্রাগুক্ত

প্রেসিডেন্ট কার্টার একবার তার দুঃখ এবং অক্ষমতা প্রকাশ করতে গিয়ে বলেছিল, আল্লাহ তা'আলা যদি আরবের পেট্রোলকে সামান্য একটু পশ্চিম দিকে সরিয়ে দিতেন তাহলে আমাদের সমস্যা সমাধান হয়ে যেত।[৯০]

দ্বিতীয় বাক্যে মার্কিন ইহুদি প্রেসিডেন্ট এই আকাঙ্ক্ষা করছে—আহ, পেট্রোল যদি ওই ভূখণ্ডে হতো, যেখানে মুসলমান নেই। ইহুদি-খ্রিষ্টানদের ক্ষমতা, অর্থাৎ ইসরাইলের অন্তর্ভুক্ত অঞ্চলে।

পেট্রোল আবিষ্কারের ইতিহাস

মুর্দা দুনিয়ার জন্য লালা ঝরানো ইহুদি-খ্রিষ্টানরা তাদের সেই লালায়িত ইচ্ছা পূরণের জন্য আরব উপদ্বীপের ওপর পূর্ব থেকেই তাদের লোলুপ দৃষ্টি নিক্ষেপ করে আসছে। এর জন্য ওরা কী কী চেষ্টা করেছে, কী পরিমাণ কষ্ট করেছে, কত দীর্ঘ ও পীড়াদায়ক অপেক্ষা করেছে, তার কিছুটা অনুমান করা যায় বর্তমানে প্রকাশিত বাদশাহ আবদুল আজিজের জীবনী থেকে। তাতে পেট্রোল আবিষ্কারের ইতিহাস লিখতে গিয়ে জীবনীকার যা লিখেছেন এবং যে সকল ছবি সংযুক্ত করেছেন, তা থেকে মার্কিনীদের পরিকল্পনা খুব সুস্পষ্টভাবে বুঝে আসে। আমরা এখানে সেই উদ্ধৃতি উল্লেখ করছি, যার প্রতিটি লাইনে লাইনে পাঠক ইহুদিদের দূরদৃষ্টি এবং ধোঁকাবাজি ও চালবাজির কিছুটা হলেও অনুমান করতে পারবেন।

বাদশাহ আবদুল আজিজের জীবনীকার বাহরুল্লাহ হাজারুবি লেখেন, "আল-ইহসা অঞ্চলে পেট্রোল উত্তোলনের সূত্রে যদি কারও প্রশংসা করতে হয়, তাহলে তিনি হলেন স্বয়ং বাদশাহ আবদুল আজিজ আলে-সৌদ। কারণ, এটা একমাত্র তারই কৃতিত্ব যে, তিনি ১৯৩৩ সালে ক্যালিফোর্নিয়া পেট্রোলিয়াম কোম্পানির সাথে তেল উত্তোলনের চুক্তি করেন। আরামকো অয়েল কোম্পানির ডাইরেক্টরের বর্ণনা আমাদের সাথে তেল উত্তোলনের চুক্তি করে ইবনে সৌদ অনেক সাহসের পরিচয় দিয়েছেন। কেননা এটা সেই অঞ্চল, যেখানে কোন অমুসলিম প্রবেশ করেনি। মরুভূমির বুদ্দুদের জন্য কোন কাফিরের সেই এলাকায় পা রাখাও অত্যন্ত ভয়ঙ্কর মনে করা হতো। কিন্তু এই সাহসিকতা একমাত্র বাদশাহ আবদুল আজিজের যে, তিনি শুধু আমাদের সাথে তেল উত্তোলনের চুক্তিই করেননি বরং আমাদেরকে সেই নিরাপত্তা

---

৯০. আত-তাদাখুলুল আসকারি ফি মানাবিউন-নফত, পৃষ্ঠা-১২

দিয়েছেন যা আমরা আমাদের নিজের দেশেও চিন্তা করতে পারতামনা। আমাদের সম্পর্কে আরবদের যে সংশয় ছিল তাও বাস্তবতার আলোকেই ছিল। কেননা সে সময় মুসলিম বিশ্ব ও আরব বিশ্বের অধিকাংশ দেশ পশ্চিমা কলোনি ছিল।"[৯১]

তেল উত্তোলনের প্রাণান্তকর চেষ্টা সম্পর্কে আরামকো যে ইতিহাস লিখেছে, তার কিছু অংশ :

"তেল অনুসন্ধান শুরু হয় ১৯৩৩ সালে। সেই মার্কিন বিশেষজ্ঞরা যারা এই গুরুত্বপূর্ণ কাজে অংশ নিতে এসেছিলেন। তারা লম্বা দাড়ি রেখেছেন এবং লম্বা লম্বা জুব্বা পড়তেন।"[৯২]

বাদশাহ আবদুল আজিজ তার বিশেষ পুলিশের মাধ্যমে তাদের নিরাপত্তার দায়িত্ব নেন, যেন বুদ্দুরা তাদের কোনো ক্ষতি না করতে পারে। সর্বপ্রথম যে স্থানে তেল অনুসন্ধানের কাজ শুরু করা হয়, সেখানে কিছুই পাওয়া যায়নি। এই কাজের জন্য কেবল যন্ত্রাংশই আমেরিকা থেকে আনা হয়নি; বরং খাদ্য ও পানীয় ছাড়াও সাবান এবং সবধরনের ব্যবহারিক সামগ্রী পর্যন্ত আমেরিকা থেকে আনা হয়েছে। প্রথমে তিনটি স্থান নির্ধারণ করা হয়েছে, কিন্তু তেল পাওয়া যায়নি। অন্যদিকে ওরা যে ধরনের জীবনাচারে অভ্যস্ত ছিল, তা এর চেয়ে অনেক কষ্টের ছিল; কিন্তু তথাপিও চেষ্টা অব্যাহত ছিল। মার্কিনীরাও অত্যন্ত মনোবল ও ধৈর্য্যের সাথে কাজ করে যাচ্ছিল। প্রথম কূপ যে অবস্থায় খনন করা হয়েছে, তার বর্ণনা অনেক কঠিন। মোটকথা, প্রথম কূপে ব্যর্থ হওয়ার পরে দ্বিতীয় কূপ খনন করা হয়, কিন্তু এতেও কোনো লাভ হয়নি। তৃতীয় কূপ খননের সময় ওদের বিশ্বাস ছিল, এবার অবশ্যই কিছু পাওয়া যাবে, সে সময় পর্যন্ত এর ওপর হাজার হাজার ডলার খরচ হয়ে গিয়েছে। শ্রমিকদের থাকার জন্য শুরুতে তাঁবু বানানো হয়েছিল। গরমও এমন ছিল, যে গরমে চেহারা ঝলসে যেত। পরে রিয়াদের মাটির ঘরগুলোর মতো ছোট ছোট ঘর বানানো হয়। এই ঘরগুলো পুরোনো স্মৃতি হিসেবে আজও বিদ্যমান।

[৯১]. বাদশাহ আবদুল আজিজ : পৃষ্ঠা-৩৯৭

[৯২]. আরবি পোশাক পরিহিত সেই ধোঁকাবাজ মাকিনীদের ছবি উপরিউক্ত গ্রন্থের ৪০৭ পৃষ্ঠায় দেওয়া আছে

তৃতীয় কূপ খননের পরে এতটুকু জানা গেছে, তেল তো আছে; কিন্তু পরিমাণ এত অল্প যে, তার জন্য এত পরিশ্রম মোটেও সমীচিন নয়। তেল উত্তোলনকারী কোম্পানির উচ্চপদস্থ কর্মকর্তাদের সন্দেহ হতে লাগল, কিন্তু তারা ধৈর্যের মানসিকতা পোষণ করছিল, যেহেতু তেল অনুসন্ধানকারী দল দীর্ঘদিন অবস্থানের কারণে এখানের আবহাওয়ার সাথে মানিয়ে গিয়েছিলেন, এ জন্য ভয় পেত না। চতুর্থ কূপ যেখানে খনন করা হয়েছে, তা প্রথম স্থান থেকে সম্পূর্ণ ভিন্ন ছিল। কিন্তু যেই তেলের জন্য এত আশা-ভরসা করা হয়েছে, সেই তেল কিন্তু এখানেও পাওয়া গেল না। তাই এখন প্রশ্ন তৈরি হলো, 'কোম্পানি কি তাহলে দেওলিয়া ঘোষণা করা হবে?' যা কিছু খরচ হওয়ার, তা তো খরচ হয়েই গেছে। তাই আমেরিকায় কোম্পানির কর্তা ব্যক্তিদের মিটিং হলো। ১৯৩৭ সাল পর্যন্ত যা লোকসান হয়েছে, তার পরিমাণ ছিল ৩০ লক্ষ ডলার। কিন্তু তারপরও ওরা কাজ চালু রাখার সিদ্ধান্ত নেয়। ওরা নতুন করে বিশেষজ্ঞ টিম পাঠায় এবং কোম্পানিতে কর্মরত শ্রমিকদের সাথে নতুন করে কন্টাক্ট করে এবং সুযোগ-সুবিধা বৃদ্ধি করে দেয়; যেন ওরা কাজ চালু রাখে। এই অবস্থায় পঞ্চম কূপ খননের কাজ শুরু হয়। বিশেষজ্ঞদের নিকট যে অভিজ্ঞতা ও যোগ্যতা ছিল, তার সবটুকু এতে ঢেলে দেওয়া হয়; কিন্তু এর ফলাফলও একই হলো। তবে ওরা হতাশ হলো না। তারা সিদ্ধান্ত নিল, শেষবারের মতো চূড়ান্ত চেষ্টা করা হবে, তাতে যদি তেল না পাওয়া যায় তাহলে আর কোনো আফসোস থাকবে না। এবার তারা একসাথে দুটি কূপ খননের সিদ্ধান্ত নিল। এ ছিল ষষ্ঠ ও সপ্তম কূপ। বিশেষজ্ঞরা ছাড়াও কোম্পানির উচ্চপদস্থ কর্মকর্তারাও মুহূর্তে মুহূর্তে খবর নিচ্ছিল। ষষ্ঠ কূপ থেকেও কিছুই পাওয়া গেল না। যার ফলে ওদের হতাশা আরও বৃদ্ধি পেল। এমনকি জাহরান ও ক্যালিফোর্নিয়ার মাঝে এই ধারণা বদ্ধমুল হচ্ছিল, যেকোনো মুহূর্তেই নির্দেশ আসতে পারে—তেল অনুসন্ধান বন্ধ করে ফেরত চলে আসো। হঠাৎ করে জানা গেল, কোম্পানির ডাইরেক্টর জেনারেল নিজেই আসছেন এবং কোম্পানির একাউন্টে আমেরিকা থেকে ডলার প্রেরণ করা হয়েছে। নতুন সরঞ্জামও রওয়ানা হয়েছে, কিন্তু সপ্তম কূপ এখনো পুরোপুরি খনন শেষ হয়নি। এরই মধ্যে আশ্চর্য এক ঘটনা ঘটল, যার ফলে মার্কিনীদের চোখ কপালে উঠে গেল। মাটির নিচ থেকে তেলের ভাণ্ডার উতলে উঠছে এবং এ পরিমাণ তেল বের হচ্ছে, যার ওপর স্বয়ং মার্কিনীরাই আশ্চর্য হয়ে গেলো।

এটা হলো মার্চ ১৯৩৭ সালের কথা। এখন ইতিহাসের নতুন এক যুগ শুরু হয়ে গেল। এই ঘটনা শুধু ক্যালিফোর্নিয়া কোম্পানির জন্যই আশ্চর্যজনক ছিল না, বরং পুরো আরব উপদ্বীপের জন্যই ছিল একটি মুজেযা তথা অত্যাশ্চার্য এক ঐতিহাসিক ঘটনা। এই কূপকে আজও সাত নাম্বার বলে ডাকা হয়। ১৯৩৩ সাল থেকে ১৯৩৭ সালের শেষ পর্যন্ত এই পাঁচ বছরে পাঁচ হাজার ব্যারেল তেল উত্তোলন হয়েছে। কিন্তু কেবল ১৯৩৯ সালেই ৩৯,৩৪,০০০ (উনচল্লিশ লাখ চৌত্রিশ হাজার) ব্যারেল তেল উত্তোলন করা হয়। অর্থাৎ বিগত পাঁচ বছরের তুলনায় সাতগুণ বেশি। এই পরিমাণ ১৯৪০ সালে ৫০ লাখ ৫৭ হাজার ব্যারেল এবং ১৯৫৪ সালে তা ২ কোটি ১১ হাজার ব্যারেল পর্যন্ত পৌঁছেছে। এ পরিমাণ গোটা পৃথিবীতে যেখানে যেখানে তেল উত্তোলন করা হয়, সবগুলোর মধ্যে সবচেয়ে অধিক। ১৯৪৬ সালে ৯৯০ লাখ ৬৬ হাজার ব্যারেল হয়, অর্থাৎ বছরে ৬০ মিলিয়ন ব্যারেল ১৯৪৭ সালে ৮ কোটি ৯৮ লক্ষ ৬৫ হাজার ব্যারেল, অর্থাৎ এটা ৯০ মিলিয়ন ব্যারেল হয়ে গেছে। কর্মচারীর সংখ্যা ২০ হাজার হয়ে গেছে। এখান থেকে শুধু তেল নয়, বরং গ্যাসও উত্তোলন হচ্ছে। তারপর শুধু আরামকো কোম্পানিই কর্মরত নয়, বরং অন্যান্য জাপানি, ইটালি, ফ্রান্স ও আরব বিশ্বের কোম্পানিগুলোকেও অন্তর্ভূক্ত করা হয়।[৯৩]

উপসাগরের পেট্রোল পর্যন্ত পৌঁছার বিশ্ব ষড়যন্ত্রের ইতিহাস

হেরেমের ভূমির পানি ও ঘাসবিহীন মরুভূমিতে যখন তেলের সন্ধান পাওয়া গেল তখন তা আন্তর্জাতিক সম্রাজ্যবাদী শক্তিসমূহের মনোযোগ ও আগ্রহের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়। এখানে বিদ্যমান কালো ঝলমলে আবে হায়াত তথা জীবন রসের ওপর দখলদারিত্ব প্রতিষ্ঠার জন্য বিশ্বশক্তিসমূহের জোড় প্রচেষ্টা শুরু হয়ে গেল। বিষয়টি পুরোপুরি বোঝার জন্য আমাদেরকে সামান্য পেছনে গিয়ে নিকট অতীতের ইতিহাসের পাতা উল্টাতে হবে। না হয় এই আকর্ষণীয় কাহিনির সাথে ইনসাফ হবে না। আজ থেকে আনুমানিক ৭০ বছর পূর্বে কমিউনিজম যখন এক জীবনব্যবস্থা ও মতবাদ হিসেবে আত্মপ্রকাশ করল এবং তা রাশিয়ার শাসকদের পরাজিত করে রাশিয়ার রাজধানী দখল করে নিল তখন পৃথিবীতে দুটি মতবাদ ছিল, একটি অপরটির

[৯৩]. বাদশাহ আবদুল আজিজ ইবনে আবদুর রহমান আল সৌদ, লেখক বাহরুল্লাহ হাজারুবি : পৃষ্ঠা-৩৯৯-৪০৩

প্রতিপক্ষ হয়ে সামনে আসল। এক আমেরিকা ও পশ্চিমা দেশগুলোতে প্রচলিত পুঁজিবাদী মতবাদ এবং অপরটি হলো রাশিয়া ও কমিউনিস্ট ব্লকের অন্তর্ভুক্ত সমাজতান্ত্রিক দেশসমূহে প্রচলিত কমিউনিজমের মতবাদ। এই দুই মতবাদের মধ্যে দীর্ঘদিন যাবত্ শীতল যুদ্ধ চলে আসছে এবং বইপুস্তক ও লিখনী থেকে শুরু করে তোপ-কামান পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে তাদের মধ্যে শত্রুতাপূর্ণ বাদানুবাদ চলে আসছে। দৈনন্দিন ব্যবহৃত সামগ্রী উৎপাদন থেকে নিয়ে পারমাণবিক অস্ত্র তৈরি পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে উভয়ে একে অপরকে হীন করে দেখানোর আপ্রাণ চেষ্টা করতে লাগল। এতে কোনো সন্দেহ নেই, বর্তমানে কমিউনিজমের লাল ভল্লুক আফগান মুজাহিদদের হাতে শোচনীয় এবং শিক্ষণীয় পরাজয় বরণ করে তার ক্ষত চাটায় ব্যস্ত রয়েছে; কিন্তু একটা সময় এমন ছিল, যখন তা সাম্রাজ্যবাদী শক্তির পৃষ্ঠপোষকদের নিদ্রা হারাম করে রেখেছিল।

সেনা, নৌ ও বিমান বাহিনীর সামরিক শক্তি থেকে নিয়ে মহাকাশ শক্তি পর্যন্ত প্রত্যেক ক্ষেত্রেই সে তার প্রতিপক্ষকে নাকানি-চুবানি খাইয়েছে। কারও অনুগ্রহ মনে রাখার ব্যাপারে পশ্চিমা জাতির স্মৃতি খুবই দুর্বল। অন্যথায় তাদের উচিত ছিল, আফগান মুজাহিদদেরকে নিজেদের অনুগ্রহকারী মনে করে সর্বদা তাদের প্রতি অনুগ্রহশীল ও কৃতজ্ঞ থাকা। কেননা অবশেষে তারাই এই লাল ভল্লুকদের মুষ্টি ভেঙে এবং দাঁত বের করে তাদেরকে ঘরে ফিরে যেতে বাধ্য করেছে, না হয় সেই দেশসমূহের এতটুকুও সাহস ছিল না এই ঝড়ের মোকাবেলা করার।

কমিউনিজমের প্লাবন

কমিউনিস্ট আন্দোলন যখন রাশিয়াতে প্রতিষ্ঠিত হয়ে গেল তখন তারা স্বেচ্ছায় গোটা পৃথিবীর অসহায় জনতাকে পুঁজিবাদীদের জুলুম ও নির্যাতন থেকে মুক্তি দেওয়ার ইচ্ছে করে। এ উদ্দেশ্যে তারা পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন নাম ও বিভিন্ন পদ্ধতিতে আন্দোলন শুরু করে। তাদের পৃষ্ঠপোষকতা করে তাদেরকে আর্থিক এবং সামরিক সহযোগিতা করে। প্রথমে মতবাদের দিক থেকে মানুষকে সমমনা বানিয়েছে, তারপর এই লালবাহিনীর মাধ্যমে লাল বিপ্লব সংঘটিত করেছে। প্রত্যেক দেশে তাদের কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য তাদের সামাজিক অবস্থা অনুযায়ী যথপোযুক্ত পদ্ধতি অবলম্বন করা হয়েছে। কোথাও কথার ফুলঝুরি দিয়ে ও সাহিত্য-সংস্কৃতি দিয়ে, কোথাও অস্ত্র ও শক্তি দিয়ে। মোটকথা, সারা পৃথিবীতে কমিউনিজম এক মহা প্লাবনের মতো

প্রবেশ করেছিল রাশিয়া তখন ভিয়েতনামকে সম্ভাব্য সবধরনের সহযোগিতা করেছে, যাতে আমেরিকাকে শিক্ষণীয় পরাজয়ের দ্বারা নাজেহাল করে নিমিষেই বাহিরে বের করে দিতে পারে।

উপসাগরে রুশদের আনন্দের কারণ

এর সাথে সাথে ওরা উপসাগরকেও ভুলেনি। আমেরিকার উপসাগরের প্রয়োজন ছিল শুধু পেট্রোলের কারণে, কিন্তু রুশদের উপসাগরে আনন্দের আরও একটি কারণ ছিল। অর্থাৎ গরম পানি পর্যন্ত পৌছা। দুর্ভাগ্য যে, রাশিয়ার নিকট যে জলভাগ ছিল, তা ছিল ঠাণ্ডাপ্রবণ অঞ্চল। যেখানে পুরো বছরই বরফ জমে থাকে কিংবা বরফের দানবসদৃশ টুকরো বর্ষণ হতে থাকে। যার ফলে তাতে জাহাজ চলা সম্ভব ছিল না। এই দুই কারণে ওরা উপসাগরের পানি পর্যন্ত পৌছার জন্য অস্থির ছিল। এ উদ্দেশ্যে ওরা আরব উপদ্বীপে অবস্থিত দেশসমূহে তাদের প্রভাব ও অবস্থান তৈরি করতে শুরু করে এবং এখানেও ওরা আমেরিকা ও তার মিত্রদেরকে হারিয়ে দেয়। একদিকে ওরা ইরাক এবং সিরিয়াকে তাদের সমমনা বানিয়েছে, অপরদিকে ইয়েমেনকে দু-টুকরো করে অর্ধেক ইয়েমেনে কমিউনিস্ট শাসন প্রতিষ্ঠা করিয়েছে। আরব উপসাগরের ডান দিকে ইরান অবস্থিত। শাহের যুগে ইরান ছিল আমেরিকার সহযোগী। কিন্তু বিপ্লবের পরে আমেরিকার সাথে তাদের সম্পর্ক অত্যন্ত টানাপড়েন হয়ে যায়। বিজ্ঞজনেরা অবশ্যই জানেন, বিপ্লবের পর থেকেই ইরান রাশিয়ার মিত্র। এ বিষয়ের ওপর একাধিক নির্ভরযোগ্য সাক্ষী বিদ্যমান। ইরানে রাশিয়ার প্রতি নমনীয় এবং আমেরিকাবিরোধী সরকার এসে যাওয়াতে মার্কিনী স্বার্থের সীমাহীন ক্ষতি হয়ে যায়।

মোটকথা, উপসাগরের এদিকে ইরান এবং ওপারে ইরাক, সিরিয়া ও ইয়েমেনকে নিজেদের মিত্র বানানোর পরে রাশিয়ার জন্য উপসাগরে নিজেদের দখলদারিত্ব প্রতিষ্ঠার সিদ্ধান্তের সময় এসে গিয়েছিল। ওরা সফলতার একদম দ্বারপ্রান্তে ছিল। কিন্তু আল্লাহ তা'আলার ইচ্ছা, তিনি যখন চান দু-চার ইঞ্চি প্রান্ত বাকি থাকতেই ফাঁস ছিড়ে যায়। রাশিয়া সর্বদিক থেকে নিশ্চিন্ত হওয়ার পর তাদের শেষযুদ্ধ মনে করে আফগানিস্তানে অনুপ্রবেশ করে। আফগানিস্তানে লালবিপ্লবকে স্বাগত জানানোর মতো স্বেচ্ছাসেবক বাহিনীও যথেষ্ট পরিমাণে বিদ্যমান ছিল। আফগানিস্তানে কমিউনিস্ট শাসন প্রতিষ্ঠার জন্য রাশিয়া দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন করেছিল। এ উদ্দেশ্যে ওরা আফগানিস্তানকে অনেক সামরিক ও আর্থিক সহযোগিতা প্রদান করে এবং

অনেক বিশাল বিশাল ব্রিজ-কালভার্ট ও সেতু উত্যাদি বানিয়ে দেয়। সালাং-এর বিশাল মহাসড়ক ও আমু দরিয়ায় অবস্থিত বন্দর সেতু তার জীবন্ত প্রমাণ।[৯৪]

রাশিয়ার কাঙ্ক্ষিত গন্তব্য

আফগানিস্তানের পরে অর্ধ ইরানি বন্দর আব্বাস এবং অর্ধ পাকিস্তানী বেলুচিস্তান গোয়াদর, জাইওয়ানি দখল করা কোনো কঠিন ছিল না। এই সেই জায়গা, যা তাদের দীর্ঘদিনের দখলদারিত্বের চেষ্টা প্রচেষ্টার কাঙ্ক্ষিত লক্ষ্য ছিল। পূর্বের দুটি প্রবন্ধে বার বার শুনে আসছি, আমেরিকা গোয়াদরে আপ্রাণ চেষ্টা করছে। এতে আমাদের বর্ণনার সত্যায়ন হয়। আমেরিকা মূলত ওই লক্ষ্যকে অর্জন করতে চায়—যা অর্জনের আশা করে রাশিয়া টুকরো টুকরো হয়ে গেছে। রাশিয়া আল্লাহ তা'আলার গায়েবি শক্তি এবং মুসলমানদের জিহাদি চেতনা সম্পর্কে বেখবর ছিল, এ জন্য এই পরিণতি হয়েছে। কিন্তু আমেরিকাও ওদের থেকে শিক্ষা নেওয়ার পরিবর্তে ওদের পথেই হাঁটছে এবং ইন শা' আল্লাহ ওদের চেয়ে আরও শোচনীয় ও লাঞ্ছনাকর পরিণতির শিকার হবে। রাশিয়া ১৯৮০ সালকে আফগানিস্তানের ওপর দখলদারিত্ব পূর্ণ করা এবং ১৯৮১ সালকে বেলুচিস্তান দখল করে উপসাগরের পানি পর্যন্ত পৌঁছানোর বছর আখ্যা দিয়েছিল। এ কারণেই ওরা শীনডন্ড-এর বিমানঘাঁটি স্থাপনের জন্য আপ্রাণ চেষ্টা ও ঘামঝরা প্রবিশ্রম করেছে। কেননা, শীনডন্ড থেকে উড্ডয়নকৃত বিমান উপসাগর পর্যন্ত পৌঁছতে মাত্র ১৫ মিনিট লাগে।[৯৫]

উল্লিখিত আলোচ্য স্থান সেই বিমানঘাঁটি, যাকে অপরাজেয় মনে করা হতো। আফগান জিহাদে তা বিজয় করা যায়নি। কিন্তু তালেবানরা আল্লাহ তা'আলার সাহায্যের ওপর ভরসা করে অল্প কয়েকদিনে নিজেদের শক্তিবলে তা দখল করে নেয়; যা দখল করতে তাদের জীবন ও আর্থিক ক্ষতি ছিল সমপরিমাণ। তালেবান আন্দোলনের সময়ে অনুষ্ঠিত লড়াইসমূহের মধ্যে এটাকে স্মরণীয় লড়াই মনে করা হয়।

বেলুচিস্তানে লাল বিপ্লবের সহযোগী লাল ট্যাংকগুলো অস্থিরভাবে অপেক্ষা করছিল। সে দিনগুলোতে এখানে খোলামেলাভাবে পাকিস্তান ভাঙা

---

৯৪. তারিখে জিহাদে আফগানিস্তান, ড. এইচ বি খান পৃষ্ঠা-১০১

৯৫. দেখুন ফিল-দিরাতি ইবরাহ, লেখক : শহীদ ড. আবদুল্লাহ আযযাম রহ. পৃষ্ঠা ১৪৬

ও কমিউনিস্ট বিপ্লব ছড়িয়ে দেওয়ার কথাবার্তা হতো। ঘরে ঘরে লালপতাকা উড়তে দেখা যেত। অলিতে-গলিতে কমিউনিজমের চর্চা হতো। গোত্রের পর গোত্র ছিল দীনে হকের অস্বীকারকারী এবং নাস্তিকতা ও খোদাদ্রোহিতায় আসক্ত। রাশিয়ার বিশেষ দিবসগুলো ঈদের দিনের মতো পালন করা হতো। ১৭ ই অক্টোবর লেনিনের বিপ্লব এবং ২৭ শে ডিসেম্বর রাশিয়া আফগানে প্রবেশের দিবস হিসেবে পালন করা হতো। এই দিনগুলোতে বেলুচিস্তান স্টুডেন্ট অর্গানাইজেসনের স্বেচ্ছাসেবকরা লাল জামা ও লাল টুপি পরত। ভবনের ওপর থেকে পাকিস্তানী পতাকা নামিয়ে লাল পতাকা ওড়াত।[৯৬]

পাকিস্তানের হিতাকাঙ্ক্ষী সাংবাদিকরা দৈনিক সংবাদপত্রগুলোতে সংবাদ শিরোনাম লিখতেন : "রাশিয়ার বিরোধিতা করা উচিত নয়। রাশিয়া খুব শীঘ্রই আফগানিস্তান পর্যুদস্ত করে উপসাগরের উপকূলে গিয়ে পৌঁছাবে। তাদের বিরোধিতা ক্রয় করা কেমন বুদ্ধিমানের কাজ?" ইত্যাদি ইত্যাদি।

শ্বেত ভল্লুকদের ভয়ঙ্কর আগমন, দৃষ্টান্তমূলক ফিরে যাওয়া

মোটকথা, প্রাকৃতিক সম্পদের সীমানা পর্যন্ত শ্বেত ভল্লুকদের আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ উপকূল দখল অল্প কিছুদিন আগের কথা এবং এখানে দখলের উদ্দেশ্য ছিল, উপকূলকে রাশিয়া দুই দিক থেকে দখলে নেওয়া এবং ওরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় পৃথিবীর একমাত্র সুপার পাওয়ার হওয়া। যাদের হাতে আন্তর্জাতিক ক্ষমতার চাবিকাঠি থাকবে। ওরা যখন চাইবে পৃথিবীর বিভিন্ন জাতিকে ইচ্ছেমতো ঘুরাতে পারবে। আমেরিকা ও পশ্চিমা দেশসমূহ আফগানিস্তানে রুশদের অনুপ্রবেশের লক্ষ্য-উদ্দেশ্য খুব ভালো করেই বুঝত। রুশদের আফগান সীমান্ত পাড়ি দেওয়ার সংবাদ তাদের ওপর বিজলীর মতো অবতরণ করেছে। এই আকস্মিক খবর শুনে তাদের ওপর মূর্ছা জারি হয়ে গিয়েছিল। কেননা এই দেশসমূহের সর্বপ্রকার জাগতিক উন্নতি ও বাহ্যিক প্রভাব-প্রতিপত্তির কেন্দ্রবিন্দু ছিল উপসাগরের পেট্রোলের ওপর নির্ভরশীল; যার ওপর ওরা শত ধোঁকা ও চালবাজির মাধ্যমে ঘাঁটি গেড়ে বসেছে। আফগানিস্তানের পর বেলুচিস্তানে রাশিয়া ক্ষমতাশীল হওয়ার অর্থ হলো গোটা পৃথিবীর মূলচাবিকাঠি তাদের হাতে এসে যাওয়া। এমনিভাবে কয়েক দশক ধরে চলে আসা যুদ্ধ, পশ্চিমা গোষ্ঠীর সম্পূর্ণ পরাজয় এবং শিক্ষামূলক পলায়নের সাথে সমাপ্ত হতো। কেননা উপসাগরের ওপর ক্ষমতাশীল শক্তির

---

৯৬. কাসাস ওয়া আহাদীস, শহীদ আব্দুল্লাহ আযযাম রহ., পৃষ্ঠা-৮২

সাথে যুদ্ধ বাঁধানো কারও জন্যই সম্ভবপর ছিল না। রুশদের আমুদরিয়া পাড়ি দেওয়ার খবর শুনে পশ্চিমা গোষ্ঠীর নিদ্রা চলে গিয়েছিল। তারা তাদের শিক্ষণীয় পরাজয়, পিছু হটা, দাসত্ব ও ভয়ঙ্কর পরিণতি সম্মুখে দেখতে পাচ্ছিল। এটা ছিল সে যুগ, যখন রাশিয়ার বিরুদ্ধে বাধা প্রদানকারী শক্তিকে সহযোগিতা করার চিন্তাও করা যেত না। শ্বেত ভল্লুকদের ইতিহাস সকলেরই জানা, এরা কোথাও প্রবেশ করলে সেখান থেকে কখনোই ফিরে আসতো না। তাতারীদের সম্পর্কে প্রসিদ্ধ প্রবাদ যখন তোমাকে বলা হবে, "তাতারীরা পরাজিত হয়েছে, তাহলে তুমি তা বিশ্বাস করো না" রুশদের বেলায়ও তা শতভাগ সত্য ছিল। ওরা আফগানিস্তানের পূর্বে মধ্য এশিয়ার যে ১৭টি দেশ দখল করেছিল, সে দেশগুলো আফগানিস্তানের চেয়ে অনেক বেশি উন্নত এবং অস্ত্র ও জনবলের দিক থেকেও অনেক অগ্রসর ছিল। বিবেক ও যুক্তি অনুযায়ী এখন রুশদের পথ রোধ করা এবং ওদেরকে উপসাগরের গরম পানি ও তেল দ্বারা ভরপুর কূপসমূহ পর্যন্ত পৌঁছা থেকে ফিরিয়ে রাখা শুধু কঠিনই নয়; বরং অসম্ভবও ছিল বটে। পশ্চিমা গোষ্ঠী নিঃশ্বাস বন্ধ করে তামাশা দেখছিল। আগামীর চিন্তায়ই ওদের জ্ঞান লোপ পাওয়ার উপক্রম হচ্ছিল। এমনকি আফগানীদের ঈমানী শক্তি এবং জিহাদি প্রেরণা অবিশ্বাস্য পন্থা অবলোকন করেছে। তারা আল্লাহর সাহায্যের ওপর ভরসা করে কুড়াল আর লাঠি নিয়ে ট্যাংক এবং তোপের মোকাবিলায় যুদ্ধের ময়দানে ঝাঁপিয়ে পড়েছে। আকাশ সে আশ্চর্য দৃশ্য অবলোকন করেছে। একদিকে অসহায় আফগান, অপরদিকে বিশ্ব পরাশক্তি। একদিকে অত্যাধুনিক সব অস্ত্রশস্ত্র ও সর্বোচ্চ সামরিক প্রশিক্ষণপ্রাপ্ত সৈন্য, অপরদিকে সামান্য গুটিকয়েক ভাঙাচোড়া বন্দুক ও বিক্ষিপ্তভাবে ছড়িয়ে-ছিটিয়ে থাকা সামান্য ব্যক্তিগত শক্তি। কিন্তু ঈমানের শক্তি এবং আসমানি সাহায্যের অবতরণ অসম্ভবকে সম্ভব করে দেখিয়েছে।

আফগান মুজাহিদরা কেবল এক বছর পর্যন্তই এই লাল তুফানকে পথরুদ্ধ করে রাখেনি; বরং রাশিয়ানদের এমন ধ্বংসাত্মক আঘাত হেনেছে যে, পৃথিবী অনেক কিছু ভাবতে বাধ্য হয়েছে। ধীরে ধীরে পশ্চিমা গোষ্ঠীর বিশ্বাস হতে শুরু করেছে যে, আফগান মুজাহিদীন এই ঝড়ের গতি পরিবর্তন করতে পারবে। আইএসআই যখন আমেরিকাকে নিশ্চয়তা দিয়েছে যে, আফগানিরা রাশিয়ানদের দাঁত ভেঙ্গে দিতে পারবে তখন ওদের জীবনে প্রাণ এসেছে। ওরা উপসাগরে তেল লুটতরাজে শরিক তাদের মিত্র দেশসমূহ ও উপসাগরীয় মুসলিম দেশসমূহকে আফগান মুজাহিদদেরকে সম্ভাব্য সবধরনের সহযোগিতার নির্দেশ দেয়। আরব দেশসমূহে বিদ্যমান হাজার হাজার দাতা

সংস্থা এবং দানশীল শাইখদের পক্ষ থেকে লক্ষ লক্ষ ডলার ব্যক্তিগত দান ছাড়াও আফগান জিহাদের অর্ধেক খরচ সৌদি সরকার বহন করে।[৯৭]

অতীতের সহযোগীরাই আজ বিরোধী

আমেরিকা যখন আফগানদের বিস্ময়কর বীরত্ব ও সাহসিকতার প্রদর্শনী দেখল,তখন ওদের আশা জাগতে শুরু করল, ওরা উপসাগরের মূল্যবান প্রাকৃতিক সম্পদ পর্যন্ত পৌঁছতে রাশিয়াকে প্রতিহত করতে পারবে। ওরা তখন আরব দেশসমূহকে উৎসাহিত করল; যেন তারা নিজেদের মাঝে মুজাহিদদের সাহায্য-সহযোগিতার জন্য জিহাদ সম্পর্কে উপযুক্ত পরিবেশ তৈরি করে। ওই সময় সৌদি রেডিও ২৪ ঘণ্টার মধ্যে ১৮ ঘণ্টা জিহাদি প্রোগ্রাম প্রচার করত। সংবাদপত্রে মুজাহিদদের সাথে সম্পৃক্ত সংবাদ রঙিন কালিতে ছাপা হতো। আফগান জিহাদে অংশ নিতে যাওয়া বিমান যাত্রীদেরকে বিমান ভাড়া ৭৫% ছাড় দেওয়া হতো। তাদেরকে অনেক সম্মান ও মর্যাদা দেওয়া হতো। পত্রিকায় তাদের বড় বড় ছবি প্রকাশ করা হতো। সে সময় আমেরিকার মিত্র পশ্চিমা দেশগুলোও আফগান মুজাহিদদের সাহায্য করত, কিন্তু তারপরও কারও আফগান জিহাদের বৈধতা ও ফরজিয়্যাত নিয়ে সন্দেহ ছিল না। অথচ আজ যখন গোটা পৃথিবীর কুফরিশক্তি তালেবানদের বিরোধী; তথাপিও মানুষের অন্তরে তালেবানদের জিহাদ সম্পর্কে বহু ধরনের সন্দেহ। কাল যখন আফগানিস্তানে এক কাফির ছিল তখন জিহাদ ফরজ ছিল। আজ পবিত্র হারামাইন শরিফাইনে সব ধরনের দুর্গন্ধময় ও অপবিত্র কাফির একত্রিত হয়েছে, কিন্তু তারপরও জিহাদ জায়েজ নাই। রাশিয়ার বিরুদ্ধে লড়াইকারী যে সকল মুজাহিদদেরকে চাকরি থেকে ছুটি দেওয়া হতো এবং যাতায়াতের খরচাদি পর্যন্ত ছাড় দেওয়া হতো, আজ আমেরিকার বিরুদ্ধে লড়াইকারী সেই মুজাহিদদের ওপরই জীবনোপকরণ সংকীর্ণ করে দেওয়া হচ্ছে। কাল পর্যন্ত ওরা ছিল জাতীয় বীর এবং জাতির জন্য গর্বের ধন আর আজ হয়ে গেছে ওরা সন্ত্রাসী এবং হত্যাযোগ্য অপরাধী। সৌদি আরবের রিয়াদে মার্কিন কমিশন ভবনে যে বিস্ফোরণ হয়েছে, এতে বিনা অপরাধে চার ব্যক্তিকে—যারা আফগান জিহাদে অংশ নিয়েছিলেন—কোনো প্রমাণাদি ছাড়াই মৃত্যুদণ্ডের রায় দেওয়া হয়। এমনিভাবে হাজার হাজার আরব মুজাহিদ—যারা আফগান জিহাদে স্মরণীয় ভূমিকা পালন করেছেন—আজ

৯৭. শেকাসতে রুস, বিগ্রেডিয়ার মুহাম্মদ ইউসুফ, পৃষ্ঠা-১৫২

সৌদি আরব বা মিশরে কারারুদ্ধ। রাশিয়ার বিরুদ্ধে যে সকল উলামায়ে কেরাম ফরজিয়্যাতে জিহাদের ফতোয়া জারি করেছিলেন, তাদেরকে সম্মান ও মর্যাদার পাত্র মনে করা হতো। আজ আমেরিকার আরব উপদ্বীপে অবস্থানরত ইহুদি-খ্রিষ্টান সৈন্যদের আশঙ্কার ব্যাপারে কোনো আলেমে-দীন যদি কাউকে সামান্য অবহিতও করে তাহলে তাকে নিকৃষ্ট অপরাধী মনে করা হয়। শাইখ সালমান আওদাহ, শাইখ সফর আল হাওয়ালী ও অন্যান্য বড় বড় উলামায়ে কেরাম শুধু এই অপরাধেই কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে আবদ্ধ যে, তারা কাফির সৈন্যদের প্রকৃত দুরভিসন্ধি সম্পর্কে মুসলিম উম্মাহকে সতর্ক করার চেষ্টা করেছিলেন।

পশ্চিমা গোষ্ঠীর নিচু মানসিকতা ও অনুগ্রহ ভুলে যাওয়া

সংক্ষিপ্ত কথা হলো যে, আফগানীদের পরিশ্রম কাজে লেগেছে এবং সোভিয়েত ইউনিয়ন এমন শিক্ষণীয়ভাবে পলায়ন করতে বাধ্য হয়েছে, যা দেখে বহু কট্টর নাস্তিক এবং মুরতাদও মহান আল্লাহ তা'আলার শক্তির স্বীকারোক্তিদাতা হয়ে গেছে। যে সম্রাজ্যবাদী শক্তি পরাজয় নামক শব্দটির সাথেই ছিল অপরিচিত, সেই অপরাজেয় শক্তি এমনভাবে টুকরো টুকরো হয়েছে যে, তারা নিজের অস্তিত্ব পর্যন্ত টিকিয়ে রাখতে পারেনি। আল্লাহ তা'আলার কুদরতের এর চেয়ে বড় নিদর্শন আর কী হতে পারে—যে দখলদার সম্পর্কে প্রসিদ্ধ ছিল, 'যেখানে একবার প্রবেশ করে, সেখান থেকে ওরা আর কখনো ফিরে আসে না' সেই ওরাই অসহায় আফগানীদের হাতে এমন শোচনীয় পরাজয় বরণ করেছে যে, শেষাবধি ফেরত যাওয়ার পথ আর খুঁজে পাচ্ছিল না। অবশেষে জেনেভা চুক্তির অন্তরালে নিজেদের লাঞ্ছনাকর প্রত্যাবর্তনের ওপর শত বাহানার পর্দা ঢালতে সক্ষম হয়েছে। রাশিয়ার প্রত্যাবর্তনের পরে পশ্চিমাদের নির্লজ্জচরিত্র এবং হীন মানসিকতার নতুন এক রূপ পৃথিবী অবলোকন করেছে। আফগানীরা এই যুদ্ধে নজিরবিহীন ত্যাগ দিয়েছেন। লাখ লাখ লোক শহিদ হয়েছেন। হাজার হাজার শিশু এতিম হয়েছে এবং লক্ষ লক্ষ নারী বিধবা হয়েছে। সমগ্র দেশ উজাড় হয়ে গেছে। গ্রামের পর গ্রাম বিরান হয়ে গেছে। দেশের অর্থনীতি ও উন্নতির অপূরণীয় ক্ষতি হয়েছে। যদি গভীরভাবে দেখা হয় তাহলে এর প্রকৃত লাভ হয়েছে পশ্চিমাদের। কেননা রাশিয়া তো আফগানিস্তানের পাহাড়ে ওষুধি গাছের শিকড় খুঁজতে আসেনি। ওদের আসল উদ্দেশ্য ছিল উপসাগরের পেট্রোল। সেই পেট্রোল—যার ওপর পশ্চিমাদের বেঁচে থাকা নির্ভরশীল এবং যার

শক্তিতে ওরা আজ তাদের বাহ্যিক ঝলক ঠিক রেখে আসছে। আজ যদি উপসাগরে দ্বিতীয় কোনো বাদশাহ ফয়সাল জন্ম হয়ে যায় এবং বিশ্বের কাফিরদেরকে মুসলিম বিশ্বের সম্পদ লুট করে নিয়ে যেতে নিষেধ করে দেয় তাহলে পশ্চিমারা দু-দিনও নিজের জীবনের গাড়ি চালাতে পারবে না। তাদের সকল আলো নিভে যাবে। তাদের সর্বপ্রকার আলোর ঝিলিক শেষ হয়ে যাবে এবং নামসর্বস্ব উন্নতির ফুল ঝরে যাবে। আফগানরা নিজেদের জীবন দিয়ে এবং ঘরবাড়ি হারিয়ে কমিউনিজমের ধেয়ে আসা তুফানের সামনে সেকান্দরী প্রাচীর হয়ে দাঁড়িয়েছেন। যে ঝড়ের মোকাবিলা সব ধরনের আধুনিক প্রযুক্তির অধিকারী হওয়া সত্ত্বেও গোটা পশ্চিমারা মিলেও করতে পারেনি। মুজাহিদরা অসহায় অবস্থায় ও খালি হাতে তাদের সামনে শুধু প্রতিবন্ধকতার বাধই দেননি; বরং তাদের গতিই পাল্টে দিয়েছেন। পশ্চিমাদের যদি লজ্জা-শরম, চরিত্র ও বদান্যতা এবং উন্নত মানবিক গুণাবলির সামান্যতম লেশ মাত্রও থাকত তাহলে তারা সারা জীবন আফগানীদের নিকট চির কৃতজ্ঞ থাকত। তাদের নিজেদের অনুগ্রহকারী ও মুক্তিদাতা মনে করত। কিন্তু সভ্যতা ও ভদ্রতার দাবিদার এই জাতি সকল চারিত্রিক বৈশিষ্ট্যকে পদদলিত করে রাশিয়ার পরাজয়ের পরেই দৃষ্টি ফিরিয়ে নিয়েছে। যতক্ষণ শ্বেত ভল্লুকের মধ্যে প্রাণ ছিল এবং ওদেরকে তাদের ধারালো থাবা ও ভয়ানক চোয়ালের ভয় ছিল, ততদিন ওরা আফগানদের পৃষ্ঠপোষকতা করত, সাহস দিত এবং যখন মুজাহিদরা সেই শ্বেত ভল্লুকের চোয়াল ছিড়ে ও হাত-পা ভেঙে তাকে কর্মফল পর্যন্ত পৌছিয়ে দিয়েছেন, তখনই লজ্জা-শরমহীন, দৃষ্টিকটু শ্বেতাঙ্গ চামড়ার নীল চোখবিশিষ্ট নির্দয়, হীন মানসিকতা ও আত্মসম্মান ও আত্মসম্ভ্রমবঞ্চিত পশ্চিমা গোষ্ঠী একদম আজনবি ও অপরিচিত হয়ে গেছে। উচিত তো ছিল, যেই আফগানিস্তান রাশিয়ান রক্তপিপাসু হায়েনাদেরকে উপসাগর পর্যন্ত পৌছতে বাধা প্রদান করে পশ্চিমা গোষ্ঠীকে ওদের মুখাপেক্ষী ও অক্ষম হওয়া থেকে বাঁচিয়েছে, এই জাতি তার প্রতিদানস্বরূপ আফগানিস্তানে ভবন নির্মাণ করবে, মুহাজিরদের দেখাশোনা এবং শহিদদের বিধবা স্ত্রীদের ও ইয়াতিম বাচ্চাদের পুনর্বাসনের চিন্তাকরবে। কিন্তু এই দুর্ভাগারা শুধু বিধ্বস্ত আফগানিস্তানের সহযোগিতা থেকেই বিরত থাকেনি; বরং উল্টো আগ্রাসনবাদী রুশদের সাথে বন্ধুত্বের হাত বাড়িয়েছে এবং তাদেরকে সহযোগিতা দেওয়া শুরু করেছে। অনুমান করুন, হীনতা ও ইতরামির এর চেয়ে বড় কোনো উপমা কী হতে পারে? যদি এই ইতররা এর মধ্যেই ক্ষ্যান্ত থাকত তা হলেও গনিমত ছিল। এই নির্লজ্জতা ও চরিত্রহীনতা

তাদের থেকে অসম্ভব ছিল না। কিন্তু তারা এটাও সহ্য করেনি যে, আফগানিস্তানকে তার নিজের অবস্থার ওপর ছেড়ে দেবে। তাহলে যদি তারা তাদের সম্পদ ও খনিজ সম্পদের শক্তিতে কিংবা মুসলিম দেশসমূহের সহযোগিতায় দ্বিতীয়বার নিজের পায়ে দাঁড়িয়ে যায়! তাই তারা তার উন্নতির পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করা শুরু করল। তাদের বিরুদ্ধে আন্তর্জাতিক মিডিয়ার মাধ্যমে প্রোপাগান্ডা করতে লাগল। এখানে কোনো স্বাধীন সরকার প্রতিষ্ঠাকে অসম্ভব করার জন্য বিভিন্ন রকম ষড়যন্ত্র করতে লাগল। চেষ্টা করা হয়েছে, জিহাদের অন্তর্ভুক্ত দলগুলো থেকে ক্ষুদ্র কোনো দলকে এবং দুর্বল নেতাদেরকে ক্ষমতা দিতে; যেন এরা সর্বদা তাদের ইচ্ছার অনুগামী থাকতে বাধ্য হয়।

তালেবানদের আত্মপ্রকাশ এবং বিশ্ব কুফরি শক্তির ষড়যন্ত্রসমূহ

যখন কুফরি ষড়যন্ত্রের কারণে আফগানিস্তানে পুরোপুরিভাবে ইসলামি শাসন প্রতিষ্ঠা হলো না। অরাজকতা ছড়িয়ে পড়ল। যে যেখানে পারল সে সেখানে তার রাজত্ব প্রতিষ্ঠা করল। জুলুম-নির্যাতন ব্যাপক হয়ে গেল। টেক্স ও চাঁদাবাজি বেড়ে গেল। কারও জীবন ও সম্পদের নিরাপত্তা ছিল না। উচ্চ মূল্য এবং লুটতরাজের কারণে জনজীবন অতিষ্ঠ হয়ে গেল। বিশ্ব কুফরি শক্তির উদ্দেশ্য পূর্ণ হওয়া দৃষ্টি গোচর হতে লাগল। তখন আল্লাহ তা'আলা শহিদদের রক্তের লাজ রক্ষা করে তালেবানদের রূপে আফগান জিহাদের প্রকৃত উত্তরসূরিদের মুক্তিদাতারূপে আত্মপ্রকাশের তাওফিক দিয়েছেন। তাদের মহান প্রচেষ্টা ও নজিরবিহীন ত্যাগের দ্বারা আফগানিস্তানে শান্তি ও ইসলামি আইন প্রতিষ্ঠার স্বপ্ন পেখম মেলতে লাগল। তখন এই ব্যক্তিত্বহীন ও বিশৃংখল জাতি হাত ধুয়ে তাদের পেছনে লেগেছে। ওদের তালেবান আন্দোলনের দ্বারা ইসলামের পুনর্জন্মের আশঙ্কা হতে লাগল। কখনো তাদেরকে চরমপন্থী বলা হয়। কখনো তাদের বিরোধীদের সরাসরি আর্থিক ও সামরিক সাহায্য করা হয়। কখনো জাতিসংঘের কর্মকর্তাদের আকৃতিতে ষড়যন্ত্রকারী দল পাঠানো হয়। কখনো সেবা সংস্থার আড়ালে নাস্তিকতা ও অশ্লীলতা ছড়ানোর কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়। কখনো আফগানিস্তান থেকে পালিয়ে গিয়ে ইউরোপে বসবাসকারী স্বাধীনচেতা ও বিপথগামী নাস্তিক নারীদের দিয়ে নারী অধিকার লঙ্ঘনের বিরুদ্ধে বিক্ষোভ করানো হয়।

মোট কথা, শয়তানের নাড়ি-ভুঁড়ির ন্যায় একের পর এক ষড়যন্ত্রের জাল যা চতুর্দিক থেকে ইসলামি শাসনব্যবস্থার বিরুদ্ধে বিছিয়ে রাখা হয়েছে। এসব

কিছু করার সময় এই চরিত্রহীন জাতির না আফগানীদের করুণার কথা স্মরণ হয়েছে, না সেদিনের কথা স্বরণ হয়েছে যখন রাশিয়ানদের ভয়ে ওদের নিদ্রা উড়ে গিয়েছিল, না সেই মানবাধিকার ও আন্তর্জাতিক পর্যবেক্ষণ যা তারা দিন-রাত প্রচার করে। আফগান মুজাহিদদের হাতে রাশিয়ার পতনের পর এই শক্তিসমূহ "আমি ছাড়া আর কে?"-এর ফিরআউনী অহংকার ও মানসিক দৈন্যতায় লিপ্ত হয়ে এবং নিজেদের মতো গোটা পৃথিবীর মুসলমানদেরকে নির্বোধ এবং দুর্বল মনে করে ভাবনাহীনভাবে উভয় হাতে উপসাগরে মওজুদ মুসলিম বিশ্বের সম্পদ লুটে নিচ্ছে। মুসলমানদের পবিত্র স্থানসমূহ দখলের জন্য উদগ্রীব হয়ে আছে এবং সে সময়ের অপেক্ষায় রয়েছে যা সর্বশেষ এবং সিদ্ধান্তমূলক যুদ্ধের জন্য উপযুক্ত এবং অনুকূলে হবে।

সুতরাং যা ইচ্ছে করো!

প্রিয় পাঠক! এই বিবরণ আমি এজন্য লেখিনাই, যে ***যরবে মুমিনের*** কলাম পূর্ণ হবে। আপনাদেরকে এজন্য শোনাইনি যে, আপনাদের বিশ্বপরিস্থিতি সম্পর্কে অধিক জ্ঞান অর্জন হবে। না এই কান্না আমি এজন্য কেঁদেছি যে, আপনারা আপনাদেরকে কুফরের ষড়যন্ত্রের সামনে অসহায় ও নিরুপায় অনুভব করবেন কিংবা হীনমন্যতার শিকার হবেন। বরং আমি এই বিবরণ দ্বারা ইস্রাফিল আ.-এর শিঙ্গার কাজ নিতে চাই। যা মৃত্যুদেরকে জীবন দান করবে। ঘুমন্তদেরকে জাগ্রত করবে। অলসদেরকে নাড়া দেবে। ভুলে যাওয়াদেরকে জিহাদের পথ দেখিয়ে দেবে। আমি এর মাধ্যমে মুসলমানদের অন্তরসমূহে লুকিয়ে থাকা ঈমানের সেই অগ্নিস্ফূলিঙ্গকে লেলিহান শিখায় পরিণত করতে চাই যা বহুদিন ধরে অলসতার ছাইয়ের নিচে চাপা পড়ে নিভু-নিভুপ্রায় হয়ে আছে। এই স্ফূলিঙ্গ প্রজ্জ্বলনকারীরাও নিস্তেজ হয়ে গেছে। জিহাদের বয়ানকারীদের কণ্ঠ শুকিয়ে গেছে। কিন্তু কোনভাবেই অনুভূতিহীনতার এই ছাই বিদূরিত হচ্ছে না। এই স্ফূলিঙ্গ অগ্নিশিখায় রূপ নিচ্ছে না। আমি চাই এই গ্রন্থের অক্ষরগুলো অক্ষর না হয়ে স্ফূলিঙ্গ হোক। বাক্যগুলো বাক্য না হয়ে আগুন হোক। যে আগুন প্রজ্জ্বলিত হয়ে গোটা কুফরি বিশ্বকে তার বেষ্ঠনীতে নিয়ে নিবে। সকল কাফের ও কুফরকে জ্বালিয়ে পুড়িয়ে ভস্ম করে দেবে। ঝলসিয়ে পুরোপুরি ধ্বংস করে দেবে। সুতরাং আছে কি কেউ যে পবিত্র হারামাইনের এই করুণ আর্তনাদে সাড়া দেবে এবং আল্লাহর ঘরের সংরক্ষণের জন্য নিজের জীবনবাজি রাখবে? প্রিয় রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পবিত্র রওজার সংরক্ষণের জন্য জীবন ও

সম্পদ উৎসর্গ করবে? আছে কি কেউ যিনি মুসলমানদের উন্নতি ও সফলতার জন্য নিজেদের বানানো পদ্ধতির পরিবর্তে রাসুলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নির্দেশিত পন্থায় জিহাদের ওপর আমল করবে? আছে কি কেউ যিনি কনফারেন্স ও সভা-সেমিনারের পরিবর্তে বাস্তব জিহাদের প্রশিক্ষণ-প্রোগ্রামের ব্যবস্থা করবে? আছে কি কেউ যিনি নিজের বিলাসিতার খরচসমূহ পরিহার করে মুজাহিদদেরকে হৃদয় উজার করে দান করবে? আছে কি কেউ যিনি অনর্থক কাজ ও পাপাচার পরিহার করে আল্লাহভীতি ও পবিত্রতার জীবন অবলম্বন করবে? দুনিয়ার আনন্দ উল্লাস থেকে মুখ ফিরিয়ে জিহাদের ময়দানের দিকে রওয়ানা হবে? এই লেখার প্রথম ও শেষ উদ্দেশ্য এটাই—মুসলমান জিহাদের ভুলে যাওয়া শিক্ষা পুনরায় স্মরণ করবে। কিতাল ফি সাবিলিল্লাহর- পরিহার করা পথকে পুনরায় আঁকড়ে ধরবে। যখন থেকে এরা ঘোড়ার পিঠ হতে অবতরণ করেছে তখন থেকেই লাঞ্ছিত ও অপদস্ত হয়েছে। যখন থেকে তরবারির সাথে সম্পর্ক ছিন্ন করেছে তখন থেকেই অক্ষম ও অসহায় হয়ে গেছে। এই লেখার বার্তা এটাই—মুসলমান অস্ত্রকে ভালোবাসতে শিখবে। জিহাদের সাথে সম্পর্ক সৃষ্টি করবে। তার বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করবে। শাহাদাতের প্রেরণা এবং জান্নাতের আগ্রহ অন্তরে সৃষ্টি করবে। শরীর দিয়ে না হয় তো কলম দিয়ে। কলম দিয়ে সামর্থ্য না হলে যবান দিয়ে। যবান যদি না চলে তাহলে মাল দিয়ে। জিহাদের প্রচার প্রসার ও মুজাহিদদের সেবায় নিজের সামর্থ্যানুযায়ী খরচ করবে। যেন আল্লাহর দীন পুনরায় শক্তিশালী ও বিজয়ী হয়ে যায়। পবিত্র হারামাইনের দিকে অশুভ দৃষ্টি নিবদ্ধকারী কাফিরগোষ্ঠী পুরোপুরি ধ্বংস হয়ে যায় এবং মুসলমান পুনরায় সগৌরবে মাথা উঁচু করে দাড়ায় এবং পনঃরায় সম্মানিত হয়ে যায়। আল্লাহ তা'আলা আমাদেরকে জিহাদ-কিতালের মতো মহান আমলের তাওফিক দান করুন (আমিন)। আমাদের জীবন ও সম্পদকে এই পথে কবুল করুন (আমিন)। দুনিয়াতে কুফরের ওপর বিজয় এবং আখেরাতে তার দিদার নসিব করুন। আমিন, ইয়া রাব্বাশ শুহাদাই ওয়াল মুজাহিদিন।

মুসলমানদের সম্পদ দখলের ভয়ঙ্কর ইহুদি পরিকল্পনা

রাশিয়া মুসলমানদের সম্পদ দখল করার জন্য যে দীর্ঘ ও অক্লান্ত ব্যর্থ চেষ্টা করেছে তাদের শিক্ষণীয় কাহিনী তো শুনলেন। এখন ইহুদিদের কাজের উপকরণ পশ্চিমা শক্তিসমূহের আলোচনা করা হচ্ছে। এই ষড়যন্ত্রসমূহের বর্ণনা এবং ঐতিহাসিক পটভূমি সম্পর্কে অবহিত হওয়া এদিক থেকে অধিক

জরুরি, যে রুশীয় সর্প তো ব্যর্থ এবং অকৃতকার্য হয়ে নিজের গর্তে ঢুকে গেছে। কিন্তু ইয়াহুদিবাদী শক্তির উপকরণ এই পশ্চিমা সর্প একের পর এক আক্রমণ করে আরব উপদ্বীপের পবিত্র ভূমির অভ্যন্তরে পর্যন্ত অনুপ্রবেশ করে ফেলেছে। ওরা এর আশেপাশে তাদের বেষ্ঠনীর পরিধি সংকীর্ণ করে দিয়েছে এবং তাদের ছোবল বর্তমানে আশঙ্কাজনকভাবে মুসলমানদের পবিত্র স্থানসমূহের ওপর ফনা বিস্তার করে আছে। এই ভূমিতে পেট্রোল আবিষ্কারের পর থেকেই এই শক্তিসমূহ এর ওপর পাহাড়া বসানো এবং দখলদারিত্ব প্রতিষ্ঠার জন্য এক দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিয়ে কাজ করছে। তার উল্লেখিত স্তরসমূহ নিম্নরূপ :

উপসাগরের সম্পদের ওপর দখল প্রতিষ্ঠার স্তরসমূহ

১। আরবের ভূমিকে উসমানী খেলাফতের সুদৃঢ় ছায়া থেকে বঞ্চিত করিয়েছে। পৃথিবী জানে যে, হেজাজের ভূমিকে উসমানি সাম্রাজ্য থেকে বিচ্ছিন্ন করার পেছনে সরাসরি দুটি ক্রুসেডার শক্তি কাজ করেছে। বৃটেন আর ফ্রান্স।

২। এই পবিত্র ভূমিকে যা উসমানি খলিফাদের সময় এক অঞ্চল মনে করা হতো এবং এক গভর্নরের অধীনে ছিল। বিশ্ব মুসলিমের সেই একক শক্তিকে ক্ষুদ্র ক্ষুদ্র বিভিন্ন দেশে বিভক্ত করে দেওয়া হয়েছে। যেন ওরা সামরিক দিক থেকে সর্বদা তাদের মুখাপেক্ষী থাকে। যে দেশ যতো সম্পদশালী তাকে ততো ছোট রাখা হয়েছে, এমন কি কিছু অধিক সম্পদশালী উপসাগরীয় দেশ পাকিস্তানের একটি জেলার সমান।

৩। ওই দেশসমূহের ভবিষ্যত বংশধর-শাসকও তারাই তাদের ইচ্ছানুযায়ী নির্ধারণ করে থাকে, যেন এখানে তেলের খনি, কূপ এবং তেল পরিশোধনকারীদের ওপর তাদের পূর্ণ দখল থাকে। এমন কোন শাসক যেন না আসতে পারে, যে তাদের লোভনীয় উদ্দেশ্যের পথে প্রতিবন্ধক হতে পারে। অনেক আরব রাজপুত্র যিনি বিগত দিনের গভর্নর এবং আজকের শাসক। পশ্চিমা দেশসমূহের বিভিন্ন ইউনিভার্সিটি থেকে লালিত-পালিত এবং পশ্চিমা পরিবেশ প্রিয়। তাদেরকে বিশেষ উদ্দেশ্যে আমেরিকা নিয়ে মানসিক দীক্ষা ও ব্রেইনওয়াশ করা হয়ে থাকে।

৪। তাদের প্রসারিত পছন্দের চিন্তা এ পর্যন্ত বেড়েছে, যে তাদের জন্য তেল কোম্পানি ও তার আশপাশে বসবাসের কলোনীর ওপর যথেষ্ট মনে করতে পারেনি। জনগণের উপস্থিতি, তাদের জবর দখলের চাহিদা পূরণের

নিমিত্তে পুরোপুরি সন্তুষ্ট করতে পারছিল না। এজন্য তারা বিভিন্ন তালবাহানা করে তাদের সৈন্য বাহিনী এখানে পৌছিয়েছে। কখনো সামরিক সহযোগিতার আড়ালে। কখনো সামরিক মহড়ার বাহানায়। কিন্তু একটু একটু করে তাদের অনুভব হতে লাগল- যেকোন সময় মুসলিম বিশ্বে আমাদের বিরুদ্ধে জাগরণের জোয়ার উঠতে পারে। এজন্য খুব দ্রুত সামরিক দিক থেকে এই ভূখণ্ডকে সুদৃঢ় কব্জায় নেওয়া জরুরি। এই বাহানার সুযোগে সাদ্দামকে তাদের কাজে এসেছে। সে কুয়েত ও সৌদি আরবের ওপর হামলার অজুহাতে ইহুদি সৈন্যদেরকে এখানে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ দিয়েছে। ফলাফল হলো, অতীতে যে অস্ত্র ব্যবহার করে বাদশাহ ফয়সাল শহিদ রাহিমাহুল্লাহ আমেরিকা ও পশ্চিমা দেশসমূহকে দিনের বেলাও অন্ধকার দেখিয়েছিলেন। আজ তা পরিপূর্ণভাবে আমেরিকা ও তার মিত্রদের দখলে। তেল উৎপাদন ও শোধনের দানব সদৃশ মার্কিন কোম্পানির গোটা অংক (শেয়ার) ইহুদিদের মালিকানায়। এ সকল কোম্পানি যেখানে মুসলমানদের লুণ্ঠন করছে সেখানেই মার্কিন সংস্কৃতি, ইহুদি নষ্টামী ও উলঙ্গপনা এবং বেলেল্লাপনাও ছড়িয়ে যাচ্ছে। কিন্তু এ সবকিছু ইহুদি-খ্রিষ্টান শক্তি একদিনে অর্জন করে ফেলেনি। চরম ইহুদি মানসিকতা এর জন্য দীর্ঘ পরিকল্পনা প্রণয়ন করেছে। ১৯৭৩ সালে মার্কিন পররাষ্ট্র প্রতিমন্ত্রী জোসেফ সিসকো আরবের পেট্রোল দ্বারা উপকৃত হওয়ার জন্য তার প্রতিবেদনে যে তিনটি মূলপয়েন্ট উল্লেখ করেছেন। ১৯৯৫ সালে মার্কিন প্রতিরক্ষা মন্ত্রণালয় সেই তিন পয়েন্টের ওপর কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা দিয়েছেন। উক্ত প্রতিবেদনে উল্লেখিত বাক্যগুলো দেখুন:- আমাদের জন্য এবং আমাদের ইউরোপীয় বন্ধু ও মিত্রদের অতিরিক্ত প্রয়োজনগুলো পূর্ণ করার জন্য জরুরি হল, উপসাগরের তিনটি বস্তুকে আমাদের আয়ত্বে রাখা।

১. তেল উৎপাদন। ২. দৈনিক ব্যয়ের পরিমাণ ৩. এবং তার মূল্য।[৯৮]

উপসাগরীয় শাসক, অযোগ্য উত্তরসূরি

যে পশ্চিমা আক্রমণকে প্রতিহত করতে বাদশাহ ফয়সাল রাহিমাহুল্লাহ নিজের জীবন উৎসর্গ করে দিলেন, তার অযোগ্য উত্তরসূরিরা সেই তুফানকে নিজেরা দাওয়াত দিয়ে এনেছে এবং নিজেদের জীবন-সম্পদ, ইজ্জত-সম্মান

---

৯৮. কাযায়াল খালিজুল আরাবী, সিলসিলাতু দিরাসাতিল ইস্তেবাজিয়াতু বৈরুত, ১৯৮৬, পৃষ্ঠা-১৩-১৪

সবকিছু তাদের পদতলে সোপর্দ করে দিয়েছেন। বাদশাহ ফয়সাল শহিদ রাহিমাহুল্লাহ-কে কেবল এই অপরাধেই শহিদ করা হয়েছিল- তিনি অপবিত্র মার্কিনীদের কাজে ব্যবহার হতে অস্বীকৃতি জানিয়ে ইহুদি পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জারকে বলেছিলেন,"যদি আমরা বুঝতে পারি যে, আমরা তোমাদেরকে আমাদের এই তেলের ভাণ্ডার পর্যন্ত পৌছতে প্রতিহত করতে পারব না; তখন প্রয়োজনে আমরা আমাদের এই কূপগুলোতে আগুন লাগিয়ে দেব এবং নিজেদের পূর্বসূরিদের খেজুর আর দুধওয়ালা জীবনে ফিরে যাব।" শহিদ বাদশাহ লাঞ্ছনার জীবনের ওপর ইজ্জতের মৃত্যুকে প্রাধান্য দিয়ে এই অপবিত্র মার্কিনীদের সামনে নত হতে অস্বীকৃতি জানিয়ে দিয়েছেন। কিন্তু তার অযোগ্য উত্তরসূরিরা তার প্রতিষ্ঠিত আত্মসম্মান ও আত্মমর্যাদার ধারাবাহিকতা রক্ষাকারী হতে পারেনি। এরা ইহুদিবাদের ছায়াতলে আশ্রয় গ্রহণকেই নিজেদের এবং নিজেদের ক্ষমতার জন্য নিরাপদ মনে করেছেন। তাদের কাপুরুষতা ও হীনমন্যতার ফলাফল হলো, সেই সম্পদ যা আল্লাহ তা'আলা বিপুল পরিমাণে মুসলমানদের দান করেছেন। যা সঠিকভাবে ব্যবহার করলে গোটা মুসলিম বিশ্বের চেহারাই পাল্টে যেত। অনেক মুসলিম দেশের বাৎসরিক বাজেটই সৌদি আরবের মাত্র কয়েকদিনের তেল উৎপাদনের খরচের সমপরিমান। এমন সম্পদকে অপবিত্র ইহুদিরা 'মালে-মুফত দিলে বে-রহম" (বিনাশ্রমে অর্জিত মাল ও নির্দয় অন্তর) মনে করে একত্র করে করে নিজদের দেশে নিয়ে যাচ্ছে।

মুসলমানদের সরলতা ও কাফিরদের প্রতারণা

প্রতারণার শেষ সীমা হলো এই, সেই লুণ্ঠিত সম্পদ থেকে মুসলিম দেশগুলোকে অপমানজনক শর্তে সূদের ওপর ঋণ দেওয়া হয়। মুসলমানদের এই সরলতা ও নির্বুদ্ধিতার ওপর যদি আকাশ কান্না শুরু করে তাহলে তার অশ্রু শেষ হয়ে যাবে। এর চেয়ে অধিক দুঃখজনক আর কি হতে পারে যে, এক ভাই দরিদ্রতা ও অসহায়ত্বের কারণে বেদনার্ত অবস্থায় আছে। পাশেই তার সম্পদশালী ভাই তার চিৎকার ও আহাজারিতে কর্ণপাতও করবে না। এই দুই জনেরই চিরশত্রু এদের মধ্য থেকে একজনকে লুণ্ঠন করে দ্বিতীয় জন থেকে তার দীন ও ঈমান হরণ করে সেই লুণ্ঠিত সম্পদ থেকে তাকে ভিক্ষা দেয়। যেখানে কাফিররা মুসলমানদেরকে লুণ্ঠন করতে কুণ্ঠিত হয়নি সেখানে মুসলমানও নিজের ধ্বংস ও লাঞ্ছনার সরঞ্জাম নিজেরাই নিজের হাতে তুলে নিতে কারও থেকে পিছিয়ে নেই। আমেরিকা ও ইউরোপীয়ান

দেশসমূহের ব্যাংকগুলোতে মুসলমানদের আটশত (৮০০) বিলিয়ন ডলার জমা রয়েছে। অথচ আইএমএফ, ওয়ার্ল্ড ব্যাংক ও অন্যান্য আন্তর্জাতিক অর্থনৈতিক সংস্থা মুসলিম বিশ্বকে দেওয়া ঋণের মোট পরিমাণ ৬১৯ বিলিয়ন ডলার। সকল ঋণ আদায় করে দিলেও মুসলমানদের ১৮১ বিলিয়ন ডলার তাদের নিকট পড়ে আছে।

এই সেই সৌদি আরব, যে মুসলিম দেশসমূহের হজযাত্রী ও জিয়ারতকারীদের সাথে অত্যন্ত অপমানজক আচরণ করে থাকে। দুর্গন্ধময় ইহুদিদের সামনে ঝুঁকে পড়ে থাকে। আল্লাহর ঘর জিয়ারতের নিয়তে আগমনকারী সম্মানের যোগ্য মনে করা হয় না। তাদেরকে দীর্ঘ লম্বা লাইন দিয়ে নিজের সৎচরিত্রের প্রমাণ দিতে হয়। আর হিংসুক ইহুদি তাদের সামনে দিয়ে কোন বাধা-বিগ্ন ছাড়াই বুক ফুলিয়ে অতিক্রম করে চলে যায়। এই দুর্ভাগাদের দেখতেই সৌদি কর্মকর্তাদের চেহারার ভাজদূর হয়ে যায় এবং কুঞ্চিত হওয়া ঠোঁটের ওপর চাটুকারীতার মুচকি হাসি ছড়িয়ে পড়ে। ব্যাপারগুলো দেখতেই কলিজা বিদীর্ণ হয়ে যায়। কলিজা টুকুরো টুকরো হয়ে যায়। কিন্তু এই দুঃখজনক ও বেদনাদায়ক কাণ্ড-কারখানা এখনো চলছেই।

পৃথিবীর সবচেয়ে বড় জুলুম

জুলুমের শেষ হলো এই, পৃথিবীতে সকল বস্তুর দাম দিন অতিক্রম করার সাথে সাথে বাড়ে। শুধুমাত্র সৌদি আরবের পেট্রোল ব্যতীত। ১৯৭৫ সালে প্রতি ব্যারেল প্রেট্রোলের দাম ছিল ৪৫ ডলার। ১৯৯৮ সালে হয়েছে প্রতি ব্যারেল ১৫ ডলার। ধূর্ত ও প্রতারক ইহুদিরা এমন চাল চেলেছে যে, এর দাম বৃদ্ধির উল্টো আরও হ্রাস পাচ্ছে। ওরা তেল উৎপাদনকারী আরব দেশসমূহের একটি সংগঠন বানিয়ে প্রত্যেক দেশের একটি কোটা নির্ধারণ করে দিয়েছে। প্রত্যেক দেশ বাধ্য যে তারা এই নির্দিষ্ট পরিমাণের চেয়ে অধিক তেল উত্তোলন করতে পারবে না। যেন তেলের মজুদ বৃদ্ধি হয়ে তার দাম বৃদ্ধি হতে না পারে এবং ওরা অধিক মূল্য পরিশোধ করতে না হয়। কিন্তু কিছুদিন পরে যখন মুদ্রাস্ফীতির কারণে মূল্য বৃদ্ধি পাওয়া শুরু করে তখন ওরা কোন এক দেশকে দিয়ে অধিক পরিমাণে উত্তোলন করিয়ে মজুদের পরিমাণ বাড়িয়ে দেয়। চাহিদার চেয়ে মজুদ বেশি হওয়ার কারণে দাম আবার হ্রাস হয়ে যায়। এই কানামাছি খেলার দ্বারা ওরা আজ পর্যন্ত নিজেদের মন মতো মূল্য নির্ধারণ করে রেখেছে। উপসাগরের পেট্রোলের উত্তলোন ও মূল্যের ওপর নিয়ন্ত্রণ

প্রতিষ্ঠার জন্য তিনটি বৃহৎ বিশ্বশক্তির ঐকমত্যের বিস্তারিত বিবরণের জন্য দেখুন।[৯৯]

শুধুমাত্র সৌদি আরবেই দৈনিক দশ মিলিয়ন ব্যারেল তেল উত্তোলন হয়। যদি হিসাব করা হয় তাহলে মুসলমান দৈনিক কয়েক কোটি ডলার লোকসান করছে। এই ভয়াবহ ধোঁকাবাজির মাধ্যমে দুই হাতে মুসলিম উম্মাহর সম্পদ লুণ্ঠন করে সে সম্পদ আবার তাদের বিরুদ্ধেই ব্যবহার করা হচ্ছে। অতঃপর শুধু এতটুকুতেও শেষ নয়। ওদের ধূর্ত মানসিকতা ও দুষ্ট চরিত্র ওদেরকে এই অন্যায়ের ওপরই ক্ষ্যান্ত হতে দেয়নি বরং এই নামেমাত্র মূল্যও ওরা নগদ পরিশোধের পরিবর্তে ওদের নিরাপত্তা কার্যক্রমের প্রতিদান হিসাবে উসুল করে নেয়। কেননা এটা তো তাদের নিঃস্বার্থ সেবার জন্য নির্ধারিত পারিশ্রমিকেরই একটি অংক। তারপর অধিক পরিমাণে পেট্রোল বিনা পরিশ্রমে হাতিয়ে নেওয়ার পরে ওরা ওদের সৈন্যদের ভাতা নগদ আদায় করে নেয়।

হায় আফসোস!

